Remarks and suggestions of the Superintendent of Labor Transport, Calcutta.
From Offg. Magistrate of Sylhet, dated 2[illegible]th March 1873.
From Deputy Commissioner, Seebsaugor, dated 21st March 1873.
From Offg. Deputy Commissioner of Cachar, dated 24th March 1873.
From Offg. Deputy Commissioner of Cachar, dated 31st March 1873.
Superintendent of Labor Transport, Calcutta, dated 3rd April 1873.
From Under Secretary, Government of India, Department of Agriculture, Revenue and Commerce, dated 19th April 1873.
Notes by the Agent to the Governor General, North East Frontier, and Commissioner of Assam.
From Messrs. Schoene, Kilburn and Company, dated 9th June 1873, and enclosures.
Petition of certain contractors under Act II of 1870.
From Honorary Secretary, British Indian Association, dated 19th July 1873.

We have made numerous alterations in the draft of the Bill, restoring in many cases the language of Act II of 1870, for instance, in Sections 11, 11 (3), 38, 62, 73, 84, 91, 97, 99, 109, 111, 116, 117, 122, and 125. We have altered the definition of "emigrant" and of "magistrate," and in reference to the latter we have specified in Section 93 the sections under which a Subordinate Magistrate may be deputed to act.

We have omitted the provisions relating to evidence in Sections 28, 62, 63, 66, 106, and 138, and the references to the Penal Code in Sections 13, 103, 108, and 152. We have omitted Section 12, the Council of India having brought in a Bill to deal with the subject of it. We have also omitted the definition of "servant" from Section 3, Clauses 4, 15, and 16, from Section 5,

and the following sections or parts of sections:—Sections 26, 34 (last part), 42, 65, 67, 83 (last part), 97, 109 (last part), 112, 116 (last sentence), 122 (proviso), 124 (last sentence), and 140.*

We have not required that a garden-sirdar should pay a fee for having his certificate countersigned under Section 19, or that a recruiter should pay a fee to the medical officer for a certificate under Section 45. We have slightly altered the constitution of the Labor Transport Fund to meet the provisions of the Criminal Procedure Code, Section 308.

We have given power to a Magistrate to advance any sum which a garden-sirdar may be ordered to pay to an emigrant under Section 31, and to recover the amount from the employer with interest; and we have provided that interest shall be recoverable on sums advanced by a Magistrate under Sections 79, 80, 81, and 86.

We have reduced the amount of fine which may be imposed under Sections 66, 67, 72, 75, 77, and 94. We have given power to the Lieutenant-Governor to affix penalties to the breach of rules framed by him under Section 5, and we have provided that the penalties (if any) shall be published with the rules.

We have required (in Sections 22, 46) that the garden-sirdar or recruiter, as the case may be, shall produce his certificate or license when he appears with a recruit before a Magistrate for registration. We have struck out the provision that a recruiter shall wear a badge. We have given the same power of cancelling the license or certificate of a contractor, recruiter, or garden-sirdar under Sections 21, 36, and 41. We have substituted the word "rice" for "food" in Sections 5 (clause 13), 17, 23, 46, and 114.

We have slightly modified Sections 67, 119, 120, and 135.

We have annexed as Schedules to the Act forms of a garden-sirdar's certificate of a contract between emigrant and employer, and of a certificate of release on determination of contract. We have omitted Schedule D.

We have also made many verbal alterations.

G. C. PAUL.
V. H. SCHALCH.
H. L. DAMPIER.
C. E. BERNARD.
T. M. ROBINSON.
DEGUMBER MITTER.

The 25th August 1873.

As I am going to England for three or four months, I shall be unable to sign the final report of the Select Committee, but having attended nearly all meetings up to this date, I wish to record my general assent to the Bill with the alterations and amendments agreed to by the Select Committee so far as they have at present been considered, viz. to Section 99.

25th June 1873. B. D. COLVIN.

I agree to the report, but think that the objections raised to the Sections 105, 108 109, and 111 in Act II of 1870 (being part of the Bill, Sections 125, 126, 127, and 128,) still hold good.

T. M. ROBINSON.

* In this paragraph the numbers of the sections refer to the Bill as preliminarily amended by the Select Committee. Elsewhere the numbers refer to the sections of the Bill as re-amended.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আসাম ও কাছাড় ও ছিলট জিলায় মজুরদের গমনবিষয়ক আইন সংশোধন করণার্থ ও চুক্তিক্রমে মজুরী ও চাকরী করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি মনোনীত যে কমিটীর প্রতি অর্পণ করা যায় তাঁহাদের নিম্নলিখিত রিপোর্ট ও সংশোধিত পাণ্ডুলিপি সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

আসাম ও কাছাড় ও ছিলট জিলায় মজুরদের গমনবিষয়ক আইন সংশোধন করণার্থ ও চুক্তিক্রমে মজুরী ও চাকরী করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি বিবেচনা করিবার নিমিত্ত মনোনীত কমিটী আমাদের প্রতি অর্পিত হইলে আমরা নিম্নলিখিত রিপোর্ট করিলাম।

পার্শ্বলিখিত পত্রাদি প্রাপ্ত হইয়া বিবেচনা করিলাম।

বাঙ্গাল চেম্বর অফ কামরসের সেক্রেটরী সাহেবের ১৮৭৩ সালের ৭ মার্চের পত্র।

ভূম্যধিকারি সভার একটিং সেক্রেটরীর ১৮৭৩ সালের ৬ মার্চের পত্র।

লিমিটেড ইণ্ডিয়া জেনরল ষ্টীম নাবিগেশন কোম্পানির সেক্রেটরী সাহেবের ১৮৭৩ সালের ১৭ মার্চের পত্র।

আসামের নওগাঁয়ের ডেপুটী কমিশানর সাহেবের ১৮৭৩ সালের ১১ মার্চের পত্র।

দেবরুগড়ের প্লাণ্টর্স্ আসোসিয়েশনের সেক্রেটরী সাহেবের ১৮৭৩ সালের ১১ মার্চের পত্র।

কলিকাতায় মজুরদের চালান কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ১৮৭৩ সালের ১৭ মার্চের পত্র।

গোয়ালন্দে মজুরদের চালান কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ১৮৭৩ সালের মার্চ মাসের ১৬ তারিখের পত্র।

কলিকাতার মজুরদের চালান কার্য্যের ডাক্তর সাহেবের ১৮৭৩ সালের মার্চ মাসের ১৭ তারিখের পত্র।

কলিকাতার মজুরদের গমনবিষয়ক সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের মন্তব্য কথা ও পরামর্শপত্র।

ছিলটের একটিং মাজিষ্ট্রেট সাহেবের ১৮৭৩ সালের ২০ মার্চের পত্র।

শিবসাগরের ডেপুটী কমিশানর সাহেবের ১৮৭৩ সালের মার্চ মাসের ২১ তারিখের পত্র।

কাছাড়ের একটিং ডেপুটী কমিশানর সাহেবের ১৮৭৩ সালের মার্চ মাসের ২৪ তারিখের পত্র।

কাছাড়ের একটিং ডেপুটী কমিশানর সাহেবের ১৮৭৩ সালের মার্চ মাসের ৩১ তারিখের পত্র।

কলিকাতায় মজুরদের চালান কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ১৮৭৩ সালের ৩ আপ্রিলের পত্র।

কৃষিকার্য্য ও রাজস্ব ও বাণিজ্যসম্পর্কীয় কর্ম্মবিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী সাহেবের ১৮৭৩ সালের ১৯ আপ্রিলের পত্র।

উত্তরপূর্ব্বাঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল সাহেবের পক্ষে এজেণ্ট সাহেবের ও আসামের কমিশানর সাহেবের মন্তব্য কথা।

শূষ কিলবর্ণ কোম্পানির ১৮৭৩ সালের ৯ জুনের পত্র ও তৎসহিত পত্রাদি।

১৮৭০ সালের ২ আইনমত কএক জন কন্‌ট্রাক্টরের দরখাস্ত।

ভারতবর্ষীয় সভার অবৈতনিক সেক্রেটরীর ১৮৭৩ সালের ১৯ জুলাইর পত্র।

অনেক স্থানে আইনের পাণ্ডুলিপি পরিবর্ত্তন করিলাম। ১১, ১৪, ৩১, ৩৮, ৬২, ৭৩, ৮৪, ৯৪, ৯৭, ৯৯, ১০৯, ১১১, ১১৬, ১১৭, ১২২ ও ১২৫ প্রভৃতি ধারায় ১৮৭০ সালের ২ আইনের কথা পুনশ্চ প্রয়োগ করিলাম। "নিবেশগাদি" ও "মাজিষ্ট্রেট" এই দুই শব্দের যে অর্থ করা গিয়াছিল তাহা মতান্তর করিলাম। সবডিবিজনল মাজিষ্ট্রেট যেং ধারামতে কর্ম্মবিশেষে নিযুক্ত হইতে পারেন তাহা ৯১ ধারায় নির্দ্দেশ করিলাম।

২৮, ৬২, ৬৩, ৭৬, ১০৬ ও ১১১ ধারায় প্রমাণ বিষয়ক যে বিধান আছে এবং ১১, ১০৭, ১০৮ ও ১৩২ ধারায় দণ্ডবিধির আইন বিষয়ক যেং কথা আছে তাহা ত্যাগ করিলাম। ১২ ধারায় যে বিষয়ের উল্লেখ ছিল সেই বিষয়ে ভারতবর্ষের মন্ত্রিসভার আইন করিবার উদ্যোগ হইতেছে বলিয়া তাহাও ত্যাগ করিলাম। ৩ ধারায় "চাকর" শব্দের যে অর্থ করা গিয়াছিল তাহাও ত্যাগ করিলাম। ৫ ধারার ৪, ১৫, ১৬ প্রকরণ এবং এইং ধারা, কি ধারার অংশও ত্যাগ করিলাম। ২৬ ধারা, ৩৪ ধারার শেষ ভাগ, ৫২, ৬৫, ৬৭ ধারা, ৮৩ ধারার শেষ ভাগ, ৯৭ ধারা, ১০৯ ধারার শেষভাগ, ১১২ ধারা, ১০৬ ধারার শেষ পদ, ১২২ ধারার উপবিধি, ১২৪ ধারার শেষ পদ ও ১৪০ ধারা।*

১৯ ধারামতে বাগানের সর্দারের সার্টিফিকেট আড়্কাটী করাইতে হইলে তাহার স্থানে ফী লইবার বিধি করি নাই। আর ৪৫ ধারামতে ডাক্তর সাহেবের সার্টিফিকেটের নিমিত্ত মজুর সংগ্রাহকের ফী দিবার বিধি করি নাই। লেবর ট্রান্সপর্ট ফণ্ড স্থাপনের নিয়ম ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ৩০৮ ধারার সঙ্গে মিলাইবার জন্যে তাহার কিঞ্চিৎ পরিবর্ত্তন করিলাম।

* এই স্থলে প্রথমে পাণ্ডুলিপি সংশোধন করিবার সময়ে মনোনীত কমিটী যেং ধারার উল্লেখ করিলেন তাহার নম্বর লেখা হইয়াছে; এই রিপোর্টের অন্যান্য স্থানে তাঁহাদের দ্বিতীয়বার সংশোধিত পাণ্ডুলিপির ধারার নম্বরের উল্লেখ হইল।

[*Government Gazette*, 21st October 1873.]

৩১ ধারামতে বাগানের সরদারের প্রতি বিদেশগামিকে টাকা দিতে আজ্ঞা হইলে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি তাহা আগাম দিবার অনুমতি দিলাম, পরে তিনি কর্ত্তার স্থানে সুদ সহিত ঐ টাকা ফিরিয়া পাইবেন। আরো মাজিষ্ট্রেট সাহেব ৭৯, ৮০, ৮১ ও ৮৬ ধারামতে যে টাকা আগাম দেন সুদ সহিত তাঁহার সেই টাকা ফিরিয়া পাইবার বিধান করিলাম।

৬৬, ৬৭, ৭২, ৭৫, ৭৭ ও ৯৪ ধারামতে যে জরীমানা হইতে পারে তাহা কমাইয়া দিলাম। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ৫ ধারামতে যে সকল বিধি করেন, তাহা লঙ্ঘনের দণ্ড নিরূপণ করিবার ক্ষমতা তাঁহার প্রতি অর্পণ করিলাম ও দণ্ড নিরূপণ হইলে বিধির সঙ্গে তাহা প্রকাশ করিবার বিধান করিলাম।

বাগানের সরদার কিম্বা বিষয়বিশেষে মজুরসংগ্রাহক নূতন মজুরকে রেজিষ্টরী করিবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবের নিকট আনিলে ২২ ও ৪৬ ধারায় তাহার সর্টিফিকট কি লাইসেন্স দেখাইবার বিধান করিলাম। মজুরসংগ্রাহকের চাপরাশ পরিবার বিধি ত্যাগ করিলাম। ২১ ও ৩৬ ও ৪১ ধারামতে কনট্রাকটরের কি মজুরসংগ্রাহকের কি বাগানের সরদারের লাইসেন্স কি সর্টিফিকট বাতিল করিবার একি প্রকারের ক্ষমতা দিলাম। ৫ ধারার ১৩ প্রকরণে ও ১৭, ২৩, ৪৬ ও ১১৪ ধারার "আহারীয় দ্রব্য" এই শব্দ তুলিয়া " চাউল" শব্দ দিলাম।

৬৭, ১১৯, ১২০ ও ১৩৫ ধারা যৎকিঞ্চিৎ মতান্তর করিয়া দিলাম।

বিদেশগামির ও কর্ত্তার মধ্যে যে চুক্তি করা যায় বাগানের সরদারের সেই চুক্তির সর্টিফিকট, এবং চুক্তির মিয়াদ ফুরাইলে মুক্তি পত্রের সর্টিফিকট যে পাঠে লিখিতে হইবে আইনের তফসীলে তাহা নির্দ্দিষ্ট করিলাম। D চিহ্নিত তফসীল ত্যাগ করিলাম।

স্থানেং অনেক শব্দও পরিবর্ত্তন করিলাম।

জি, সি, পাল।
বি, এচ, শক।
এচ, এল, ডাম্পিয়র।
সি, ই, বর্ণার্ড।
টি, এম, রাবিন্সন।
দিগম্বর মিত্র।

১৮৭৩ সাল ২৫ আগষ্ট।

আমি ইঙ্গলণ্ডে গিয়া তিন চারিমাস থাকিব ও মনোনীত কমিটীর শেষ রিপোর্টে স্বাক্ষর করিতে পারিব না। কিন্তু অদ্যাপর্য্যন্ত কমিটী যত বার অধিবেশন করিলেন আমিও প্রায় ততবার উপস্থিত ছিলাম। ইহার মধ্যে মনোনীত কমিটী ৯৯ ধারাপর্য্যন্ত বিবেচনা করিয়া যাহা পরিবর্ত্তন ও সংশোধন করিলেন আমিও প্রায় তাহাতে সম্মত হইলাম, এই কথা লিখিয়া যাইতে চাহি।

১৮৭৩ সাল ২৫ জুন।

বি, ডি, কালবিন।

আমি এই রিপোর্টে সম্মত হইলাম। কিন্তু ১৮৭০ সালের ২ আইনের ১০২, ১০৮, ১০৯ ও ১১১ ধারার (অর্থাৎ এই পাণ্ডুলিপির ১২৫, ১২৬, ১২৭, ১২৮ ধারার) বিষয়ে যে আপত্তি করা গিয়াছিল আমার বিবেচনায় তাহা অদ্যাপি প্রবল আছে।

টি, এম, রাবিন্সন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২১ অকুটোবর।]

RE-AMENDED BILL.

A Bill to amend the law relating to the emigration of laborers to the districts of Assam, Cachar, and Sylhet, and to regulate contract labor and service.

Preamble.

WHEREAS it is expedient to amend the law regulating the emigration of native inhabitants of India from or through the provinces subject to the Government of Bengal to the districts of Assam, Cachar, and Sylhet, and the manner of engaging and contracting with native inhabitants of the said provinces to proceed to the said districts, and providing for the protection of the persons so proceeding, and for the enforcement of the contracts of service entered into by them; It is hereby enacted as follows :—

PART I.—PRELIMINARY.

Chapter 1.—Application and Miscellaneous.

Short title.

1. This Act may be called "The Labor Districts Emigration Act."

Repeal of Act II of 1870.

2. Bengal Act II of 1870 (*to consolidate and amend the law relating to the transport of laborers to the districts of Assam, Cachar, and Sylhet, and their employment therein*) is hereby repealed. All contracts entered into, appointments made, and licenses granted, under the said Act, or any of the Acts thereby repealed, shall be deemed to have been respectively entered into, made, and granted under this Act..

Interpretation clause.

3. In this Act, unless there be something repugnant in the subject or context—

India.

"India" means the territories for the time being vested in Her Majesty by the Statute 21 and 22 Vic., cap. 106, entitled "*An Act for the better government of India,*" other than the settlemenet of Prince of Wales' Island, Singapore, and Malacca.

Labor Districts.

"The Labor Districts" means the districts of Assam, Cachar, and Sylhet, and "a labor district" means one of those districts.

Magistrate.

"Magistrate" includes a magistrate of a district or of a division of a district, and any magistrate of the first and second class, and any magistrate of police for the town of Calcutta.

[*Government Gazette*, 21*st October* 1873.]

পূনঃসংশোধিত পাণ্ডুলিপি।

আসাম ও কাছাড় ও ছিলট জিলায় মজুরদের গমন-বিষয়ক আইন সংশোধন করণার্থ ও চুক্তিক্রমে মজুরী ও চাকরী করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

বঙ্গদেশের গবর্ণমেন্টের শাসনাধীন দেশহইতে বা সেই দেশ দিয়া আসাম ও কাছাড় ও ছিলট জিলায় ভারতবর্ষজাত মজুরদের গমনবিষয়ক, ও তাহাদের সঙ্গে সেই২ জিলায় যাইবার করার ও চুক্তি করিবার নিয়ম বিষয়ক আইন, ও তদ্রূপে যে লোকেরা তথায় যায় তাহাদের সুরক্ষা হইবার ও তাহারা চাকরী করিবার যে চুক্তি করে তাহা প্রবল করিবার বিধান বিষয়ক আইন সংশোধন করা বিহিত, এই কারণে এই২ বিধান করা যাইতেছে।

১ অধ্যায়।—পরিভাষা।

১ পরিচ্ছেদ।—এই আইন যেং স্থলে খাটিবে তাহার ও বিবিধ বিষয়ের কথা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "মজুরী করিবার জিলায় গমন বিষয়ক আইন" নামে বলা যাইতে পারিবে ইতি।

১৮৭০ সালের ২ আইন রহিত হইবার কথা।

২ ধারা। ১৮৭০ সালের বঙ্গীয় ২ আইন (অর্থাৎ আসাম ও কাছাড় ও ছিলট জিলায় মজুরদিগের প্রেরণ ও তথায় তাহাদের কর্ম্ম প্রাপণবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন) এতৎক্রমে রহিত করা গেল। উক্ত আইনক্রমে, কিম্বা সেই আইনদ্বারা অন্য যেং আইন রহিত করা গেল তৎক্রমে, যে সকল চুক্তি ও নিয়োগ করা গিয়াছে ও যে সকল লাইসেন্স দেওয়া গিয়াছে তাহা এই আইনমতে করা গেল ও দেওয়া গেল এমত জ্ঞান করিতে হইবে ইতি।

অর্থ করিবার ধারা।

৩ ধারা। এই আইনে বিষয় বুঝিয়া কি পুর্ব্বাপর কথার দ্বারা অন্য ভাব প্রকাশ না হইলে

"ভারতবর্ষ"।

ভারতবর্ষের সুশাসনের নিমিত্ত আইন নামে মহারাণী বিক্টরিয়ার ২১ ও ২২ বৎসরের ১০৬ অধ্যায়ের আইনের বলে যৎকালে যে দেশ শ্রীশ্রীমতীর প্রতি বর্ত্তে "ভারতবর্ষ" শব্দে, প্রিন্স অফ ওয়েলস নামক উপদ্বীপ ও সিংহপুর ও মালাকা উপনিবেশ ভিন্ন সেই সমুদয় দেশ বুঝাইবে।

মজুরি করিবার জিলা।

"মজুরী করিবার জিলা" এই কথায় আসাম ও কাছাড় ও ছিলট জিলা বুঝাইবে। ও "মজুরী করিবার কোন জিলা" এই কথায় উক্ত জিলার মধ্য কোন এক জিলা বুঝাইবে।

"মাজিষ্ট্রেট"।

"মাজিষ্ট্রেট" এই শব্দের মধ্যে জিলার ও জিলার কোন খণ্ডের মাজিষ্ট্রেট ও প্রথম কি দ্বিতীয় শ্রেণীর কোন মাজিষ্ট্রেট, এবং কলিকাতা নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেট গণ্য।

"Employer" means the chief person for the time being in charge of any lands upon which laborers may be employed.

Employer.

"Emigrant" means any native of India above the age of sixteen years who has engaged with any garden-sirdar or recruiter to proceed to a labor district for the purpose of laboring therein for hire, and has been registered as hereinafter provided.

Emigrant.

"Laborer" means any emigrant who has been conveyed to a labor district in accordance with a contract made under the provisions of Bengal Act III of 1863, Bengal Act VI of 1865, Bengal Act II of 1870, or this Act, during the duration of such contract.

Laborer.

"Vessel" includes a steamer, a flat, a boat, and anything made for the conveyance by water of human beings or property.

Vessel.

"Master" means the person for the time being in charge of a vessel.

Master.

4. The provisions of part II of this Act regarding emigration shall not apply to domestic servants, or to any person proceeding alone, or accompanied by his family only, or to any persons not exceeding twenty in number proceeding to a labor district to labor for hire, without the intervention, direct or indirect, of any person employed to induce natives of India to emigrate to a labor district. In computing the number of persons two children under the age of ten years shall be reckoned as one person only.

Provisions regarding emigration not to apply to domestic servants, or to persons proceeding alone.

5. The Lieutenant-Governor may from time to time make rules consistent with this Act, and from time to time alter, vary, and revoke such rules:—

Power of the Lieutenant-Governor to make rules.

(1)—To regulate the subordination of the several officers of emigration to the superintendent.

(2)—To prescribe the periodical returns and reports to be made by the emigration officers, by magistrates, and by the inspectors of laborers.

কর্ত্তা।

মজুরেরা যে জমীতে কর্ম্ম পায় সেই জমী যৎকালে প্রধান যে ব্যক্তির জিম্মায় থাকে "কর্ত্তা" শব্দে তাঁহাকে বুঝাইবে।

বিদেশগামী।

ভারতবর্ষজাত ষোল বৎসরের অধিক বয়সের কোন লোক মজুরী করিবার জিলায় গিয়া মজুরী লইয়া কর্ম্ম করিতে, বাগানের সর্দ্দারের কি মজুর সংগ্রাহকের সঙ্গে করার করিলে ও নিম্নলিখিত বিধানমতে তাহাকে রেজিষ্টরী করা গেলে "বিদেশগামী" শব্দে তাহাকে বুঝাইবে।

মজুর।

১৮৬৩ সালের বঙ্গীয় ৩ আইনের কিম্বা ১৮৬৫ সালের বঙ্গীয় ৬ আইনের কিম্বা ১৮৭০ সালের বঙ্গীয় ২ আইনের কি এই আইনের বিধানমত চুক্তি করিয়া বিদেশগামি যে ব্যক্তিকে মজুরী করিবার জিলায় আনা যায় তাহার সেই চুক্তির মিয়াদ যত দিন চলে তত দিন "মজুর" শব্দে তাহাকে বুঝাইবে।

নৌকাদি।

ষ্টীমর কি অঙ্কবোট কি নৌকা, কিম্বা জলপথে মনুষ্য কি মাল লইয়া যাইবার জন্যে যে কোন যান গড়ান যায় "নৌকাদি" শব্দে তাহা বুঝাইবে।

অধ্যক্ষ।

সেই নৌকাদি যৎকালে যে ব্যক্তির জিম্মায় থাকে "অধ্যক্ষ" শব্দে তাঁহাকে বুঝাইবে ইতি।

৪ ধারা। এই আইনের দ্বিতীয় অধ্যায়ে বিদেশে যাইবার বিষয়ে যেং বিধান আছে তাহা ঘরের চাকরদের প্রতি কি যে ব্যক্তিরা একা কিম্বা কেবল পরিবার সঙ্গে লইয়া যায় তাহাদের প্রতি, কিম্বা ভারতবর্ষজাত কোন লোকদিগকে মজুরী করিবার জিলায় যাইতে লওয়াইবার জন্যে যে ব্যক্তি নিযুক্ত হয় স্পষ্টরূপে কি চক্রান্তে তাহার সংস্রব করার না করিয়া কুড়ী জনের অনধিক আপনাদের ইচ্ছামতেই মজুরী লইয়া খাটিবার জন্যে সেইং জিলায় গেলে তাহাদের প্রতি সেই বিধান খাটে না। সেই প্রকারের লোকদিগকে গণিতে হইলে দশ বৎসরের কম বয়সের দুই বালককে এক জন বলিয়া ধরিতে হইবে ইতি।

বিদেশ যাইবার বিধান ঘরের চাকরদের প্রতি কিম্বা যে ব্যক্তিরা একা যায় তাহাদের প্রতি না খাটিবার কথা।

৫ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়েং নিম্নলিখিত বিষয়ের এই আইনসঙ্গত বিধি করিতে পারিবেন ও সময়েং সেইং বিধি পরিবর্ত্তন ও মতান্তর ও রহিত করিতে পারিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের বিধি করিবার ক্ষমতার কথা।

১। মজুরদের গমন সম্পর্কে যেং কার্য্যকারকেরা নিযুক্ত হয় সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অধীনে তাহাদের থাকিবার বিধি।

২। তৎস্থানে গমনসম্পর্কীয় কার্য্যকারকদের ও মাজিষ্ট্রেটদের ও মজুরদের ইনস্পেকটরদের সময়েং যেং রিটর্ণ ও রিপোর্ট দিতে হইবে তাহা নির্দ্দিষ্ট করিবার বিধি।

(3)—To prescribe the amount of the several fees to be paid under the provisions of this Act.

(4)—To provide for the management and regulation of contractors' depôts and of hospital depôts

(5)—To provide for the medical care of emigrants during their residence at the depôts, and during transport to a labor district.

(6)—To prescribe the nature, quality, and quantity of medical drugs and other stores to be carried on vessels taking emigrants.

(7)—To prescribe the clothing to be supplied to emigrants while proceeding to a labor district.

(8)—To prescribe the description, quantity, and quality of provisions to be taken by vessels carrying emigrants, and the daily allowance to be issued to each emigrant during the journey.

(9)—To provide for the ventilation and cleanliness of vessels during the journey, to prescribe the number of officers, cooks, and other servants, and to provide for their control; and to provide generally for the accommodation of emigrants.

(10)—To provide for the accommodation, support, and medical treatment of all emigrants detained at any place by order of a magistrate on account of sickness.

(11)—To provide for the periodical inspection of laborers, and the books to be kept by inspectors of laborers.

(12)—To provide for the house accommodation, water-supply, sanitary arrangements, and supply of rice to be provided by employers for their laborers.

(13)—To provide for the hospital accommodation and medical care of laborers, and to prescribe the nature, quality, and quantity of medical drugs and other stores to be provided for them.

The Lieutenant-Governor may from time to time fix penalties not inconsistent with any of the provisions of this Act for infringements of any such rules, which may be enforced and recovered as other penalties under this Act on conviction by a magistrate: Provided that no penalty shall exceed five hundred rupees.

All such rules, with the penalties (if any) for their infringement, shall be published in the *Calcutta Gazette*, and shall be separately printed and sold to the public at 4 annas for each copy.

6. Every contract made with an emigrant, and all arrears of wages due under any such contract, and all fines imposed on any employer under the provisions

Contract made with emigrant is a charge upon the land;

৩। এই আইনের বিধানমতে কত করিয়া নানা প্রকারের ফী দিতে হইবে তাহা নির্দ্দিষ্ট করিবার বিধি।

৪। কনট্রাক্টরদের আড্ডার ও হাসপাতালের কার্য্য চালাইবার ও তাহার সুবিধান করিবার বিধি।

৫। বিদেশগামিরা যত দিন আড্ডায় থাকে তত দিন ও মজুরী করিবার জিলায় যাইবার সময়ে তাহাদের চিকিৎসার বিধান।

৬। বিদেশগামিরা যে নৌকাদিতে যায় তন্মধ্যে কিং প্রকারের ও কিং গুণের ও কত ঔষধীয় দ্রব্য ও অন্য দ্রব্য লইতে হইবে তাহার বিধি।

৭। মজুরী করিবার কোন জিলায় যাইবার সময়ে ঐ ব্যক্তিদের যত বস্ত্রাদি দিতে হইবে তাহার বিধি।

৮। বিদেশগামিরা যে নৌকাদিতে যায় তাহার মধ্যে কিং প্রকারের ও কত করিয়া ও কিং গুণের আহারীয় দ্রব্য লইতে হইবে ও পথে যাইবার সময়ে একং জন দিন কত করিয়া পাইবে ইহার বিধি।

৯। পথে যাইবার সময়ে নৌকাদিতে বাতাস খেলিবার ও সেই নৌকাদি পরিষ্কার রাখিবার বিধি। ও কত জন কর্ম্মকারক ও পাচক ও চাকর লইতে হইবে তাহা নির্দ্দিষ্ট করিবার ও তাহাদের তত্ত্ব লইবার বিধি। ও নানামতে সেই বিদেশগামিদের স্বচ্ছন্দে থাকিবার বিধি।

১০। মাজিষ্ট্রেটের আজ্ঞামতে বিদেশগামি কোন ব্যক্তির পীড়াপ্রযুক্ত কোন স্থানে থাকিতে হইলে তাহার স্বচ্ছন্দে থাকিবার ও খোরাক পোষাকের ও চিকিৎসার বিধি।

১১। মজুরদিগকে সময়েং দেখিবার বিধি ও ইনস্পেক্টরদের যেং বহী রাখিতে হইবে তাহার বিধি।

১২। কর্ত্তারা মজুরদের থাকিবার স্থানের ও জলসম্প্রাপ্তের ও সুস্থ থাকিবার যে নিয়ম করিবেন তাহার ও মজুরদের নিমিত্ত কর্ত্তাদের চাউল যোগাইয়া দিবার বিধি।

১৩। মজুরদের হাসপাতালে থাকিবার স্থানের ও চিকিৎসার ও তথায় কিং প্রকারের ও কিং গুণের কত ঔষধীয় দ্রব্য ও অন্যং দ্রব্য রাখিতে হইবে তাহার বিধি।

উক্ত কোন বিধি লঙ্ঘন হইলে তাহার যে দণ্ড হইবে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সময়েং তাহা নিরূপণ করিবেন কিন্তু সেই দণ্ড এই আইনের কোন বিধানের অসঙ্গত না হয়। এবং এই আইনমত অন্য দণ্ড যে প্রকারে প্রবল করা যাইতে ও আদায় হইতে পারিবে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে ঐ দণ্ড সেই প্রকারে প্রবল করা যাইতে ও আদায় হইতে পারিবে। কিন্তু পাঁচ শত টাকার অধিক দণ্ড না হয়।

তদ্রূপ সকল বিধি, ও বিধি লঙ্ঘন হইলে যে দণ্ড হইবে তাহার বিধি, কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। ঐ বিধি স্বতন্ত্র ছাপা হইয়া সাধারণের নিকট ।০ আনা করিয়া বিক্রয় করা যাইবে ইতি।

৬ ধারা। বিদেশগামির সঙ্গে যে চুক্তি করা যায় তাহা, ও সেই চুক্তিমতে তাহার যে বেতন হয় তাহা বাকী পড়িলে সেই টাকা, ও এই আইনের

মজুরের সঙ্গে যে চুক্তি করা যায় জমীর উপর তাহার দায় থাকার কথা।

[*Government Gazette*, 21*st October* 1873.]

of this Act, shall be a charge upon the lands upon which such laborer has been engaged to work.

and is transferred with the land.

The owner of such lands for the time being shall have all rights and remedies against such laborer, as if such owner had been originally the party executing such contract as employer.

Determination of ownership determines liability.

No person, after he has ceased to be the owner of such lands, nor his property nor effects, shall be in anywise liable or responsible for any breach of such contract which may have occurred after he has ceased to be such owner.

Any person above the age of 16 years may contract.

7. Any engagement or contract made under the provisions of this Act by a native of India, who is above the age of sixteen years, shall be held valid.

Procedure on trial of offences created by Act.

8. All offences against this Act committed without the town of Calcutta shall be inquired into and tried according to the provisions of the Code of Criminal Procedure, and all offences against this Act committed within the said town shall be inquired into and tried by a police magistrate of the said town according to the provisions of the laws regulating the investigation and trial of offences within the said town, which shall be for the time being in force.

Penalty for any offence not especially provided for.

9. For every offence against the provisions of this Act, for which no special penalty or amount of fine is prescribed, the offender shall on conviction by a Magistrate be punished with a fine not exceeding two hundred rupees. Wherever in this Act no special term of imprisonment is appointed in default of payment of the fine, the offender shall be liable to imprisonment, simple or rigorous, for a term not exceeding one month.

Part II.—Emigration.

Chapter 2.—Restrictions and Appointment of Officers.

Power to prevent emigration of laborers.

10. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, in case he shall be of opinion that the emigration of natives of India from any district, or to any particular part of any labor district, for the purpose of becoming

বিধানমতে কোন কর্ত্তার প্রতি যে সকল দণ্ড দিবার আজ্ঞা হয় তাহার টাকা, মজুর যে জমীতে কর্ম্ম করিতে করার করে সেই জমীর উপর দায় স্বরূপ বর্ত্তিবে।

ও জমীর সঙ্গে চুক্তি হস্তান্তর হইবার কথা।

যিনি যৎকালে সেই ভূমির স্বামী হন তিনিই কর্ত্তা বলিয়া প্রথমে সেই চুক্তি করিলে তাঁহার যে অধিকার থাকিত, ঐ মজুরের উপর তাঁহার সেই অধিকার ও সেই প্রতিকার বর্ত্তিবে।

স্বামিত্ব গেলে দায়ের শেষ হইবার কথা।

যিনি জমীর স্বামী ছিলেন, তাঁহার স্বামিত্ব গেলে পর ঐ চুক্তি কোন প্রকারে ভঙ্গ হইলেও তাঁহার উপর কি তাঁহার সম্পত্তির কি মালের উপর কোন প্রকারের দায় কি ঝোঁক থাকিবে না ইতি।

১৬ বৎসরের অধিক বয়সের কোন লোকের চুক্তি করিতে পারিবার কথা।

৭ ধারা। ভারতবর্ষজাত কোন ব্যক্তির বয়স ষোল বৎসরের অধিক হইলে সে এই আইনের বিধানমতে যে করার কি চুক্তি করে তাহা সিদ্ধ বলিয়া জ্ঞান হইবে ইতি।

আইনে যে কার্য্য অপরাধ বলিয়া নির্দ্দিষ্ট হয় তাহার বিচার হইবার প্রণালীর কথা।

৮ ধারা। এই আইনের বিপরীত যে সকল অপরাধ করা যায় কলিকাতা নগরের বাহিরে করা গেলে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে তাহার তদন্ত লইয়া বিচার হইবে। এবং উক্ত নগরের মধ্যে এই আইনবিরুদ্ধ অপরাধ করা গেলে, ঐ নগরের মধ্যে অপরাধের তদন্ত লইয়া বিচার করিবার যে আইন যৎকালে প্রবল থাকে ঐ নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেব সেই২ আইনের বিধানমতে ঐ অপরাধের তদন্ত লইয়া বিচার করিবেন ইতি।

অপরাধের দণ্ড নির্দ্দেশ না করা গেলে তাহার কথা।

৯ ধারা। এই আইনের বিধানের বিরুদ্ধে অপরাধ করা গেলে, কি প্রকারের দণ্ড হইবে ও কত টাকা জরীমানা লাগিবে ইহার স্পষ্ট কথা না থাকিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে অপরাধির দুই শত টাকার অধিক অর্থদণ্ড হইবে না। দণ্ডের টাকা না দেওয়াতে যে কারাদণ্ড নিরূপণ হয় এই আইনে তাহার কোন বিশেষ মিয়াদ নির্দ্দিষ্ট না থাকিলে এক মাসের অনধিক কাল অপরাধির সামান্য কি কঠিন কারাদণ্ড হইতে পারিবে ইতি

২ অধ্যায়।—বিদেশে যাইবার বিধি।

২ পরিচ্ছেদ।—নিষেধ বিধি ও কর্ম্মকারকদের নিযুক্ত হইবার কথা।

মজুরদের যাওয়া বারণ করিবার ক্ষমতার কথা।

১০ ধারা। ভারতবর্ষজাত লোকেরা মজুরী করিবার জন্যে কোন জিলাহইতে গেলে কিম্বা মজুরী করিবার কোন জিলার কোন অংশে গেলে তাহাদের নিজের কি অন্য ব্যক্তিদের স্বাস্থ্যের বিঘ্ন হইতে পারিবে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট

laborers, is likely to be attended with danger to the health of any native so emigrating or others, or if the Lieutenant-Governor has reason to believe that a political disturbance is likely to occur in any labor district, to prohibit, by an order under his hand, the emigration of such natives from such district, or to such labor district or particular part thereof, and from time to time to revoke or vary any such order; and every such order or variation or revocation thereof shall be published in the *Calcutta Gazette*.

Penalty on engaging natives contrary to such order.

11. Any person who shall knowingly engage native so to emigrate while any such emigration shall be prohibited under the provisions of the last preceding section, shall be liable to a fine not exceeding fifty rupees for every native who may have been so engaged.

Appointment of superintendent of emigration, embarkation agents, and medical inspectors.

12. The Lieutenant-Governor may appoint a proper person to be the superintendent of emigration at Calcutta, and may also appoint proper persons to be embarkation agents and medical inspectors of emigrants at any places where he may think proper, and define by notification in the *Calcutta Gazette* the local limits within which each such officer shall exercise the powers and authority conferred upon him by this Act. He may at any time suspend or remove any such officer.

Employer may recruit by garden-sirdar.

13. It shall be lawful for any employer to engage, by the agency of a garden-sirdar, or by the agency of a contractor, natives of India to proceed to a labor district for the purpose of laboring therein for hire upon lands of which such employer is in charge.

Superintendent may license contractors and recruiters.

14. It shall be lawful for the superintendent of emigration to grant to such persons as he may think fit licenses to act as contractors for engaging and supplying persons for the purpose of laboring for hire in the labor districts, or to act in behalf of some contractor as recruiters for engaging persons to proceed to the said districts for the purpose of laboring therein for hire.

গবর্ণমর সাহেব এমত বোধ করিলে, কিম্বা মজুরী করিবার কোন জিলায় রাজ্যঘটিত গোলযোগ হইবার সম্ভাবনা, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণমর সাহেবের এমত জানিবার কারণ থাকিলে, তিনি আজ্ঞাপত্রে স্বাক্ষর করিয়া ঐ জিলাহইতে কিম্বা উক্ত কোন জিলার কি জিলার কোন বিশেষ অংশে মজুরদের যাওয়া রহিত ও নিষেধ করিতে পারিবেন, ও সময়েং সেই আজ্ঞা রহিত কিম্বা পরিবর্ত্তন করিতে পারিবেন। উক্ত প্রত্যেক আজ্ঞা কি আজ্ঞার পরিবর্ত্তন কি রহিত করণের কথা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে ইতি।

ঐ আজ্ঞার বিরুদ্ধে দেশীয় লোকদের সঙ্গে করার করা গেলে দণ্ডের কথা।

১১ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কোন নিষেধ থাকিলে, কোন ব্যক্তি জানিয়া শুনিয়া দেশীয় কোন লোককে সেই স্থানে যাইতে করার করাইলে, যত জনকে তদ্রূপে করার করায় তাহাদের জনপ্রতি সেই ব্যক্তির পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইবে ইতি।

বিদেশে যাইবার তত্ত্বাবধারকের ও নৌকাদিতে চড়াইবার এজেণ্টের ও মজুরদিগকে দেখিবার ডাক্তর সাহেবদের নিযুক্ত হইবার কথা।

১২ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণমর সাহেব বিদেশে যাইবার কার্য্যের তত্ত্বাবধান করিবার জন্যে কলিকাতায় সুপরিণ্টেণ্ডেণ্ট বলিয়া উপযুক্ত কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন এবং যেং স্থানে উচিত বোধ করেন সেইং স্থানে বিদেশগামিদিগকে নৌকাদিতে চড়াইয়া দিবার জন্যে এজেণ্ট ও তাহাদের দেখিবার জন্যে ডাক্তর নিযুক্ত করিতে পারিবেন, ও উক্ত প্রত্যেক জন কার্য্যকারককে এই আইনমতে যে শক্তি ও ক্ষমতা দেওয়া যায় তাঁহারা সেই ক্ষমতামতে যে স্থানের সীমার মধ্যে কর্ম্ম করিতে পারিবেন, কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া তাহা নিরূপণ করিবেন। তিনি কোন সময়ে উক্ত কোন কার্য্যকারককে সসপেণ্ড কি অবসর করিতে পারিবেন ইতি।

বাগানের সরদারের দ্বারা কর্ত্তার মজুর সংগ্রহ করিবার কথা।

১৩ ধারা। মজুরী করিবার জিলায় কোন কর্ত্তার জিম্মায় যে জমী থাকে তাহার অন্তর্গত ব্যক্তিরা সেই জমীতে গিয়া মজুরী পাইবার নিমিত্ত খাটে এই উদ্দেশে ঐ কর্ত্তা বাগানের সরদারের দ্বারা কিম্বা কনট্রাক্টরের দ্বারা মজুর করিয়া লইতে পারিবেন ইতি।

কনট্রাক্টরদিগকে ও মজুর সংগ্রাহকদিগকে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের লাইসেন্স দিবার কথা।

১৪ ধারা। বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যাহাদিগকে উপযুক্ত জ্ঞান করেন এমত কোন ব্যক্তিদিগকে মজুরী করিবার জিলায় গিয়া মজুরী পাইয়া খাটিবার জন্যে লোক করিয়া লইবার ও যুটাইবার লাইসেন্স, কিম্বা কোন কনট্রাক্টরের তরফে মজুর সংগ্রাহক হইয়া ঐ জিলায় গিয়া মজুরী পাইয়া খাটিবার লোক করিয়া লইবার লাইসেন্স দিতে পারিবেন ইতি।

[*Government Gazette*, 21*st October* 1873.]

15. From and after the commencement of this Act, whoever shall, otherwise than under the provisions of this Act, engage any native of India in any of the provinces under the control of the Lieutenant-Governor of Bengal, to proceed to any or either of the labor districts for the purpose of laboring there for hire; and whoever shall, otherwise than under the provisions of this Act, convey any such native through any of the said provinces to any or either of the labor districts for the purpose of laboring there for hire, shall, on conviction by a magistrate, be punished with a fine for every person so engaged or conveyed.

Natives of India shall not be engaged to proceed to the labor districts, or be conveyed there, save under this Act.

Penalty.

16. Whoever, not being a contractor, recruiter, or garden-sirdar, shall otherwise than through or by the agency of a contractor, recruiter, or garden-sirdar engage any native of India to proceed to any of the labor-districts for the purpose of laboring therein for hire, and whoever, not being a contractor, shall enter into any contract to supply, or shall supply, or shall transfer or make over whether to a recruiter or any other person, any such native for the purpose of laboring for hire in any of the labor districts; and whoever not being a contractor, recruiter, or garden-sirdar, shall enter into any contract to engage, or shall attempt to engage, any such native to proceed to any of the labor-districts for the purpose aforesaid; and whoever shall employ or appoint any person other than a contractor, recruiter, or garden-sirdar, to engage any such native, shall, on conviction by a magistrate, be punished for each offence with fine or imprisonment, simple or rigorous, for a term not exceeding three months.

No person not licensed as a contractor, recruiter, or garden-sirdar, may engage or contract to supply laborers.

Penalty.

17. It shall not be lawful for any emigrant to be conveyed to any labor district, unless and until he shall have entered into a duly registered contract with some person to serve such person there for a fixed period, which shall in no case exceed the term of

Emigrant not to be conveyed to or towards a labor district until contract is executed.

১৫ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি কোন ব্যক্তি এই আইনের বিধান ছাড়া অন্য কোন প্রকারে মজুরী করিবার কোন কি অন্যতর জিলায় মজুরী লইয়া খাটিতে যাইবার নিমিত্ত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অধীন প্রদেশের মধ্যে ভারতবর্ষজাত কোন লোক করিয়া লইলে এবং কোন ব্যক্তি এই আইনের বিধানছাড়া অন্য কোন প্রকারে মজুরী করিবার কোন কি অন্যতর জিলায় মজুরী লইয়া খাটিবার জন্যে ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে উক্ত কোন প্রদেশের মধ্য দিয়া চালান করিলে যত জনকে তদ্রূপ করিয়া লয় ও যত জনকে তদ্রূপে চালান করে মাজিস্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাহাদের প্রত্যেক জনের নিমিত্ত ঐ ব্যক্তির অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

কেবল এই আইনমতে ভারতবর্ষজাত লোকের মজুরী করিবার জিলায় যাইবার করার হইবার ও তাহাদিগকে চালান করিবার কথা।

দণ্ডের কথা।

১৬ ধারা। কোন ব্যক্তি কনট্রাকুটর কি মজুরসংগ্রাহক কি বাগানের সরদার না হইয়া কনট্রাকুটর কি মজুরসংগ্রাহক কি বাগানের সরদারছাড়া অন্য ব্যক্তির দ্বারা মজুরী লইয়া খাটিবার জন্যে মজুরী করিবার কোন জিলায় যাইতে ভারতবর্ষজাত কোন লোক করিয়া লইলে এবং কোন ব্যক্তি কনট্রাকুটর না হইয়া মজুরী করিবার কোন জিলায় গিয়া মজুরী লইয়া খাটিবার জন্যে মজুরসংগ্রাহকের কি অন্য ব্যক্তির নিকট উক্ত প্রকারের এদেশীয় কোন লোককে যুটাইয়া দিবার চুক্তি করিলে কি যুটাইয়া দিলে কিম্বা সমর্পণ করিলে, এবং কনট্রাক্টর কি মজুরসংগ্রাহক কি বাগানের সরদার না হইয়া কোন ব্যক্তি পূর্ব্বোক্ত কার্য্য করিবার জন্যে মজুরী করিবার কোন জিলায় যাইতে এদেশীয় কোন লোক করিয়া লইবার কোন চুক্তি করিলে কিম্বা করিয়া লইবার উদ্যোগ করিলে, এবং এদেশীয় তদ্রূপ কোন লোক করিয়া লইবার জন্যে কোন ব্যক্তি কনট্রাকুটর কি মজুরসংগ্রাহক কি বাগানের সরদারছাড়া কোন ব্যক্তিকে কর্ম্ম দিলে কি নিযুক্ত করিলে, মাজিস্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে প্রত্যেক অপরাধের জন্যে তাহার অর্থদণ্ড কিম্বা তিন মাসের অনধিক কাল সামান্য কি কঠিন কারাদণ্ড হইবে ইতি।

কনট্রাকটর কি মজুরসংগ্রাহক কি বাগানের সরদারস্বরূপ লাইসেন্স না পাইলে মজুর করিয়া লইতে কি চুক্তি করিতে না হইবার কথা।

দণ্ডের কথা।

১৭ ধারা। বিদেশগামি কোন ব্যক্তি মজুরী করিবার কোন জিলায় নিদ্ধারিত কোন কালের নিমিত্ত কোন ব্যক্তির নিকট চাকরী করিতে সেই ব্যক্তির সঙ্গে চুক্তি না করিলে ও যত দিন চুক্তি না করে তত দিন তাহাকে সেই জিলায় চালান করা বেআইনী হইবে।

চুক্তি করা না গেলে বিদেশগামিকে মজুরী করিবার কোন জিলায় কি সে জিলার দিগে চালান না করিবার কথা।

three years from the date of his arrival on the estate of his employer in the said labor district. Every such contract shall be in the form in Schedule (A) annexed to this Act, and shall be reduced to writing, and shall specify the monthly amount of wages in money, the period of service, the name of the district in which the service is to be performed, and the price at which rice is to be supplied to the laborer.

Form and particulars of contract.

Chapter 3.—Garden-sirdar.

18. Every garden-sirdar, authorized by an employer under the provisions of section 13 to engage natives of India to proceed to a labor district for the purpose of laboring therein for hire, shall, before proceeding to engage any such native, personally present to the magistrate of the district, or division of the district, within which is situate the estate of the employer, a certificate signed by such employer, in which shall be stated the name and description of such garden-sirdar, the name and description of the lands for the purpose of laboring upon which he is about to engage such natives, the district (or the town of Calcutta, as the case may be) in which he is about to engage them, the number which he is authorized to engage, and, if the number exceeds twenty, the name of the contractor to whose depôt they shall be conveyed. The certificate shall be in the form set forth in Schedule (B) annexed to this Act.

Garden-sirdar to obtain certificate from employer, and to present it to magistrate.

19. Such magistrate shall inquire into the facts stated in such certificate, and, upon being satisfied that the same are true, shall, unless it appears to him that the person so presenting such certificate is unfit to be employed for the purpose of engaging natives to proceed to a labor district to labor therein for hire, countersign and date such certificate; and every such certificate shall be in force for six months from the date last mentioned, and no longer.

Magistrate after inquiry to countersign it.

20. If, under his certificate from his employer, any garden-sirdar is authorized to engage more than twenty natives of India, he shall be in all respects, save as regards his certificate, subject to the provisions of this Act which relate to recruiters. The following rules of this chapter

Garden-sirdar authorized to engage more than twenty natives to be subject to provisions relating to a recruiter.

কিন্তু মজুরী করিবার উক্ত জিলায় কর্ত্তার বাড়ীতে পঁহুছিবার তারিখঅবধি তিন বৎসরের অধিককাল চাকরীর মিয়াদ হইবে না। উক্ত প্রত্যেক চুক্তিপত্র এই আইনের A চিহ্নিত তফসীলের পাঠে লিখিয়া দেওয়া যাইবে। মজুরকে মাসেং যত টাকা বেতন দেওয়া যাইবে, ও তাহার যত কাল চাকরী করিতে হইবে, ও যে জিলায় চাকরী করিবে সেই জিলার নাম ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে ঐ চুক্তিপত্রে এই সকল কথা বিশেষ করিয়া লেখা থাকিবে ইতি।

চুক্তির পাঠ ও মর্ম্মের কথা।

৩ পরিচ্ছেদ।—বাগানের সরদারের কথা।

১৮ ধারা। বাগানের কোন সরদার ১৩ ধারার বিধানমতে কর্ত্তার স্থানে মজুরী করিবার জিলায় গিয়া মজুরী পাইয়া কর্ম্ম করিবার জন্যে ভারতবর্ষজাত লোক করিয়া লইতে ক্ষমতা পাইলে কর্ত্তার জমী যে জিলার কি যে মহকুমার মধ্যে থাকে, ঐ বাগানের সরদার বিদেশগামি উক্ত প্রকারের কোন লোক করিয়া লইবার পূর্ব্বে আপনি সেই জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের নিকট গিয়া ঐ কর্ত্তার দস্তখতী সার্টিফিকট দেখাইবেন। তন্মধ্যে ঐ বাগানের সরদারের নাম ও চেহারা লেখা থাকিবে ও যে জমীতে মজুরী করিবার জন্যে সে লোককে করিয়া লইবে সেই জমীর নাম ও বর্ণনা, ও যে জিলায় গিয়া লোক করিয়া লইবে সেই জিলার নাম, কিম্বা বিষয়বিশেষে কলিকাতায় গিয়া লোক করিয়া লইবে এই কথা, ও তদ্রূপ যত জনকে করিয়া লইবার অনুমতি থাকে তাহাদের সংখ্যা, ও কুড়ি জনের অধিক হইলে তাহাদিগকে যে কন্ট্রাক্টরের আড্ডায় লইয়া যাইবে তাহার নাম লেখা থাকিবে। ঐ সার্টিফিকট এই আইনের B তফসীলের পাঠে লিখিতে হইবে ইতি।

কর্ত্তার স্থানে বাগানের সরদারের সার্টিফিকট লইয়া মাজিষ্ট্রেটকে দেখাইবার কথা।

১৯ ধারা। ঐ সার্টিফিকটের মধ্যে যে বৃত্তান্ত লেখা থাকে মাজিষ্ট্রেট সাহেব তাহার তত্ত্ব লইয়া তদ্বোধমতে সত্য জানিলে, ও যে ব্যক্তি ঐ সার্টিফিকট দেখায় সে মজুরী করিবার জিলায় গিয়া মজুরী পাইয়া খাটিবার লোক করিয়া লইবার যোগ্য নয় তিনি এমত জ্ঞান না করিলে ঐ সার্টিফিকটে আড়নবী করিয়া তারিখ লিখিবেন ও সেই সার্টিফিকট সেই তারিখঅবধি ছয় মাসপর্য্যন্ত প্রবল থাকিবে, তাহার অধিক নয় ইতি।

মাজিষ্ট্রেট সাহেবের সন্ধান লইয়া তাহাতে আড়নবী করিবার কথা।

২০ ধারা। কর্ত্তার সার্টিফিকট দ্বারা কোন বাগানের সরদার কুড়ি জনের অধিক মজুর করিয়া লইতে ক্ষমতা পাইলে এই আইনে মজুর সংগ্রাহকদের বিষয়ে যে সকল বিধান আছে সেই সরদার সার্টিফিকট ছাড়া অন্য সকল বিষয়ে সেই বিধানের অধীন থাকিবে। বাগানের সরদার

বাগানের সরদার ২০ জনের অধিক মজুর করিয়া লইবার ক্ষমতা পাইলে তাহার প্রতি মজুর সংগ্রাহক বিষয়ক বিধান খাটিবার কথা।

shall apply to every garden-sirdar who is not authorized to engage more than twenty such natives.

Garden-sirdar who is not a Recruiter.

21. A garden-sirdar shall not have authority in any district under the control of the Lieutenant-Governor of Bengal to engage or attempt to engage a native of India to become an emigrant, until his certificate has been countersigned by the magistrate of such district or of such division of the district; or in Calcutta, until his certificate has been countersigned by the commissioner or the deputy commissioner of police in Calcutta.

Has no authority until certificate is countersigned by magistrate.

It shall be lawful for such magistrate, in case of misconduct or disobedience to or neglect of any of the provisions of this Act by a garden-sirdar, to cancel the certificate of such garden-sirdar.

Magistrate may cancel certificate.

22. Every native of India, who enters into an engagement with a garden-sirdar to proceed to a labor district for the purpose of laboring for hire, shall appear with the garden-sirdar before the magistrate of the district or of the division of the district within which the engagement was made, or through which he shall first pass on the road to his destination. The garden sirdar shall at the same time produce his certificate to the Magistrate.

Every native to appear before magistrate before removal from district.

23. On the appearance of such native the magistrate shall examine him with reference to his engagement; and, if it appears that he understands such engagement as regards the locality, period, and nature of the service, the rate of wages, and the price at which rice is to be supplied, and that he is willing to fulfil the same, the magistrate shall register, in a book to be kept for the purpose, the following particulars, viz.—

Magistrate to examine native, and if the examination is satisfactory, to register particulars;

(1)—The name, the name of the father, and the age of such native;

(2)—The name of the village or place of which such native is a resident;

(3)—The labor district to which he is engaged to proceed;

(4)—The period of service;

কুড়ি জনের অধিক মজুর করিয়া লইতে ক্ষমতা না পাইলে তাহার প্রতি এই অধ্যায়ের পশ্চাল্লিখিত বিধি খাটিবে ইতি।

বাগানের সরদার মজুর সংগ্রাহক না হইলে তাহার বিধি।

২১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের শাসনাধীন কোন জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেব বাগানের সরদারের সর্টিফিকটে আড়সহী না করিলে সেই জিলার কি মহকুমার মধ্যে, এবং কলিকাতার পোলীসের কমিশ্যনর কি ডেপুটী কমিশ্যনর সাহেব সর্টিফিকটে আড়সহী না করিলে কলিকাতায়, সেই সরদার ভারতবর্ষজাত কোন লোক করিয়া লইতে কি করিয়া লইবার চেষ্টা করিতেও পারিবে না।

মাজিষ্ট্রেট সাহেব সর্টিফিকটে আড়সহী না করিলে তাহার ক্ষমতা না থাকার কথা।

বাগানের সরদার অহিতাচার করিলে কিম্বা এই আইনের কোন বিধান না মানিলে কি তুচ্ছ করিলে, ঐ মাজিষ্ট্রেট সাহেব ঐ বাগানের সরদারের সর্টিফিকট বাতিল করিতে পারিবেন ইতি।

ঐ সর্টিফিকট মাজিষ্ট্রেট সাহেবের বাতিল করিবার ক্ষমতার কথা।

২২ ধারা। ভারতবর্ষজাত কোন লোক মজুরী পাইয়া কর্ম্ম করিবার নিমিত্তে মজুরী করিবার জিলায় যাইতে কোন বাগানের সরদারের সঙ্গে করার করিলে যে জিলায় কি মহকুমায় ঐ করার করিল বাগানের সরদারের সঙ্গে সেই জিলায় কি মহকুমায়, কিম্বা লক্ষিত স্থানে যাইবার পথে প্রথম যে জিলায় কি মহকুমায় পঁহুছে তথাকার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যাইবে। বাগানের সরদার সেই সময়ে মাজিষ্ট্রেট সাহেবকে আপনার সর্টিফিকট দেখাইবেন ইতি।

দেশীয় ব্যক্তি জিলা হইতে যাইবার পূর্ব্বে মাজিষ্ট্রেটের নিকট আসিবার কথা।

২৩ ধারা। দেশীয় সেই ব্যক্তি উপস্থিত হইলে মাজিষ্ট্রেট সাহেব তাহার করারের বিষয়ে তাহাকে জিজ্ঞাসা করিবেন। ও যে স্থানে যাইবে ও তাহার যত কাল যে প্রকারের কর্ম্ম করিতে হইবে ও যে হারে বেতন পাইবে ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে এই সকল বিষয় ধরিয়া সে আপন করারের ভাব বুঝিয়াছে ও করারমতে কর্ম্ম করিতে ইচ্ছুক আছে মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে, তাঁহার নিকট নিম্নলিখিত বেওরা লিখিবার যে বহী থাকে তিনি সেই বহীতে নিম্নলিখিত সকল বিবরণ রেজিষ্টরী করিয়া রাখিবেন।

মাজিষ্ট্রেট সেই ব্যক্তির নিকট জিজ্ঞাসাবাদ করিয়া সন্তোষজনক উত্তর পাইলে যে বিবরণ রেজিষ্টরী করিবেন তাহার কথা।

১। দেশীয় সেই ব্যক্তির নাম ও পিতার নাম ও বয়স।

২। সেই ব্যক্তি যে গ্রাম কি যে স্থানবাসী হয় তাহার নাম।

৩। মজুরী করিবার যে জিলায় যাইতে করার করিয়াছে।

৪। যত কাল চাকরী করিবে।

(5)—The rate of wages, and the price at which rice is to be supplied.

but may require medical certificate

Provided that the magistrate may, if he thinks fit, require such native to appear before such medical officer as he may direct, and may refuse to register such native, unless the medical officer certifies in writing that he is in a fit state of health and able in point of physical condition to journey to and work for him in a labor district.

Magistrate &c. may refuse to register

24. If the magistrate finds that such native does not understand the nature of the engagement, or has been induced to enter into the engagement by fraud or misrepresentation or if the garden-sirdar shall not have produced his certificate, he shall refuse to register such native.

Fee to be paid for registration

25. For the registration of every such native the garden-sirdar shall pay to the registering officer a fee not exceeding one rupee and eight annas.

Contract to be executed in duplicate and abstract to be entered in book to be kept by the magistrate

26. When such registration has been made, the emigrant shall execute a contract with the employer with whom he intends to contract. Such contract shall, in the presence of the magistrate be signed in duplicate both by the emigrant and by the garden-sirdar on behalf of his employer. The contract may be written or printed, or partly written and partly printed, and shall be on substantial paper. An abstract of every such contract shall be entered in a register to be kept by the magistrate for the purpose; and after such abstract has been so entered, one of the duplicates shall be given to the emigrant and the other to the garden-sirdar.

and copy to be sent to superintendent and magistrate

The magistrate shall forward a certified copy of every such abstract so entered as aforesaid to the superintendent of emigration, by whom it shall be forwarded after entry in his own register, to the magistrate of the district within which the service under such contract is agreed to be performed.

৫। যে হারে বেতন পাইবে ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে।

কিন্তু ডাক্তরের সর্টিফিকট চাহিতে পারিবার কথা।

কিন্তু মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করিলে, যে ডাক্তর সাহেবের নিকট এদেশীয় ঐ ব্যক্তিকে যাইতে বলেন তাহাকে তাঁহার সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা দিতে পারিবেন ও স্বাস্থ্যপক্ষে তাহার অবস্থা ও শারীরিক বিবেচনায় সে মজুরী করিবার জিলায় যাইবার উপযুক্ত ও তথায় মজুরী লইয়া কর্ম্ম করিতে পারিবে, ঐ ডাক্তর সাহেব এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া না দিলে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

রেজিষ্টরী করিতে মাজিষ্ট্রেট সাহেবের অস্বীকার করিতে পারিবার কথা।

২৪ ধারা। দেশীয় সেই ব্যক্তি করারের ভাব বুঝে নাই কিম্বা তাহাকে প্রতারণা করিয়া কি মিথ্যা কহিয়া করার করিবার প্রবৃত্তি দেওয়া গিয়াছে, মাজিষ্ট্রেট সাহেব এমত বিবেচনা করিলে, কিম্বা বাগানের সরদার আপনার সর্টিফিকট না দেখাইলে, মাজিষ্ট্রেট সাহেব ঐ ব্যক্তিকে রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

রেজিষ্টরী করিবার যে ফী দিতে হইবে তাহার কথা।

২৫ ধারা। দেশীয় যত ব্যক্তিকে রেজিষ্টরী করা যায় বাগানের সরদার তাহাদের প্রত্যেক জনের নিমিত্ত রেজিষ্টরীকরণিয়া কার্য্যকারককে ১॥০ দেড় টাকার অনধিক ফী দিবে ইতি।

চুক্তিপত্র দোবরা করিয়া লিখিবার ও তাহার চুম্বক মাজিষ্ট্রেটের বহীতে লিখিয়া রাখিবার কথা।

২৬ ধারা। বিদেশগামি ব্যক্তি যে কর্ত্তার সঙ্গে চুক্তি করিতে মানস করে পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী করা গেলে পর সে কর্ত্তার নিকট চুক্তিপত্র করিয়া দিবে। ঐ পত্র দোবরা করা যাইবে ও বিদেশগামি ব্যক্তি এবং কর্ত্তার পক্ষে বাগানের সরদার মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে ঐ দুই খান পত্রে সহী করিবে। সেই চুক্তিপত্র উত্তম কাগজে লেখা কিম্বা ছাপান হইবে কিম্বা তাহার একাংশ লেখা ও একাংশ ছাপা হইবে। মাজিষ্ট্রেট সাহেব একখান রেজিষ্টরী বহী রাখিয়া সেই বহীতে উক্ত প্রত্যেক চুক্তিপত্রের চুম্বক লিখিয়া রাখিবেন। তাহা লেখা গেলে পর ঐ চুক্তিপত্রের এক কেতা বিদেশগামিকে ও এক কেতা বাগানের সরদারকে দেওয়া যাইবে।

তাহার নকল সুপরিণ্টেণ্ডেণ্ট ও মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবার কথা।

ঐ চুম্বক উক্ত প্রকারে বহীতে লেখা গেলে পর মাজিষ্ট্রেট সাহেব তাহাতে সর্টিফিকট লিখিয়া বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট তাহার নকল পাঠাইয়া দিবেন। সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনার রেজিষ্টরী বহীতে তাহা লিখিয়া, ঐ চুক্তিপত্রে মজুরী করিবার যে জিলায় কর্ম্ম করিবার করার হইয়াছে, সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবেন ইতি।

[*Government Gazette,* 21*st October* 1873]

27. The provisions of the six last preceding sections shall be applicable to natives of India engaged by a garden-sirdar within the town of Calcutta, except that they shall appear for registration and execution of contract before the superintendent of emigration.

Similar provisions for natives recruited in Calcutta.

২৭ ধারা। কোন বাগানের সরদার কলিকাতা নগরের মধ্যে ভারতবর্ষজাত লোক করিয়া লইলে ইহার পূর্ব্ব ছয়টি ধারার বিধান তাহাদের সকলের প্রতি খাটিবে, কেবল বিশেষ এই, রেজিষ্টরী করিবার ও চুক্তিপত্রে সহী করাইবার জন্যে তাহাদিগকে বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে উপস্থিত করিতে হইবে ইতি।

কলিকাতায় যে লোকদিগকে সংগ্রহ করা যায় তাহাদের বিষয়ে সেই বিধি খাটিবার কথা।

28. Every native of India who shall be brought or induced to come by any garden-sirdar from any province or district not under the control of the Lieutenant-Governor of Bengal, for the purpose of entering into a contract to proceed to the labor districts to labor therein for hire, shall be presented by the garden-sirdar for registry under the provisions of this chapter at some place within the district under the control of the said Lieutenant-Governor into which he shall first come, or at Calcutta, if he shall first come there.

Natives recruited in districts not in Bengal.

২৮ ধারা। যে প্রদেশ কি জিলা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অধীন নয় বাগানের কোন সরদার মজুরী করিবার জিলায় গিয়া মজুরী পাইয়া খাটিবার চুক্তি করিয়া লইবার নিমিত্ত ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে এমত প্রদেশ কি জিলা হইতে আনিলে কি আসিতে প্রবৃত্তি দিলে, শ্রীযুত লেপ্টেনণ্ট গবর্নর সাহেবের শাসনাধীন জিলার মধ্যে প্রথম যে স্থানে পঁহুছে বাগানের সরদার সেই স্থানে, কিম্বা কলিকাতায় প্রথমে পহুছিলে কলিকাতায়, এই অধ্যায়ের বিধানমতে রেজিষ্টরী করিবার জন্যে তাহাকে উপস্থিত করিবে ইতি।

বঙ্গদেশের অন্তর্গত নয় এমন জিলার মধ্যে দেশীয় ব্যক্তিদিগকে সংগ্রহ করিবার কথা।

مگر شرط يهه هے که جب اون کميشنرون کے روبرو وجهه کافي ظاهر کيجاي تو اونکو اختيار رهيگا که چهه مهينے کي ميعاد مذکوره بالا کے منقضي هونے کي تاريخ سے چهه مهينے کي ميعاد زايد کے اندر ايسے دعاوي کو سماعت کرين *

دفعه ٥ — هر ايسے دعويدار کو لازم هي که اپنے دعوي کے ساتهه مفصل بيانات اپنے دعوي کے گذرانے *

هر ايسي دستاويز کو جسکي بنا پر که وه اپنے دعوي کو قايم کري يا جسپر اوسکے ثبوت هين وه استدلال رکهتا هو اوس دعوي کے ساتهه کميشنرون کے حواله کري *

اگر وه دستاويز کوئي رقم مندرجه بهي هوتو دعويدار کو لازم هي که وه بهي معه نقل اوس رقم مندرجه کے جسپر که وه استدلال کرتا هي کميشنرون کے روبرو پيش کري کميشنرون کو لازم هوگا که اوس بهي کي شناخت کے واسطے اوسپر نشان کردين اور اوس نقل کو جانچ کر اور اصل کے ساتهه اوسکا مقابله کرکے بهي مذکور دعويدار کو واپس کرين *

اگر کوئي دستاويز جو دعويدار کے قبضه يا قابو مين هو دعوي کے ساتهه کميشنرون کے حضور پيش نکيجاي يا اونکے حواله نکيجاي تو کميشنرون کو اختيار هي که مقدمه کي تحقيقات کے وقت اوس دعويدار کي طرف سے دستاويز مذکور کو وجهه ثبوت مين نه لين *

کميشنرون کو اختيار هي که جو دعوي اونکے روبرو حسب ايکٹ هذا پيش کيا گيا هو اوسکے حالات تفصيلوار اور زياده اوسے جوکه گذرانے گئے هون وقتاً فوقتاً طلب کرتے رهين اور نيز اونکو اختيار هي که اگر مناسب جانين توجب تک وه حالات جسطور گذرانے جاين دعوي کي تحقيقات مين کار روائي نکرين *

دفعه ٦ — ايکٹ هذا کي اغراض کے لئے کميشنرون کو اختيار هي که گواهون کے نام سمن جاري کرين اور جبراً اونکو حاضر کراين اور شهادت دينے پر اور دستاويزات کے پيش کرنے پر مجبور کرين اور اس امر مين وهي وسائل حتي الامکان اسي طور پر عمل مين لائين جيسا که عدالت ديواني کے واسطے مجموعه ضابطه ديواني مين حکم هي *

دفعه ٧ — کميشنرون کو اختيار هي که کسي شخص سے جسکا اظهار اونکے روبرو هو ايسے معاملات کے بابت جو حسب ايکٹ هذا زير تحقيقات هون حلف يا اقرار صالح اوسطور پر کراين جو اونکے نزديک مناسب هو *

دفعه ٨ — هر تحقيقات جو کميشنرون کے روبرو در باب اوس دعوي کے جو اونکے حضور مين حسب ايکٹ هذا پيش کيا گيا هو يا کسي ايسے دعوي کے متعلق کسي امر کے بابت هو وه حسب معني مجموعه تعزيرات هند کے کارروائي عدالت متصور هوگي *

اور هر بيان ايسے شخص کا جسکا اظهار اوس تحقيقات کے باب مين بحلف يا اور نهج پر کميشنرون نے ليا هو يا اونکے روبرو ليا گيا هو حسب معني مجموعه مذکور کے گواهي متصور هوگا *

[*Government Gazette*, 11th November 1873.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 11, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ১১ নবেম্বর।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

No. 22.

Calcutta, the 23rd August 1873.

High Court, English Department. *Civil.*

In continuation of Circular Order No. 10, dated 31st May last, the Court is pleased to prescribe for general adoption in all the Civil Courts subject to its control the accompanying form for commissions issuing, under Section 175, Act VIII of 1859, for the examination of witnesses.

By order of the High Court,
W. M. Souttar,
Registrar.

COMMISSION TO EXAMINE WITNESSES.

IN THE COURT OF THE JUDGE OF DISTRICT

Original Suit (*or* Appeal) No. of 187 .

Plaintiff,

versus

Defendant.

TO

COMMISSIONER ON BEHALF OF THE

(PLAINTIFF OR DEFENDANT.)

Whereas it is necessary to examine the person (*or* persons) named in the margin as a witness (*or* witnesses) on behalf of (the plantiff or defendant) in the above-mentioned case,—You are hereby appointed Commissioner with full power and authority to examine the said witness (*or* witnesses) upon the interrogatories hereunto annexed: And you are further empowered and commanded, that you do, at certain days and places to be appointed by you for that purpose, cause the said witness (*or* witnesses) to come before you, and then and there examine him (*or* each of them) upon the said interrogatories, either on his (*or* their respective) oath (*or* oaths) or affirmation (*or* affirmations) secondly specified in the Schedule hereunto annexed, to be first taken before you in such solemn manner as is or may be authorized by law: And that you do take such examination (*or* examinations) and reduce the same into writing; and when you shall have so taken and reduced the same into writing as aforesaid, you are to send the same to this Court, within days from the date hereof closed up under your hand and seal, distinctly and plainly set, together with the said interrogatories and this writ: And you are further commanded, that before you act in the swearing or examining the said witness (*or* witnesses), you do take the oath or affirmation first specified in the schedule hereunto annexed.

Dated this day of in the year one thousand eight hundred and seventy .

(Seal of the Court.)

District Judge.

I.—The Commissioner's Oath.

I swear that I will, according to the best of my skill and knowledge, truly, faithfully, and without partiality to any of the parties in this case, take the examinations and depositions of such witness (*or* witnesses) as may be produced before me.

So help me God.

[*Government Gazette,* 11*th November* 1873.]

হাই কোর্টের দেওয়ানী সরকুলর।

২২ নম্বর

কলিকাতা, ১৮৭৩ সাল ২১ আগস্ট।

ইংরেজী ডিপার্টমেণ্ট।

১৮৫৯ সালের ৮ আইনের ১৭৫ ধারামতে সাক্ষিদের জোবানবন্দী লইবার যে কমিশান দেওয়া যায় হাই কোর্টের সাহেবেরা গত মে মাসের ৩১ তারিখের ১০ নং সরকুলর অবলম্বনে ঐ কমিশান লিখিবার নিম্নলিখিত পাঠ নির্দ্দিষ্ট করিয়াছেন। হাই কোর্টের অধীন সকল দেওয়ানী আদালতে ইহার ব্যবহার হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

ডবলিউ, এম, সুটর,
রেজিষ্ট্রার।

সাক্ষিদের জোবানবন্দী লইবার কমিশান।

অমুক জিলার জজ সাহেবের আদালতে।

অমুক সালের অমুক নম্বরের মোকদ্দমা (কি আপীল)

শ্রীঅমুক ... ... বাদী।

শ্রীঅমুক ... ... প্রতিবাদী।

বাদির কিম্বা প্রতিবাদির পক্ষে

কমিশানর শ্রী অমুক প্রতিভাগে।

পূর্ব্বোক্ত মোকদ্দমায় বাদির (কি প্রতিবাদির) সপক্ষ সাক্ষি (কি সাক্ষিগণ) বলিয়া পার্শ্ব লিখিত ব্যক্তির (কি ব্যক্তিদের) জোবানবন্দী লওয়া আবশ্যক—এহেতুক তোমাকে কমিশানরের কর্ম্মে নিযুক্ত করা গেল ও নিম্নলিখিত প্রশ্ন বিষয়ে উক্ত সাক্ষির কি সাক্ষিদের জোবানবন্দী লইতে তোমাকে সম্পূর্ণ শক্তি ও ক্ষমতা দেওয়া গেল। আরো তোমার প্রতি এই কর্ম্ম করিবার ক্ষমতা ও আজ্ঞা দেওয়া গেল, আপনার সম্মুখে ঐ সাক্ষির (কি সাক্ষিদের) উপস্থিত হইবার দিন ও স্থান নিরূপণ করিয়া সেই দিনে ও স্থানে তাহাকে (কি তাহারদিগকে) উপস্থিত করাইয়া এবং আইনে যে গম্ভীরভাবে শপথ কি প্রতিজ্ঞা করিবার বিধান আছে তদনুসারে এই পত্রের তফসীলের দ্বিতীয় ভাগে যে পাঠ আছে সেই পাঠানুসারে তাহাকে (কি তাহারদিগকে) শপথ কিম্বা প্রতিজ্ঞা করাইয়া তৎকালে ও তৎস্থলে উক্ত প্রশ্নের বিষয়ে তাহার (কি তাহারদের প্রত্যেক জনের) জোবানবন্দী লইবা। আরো তুমি সেই জোবানবন্দী লইয়া তাহা লিখিয়া রাখিবা। ঐ জোবানবন্দী লিপিবদ্ধ করিলে পর তুমি এই প্রশ্নপত্র ও রিপোর্টের সঙ্গে সেই জোবানবন্দীপত্র আপনি নিজ স্বাক্ষর করিয়া ও স্পষ্ট ও পরিষ্কাররূপে মোহর বসাইয়া বন্ধ করিয়া এই পত্রের তারিখ অবধি এত দিনের মধ্যে এই আদালতে পাঠাইবা। আরো তোমার প্রতি এই আজ্ঞা হইল যে, উক্ত সাক্ষিকে (কি সাক্ষিদিগকে) শপথ করাইবার ও তাহার (কি তাহারদের) জোবানবন্দী লইবার পূর্ব্বে তুমি এই পত্রের তফসীলের প্রথম পাঠের নির্দ্দিষ্টমতে আপনি শপথ কি প্রতিজ্ঞা করিবা।

অমুক সালের অমুক মাসের অমুক তারিখে দেওয়া গেল।

জিলার জজ।

১।—কমিশানরের শপথ।

আমার সম্মুখে যে সাক্ষিকে (কি সাক্ষিদিগকে) উপস্থিত করা যাইবে আমি আপন বুদ্ধি ও জ্ঞান অনুসারে ন্যায্য ও বিশ্বস্তভাবে এ এই মোকদ্দমার কোন পক্ষের পক্ষপাতী না হইয়া তাহার (কি তাহারদের) সাক্ষ্য ও জোবানবন্দী লইব ইহা শপথ করিয়া কহিলাম।

ইহাতে পরমেশ্বর আমার সহায় হউন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১১ নবেম্বর।]

The Commissioner's Affirmation.

I solemnly declare that I will, according to the best of my skill and knowledge, truly, faithfully, and without partiality to any of the parties in this case, take the examinations and depositions of such witness (*or* witnesses) as may be produced before me.

II.—The Witness' Oath.

I swear that the evidence which I shall give in this case shall be true; that I will conceal nothing; and that no part of my evidence shall be false.

So help me God.

The Witness' Affirmation.

I solemnly declare that the evidence which I shall give in this case shall be true; that I will conceal nothing; and that no part of my evidence shall be false.

NOTE.—Christians to whom the oath is administered will be sworn upon the New Testament.
To others the oath will be administered upon such symbol, or accompanied by such act, as may be usual, or as the persons taking the oath may acknowledge to be binding on their conscience.

No. 23.

Calcutta, the 11th September 1873.

HIGH COURT, ENGLISH DEPARTMENT, *Civil.*

The Court is pleased to direct, with reference to applications for enrolment as Pleaders or Mooktears made by persons who have passed the examination contemplated by the Rules drawn up under Section 4, Act XX of 1865 that where the application is made in a district different from that in which the examination was passed, it must be accompanied by a letter from the Judge of the District in which the applicant passed, or in which he received permission to appear at the examination, certifying that such person has stated his desire to practise in the district named, and setting forth the reasons, together with a statement of the certifying Judge's belief that the application is *bonâ fide*.

2. Such letter shall be granted upon a petition presented in open Court, and notice of such petition shall be first stuck up in a conspicuous part of the Court-house for 14 days.

By order of the High Court,

W. M. SOUTTAR,
Registrar.

No. 15.

Calcutta, the 12th September 1873.

HIGH COURT, ENGLISH DEPARTMENT, *Civil.*

The attention of District Judges, Subordinate Judges, and Judges of Small Cause Courts, is called to the rules which direct that applications for leave on the part of such officers should be submitted through the High Court to the Government.

By order of the High Court,

W. M. SOUTTAR,
Registrar.

[*Government Gazette*, *11th November* 1873.]

কমিশ্যনরের প্রতিজ্ঞা।

আমার সম্মুখে যে সাক্ষিকে (কি সাক্ষিদিগকে) উপস্থিত করা যাইবে আমি আপন বুদ্ধি ও জ্ঞান অনুসারে ন্যায্য ও বিশ্বস্তভাবে ও এই মোকদ্দমার কোন পক্ষের পক্ষপাতী না হইয়া তাহার (কি তাহারদের) সাক্ষ্য ও জোবানবন্দী লইব, ইহা ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিয়া কহিলাম।

২।—সাক্ষিদের শপথ।

এই মোকদ্দমায় যে সাক্ষ্য দিব তাহা সত্য হইবে আমি কোন কথা গুপ্ত রাখিব না ও আমার সাক্ষ্যের কোন কথা অসত্য হইবে না ইহা শপথ করিয়া কহিলাম।

ইহাতে পরমেশ্বর আমার সহায় হউন।

সাক্ষিদের প্রতিজ্ঞা।

এই মোকদ্দমায় যে সাক্ষ্য দিব তাহা সত্য হইবে আমি কোন কথা গুপ্ত রাখিব না, ও আমার সাক্ষ্যের কোন কথা অসত্য হইবে না, ইহা ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিয়া কহিলাম।

মন্তব্য।—খ্রীষ্টান লোককে শপথ করাইতে হইলে ধর্ম্ম পুস্তকের অন্তঃভাগ লইয়া শপথ করাইতে হইবে। অন্য লোকদিগকে শপথ করাইতে হইলে তাহারা যে চিহ্ন স্বীকার করিয়া কিম্বা যে কর্ম্ম করিয়া শপথ করিয়া থাকেন কিম্বা যাহা করিয়া কি কহিয়া তাহারা সত্য কহিতে আপনাদিগকে বদ্ধ জানে তাহা করিয়া কি কহিয়া শপথ করিবেন।

---

২৩ নম্বর।

কলিকাতা, ১৮৭৩ সাল ১১ সেপ্টেম্বর।

ইংরেজী ডিপার্টমেণ্ট।

১৮৬৫ সালের ২০ আইনের ৪ ধারামতে যে বিধি করা গেল কোন ব্যক্তি সেই বিধিমতে পরীক্ষোত্তীর্ণ হইয়া যে জিলায় পরীক্ষা দিলেন তাহা ছাড়া অন্য জিলার উকীল কি মোক্তার বলিয়া নাম লেখাইবার প্রার্থনা করিলে, তদ্বিষয়ে হাই কোর্টের সাহেবেরা এই আজ্ঞা করিয়াছেন। ঐ ব্যক্তি যে জিলায় পরীক্ষা দিলেন কিম্বা পরীক্ষার উপস্থিত হইবার অনুমতি যে জিলায় পাইলেন তাঁহার প্রার্থনাপত্রের সহিত সেই জিলার জজ সাহেবের একখানি পত্রও দিতে হইবে। ঐ ব্যক্তি অমুকং কারণে উক্ত জিলায় ওকালতী কি মোক্তারী করিবার বাসনা প্রকাশ করিয়াছেন জজ সাহেবের পত্রে এই মর্ম্মের সর্টিফিকট এবং ঐ জজ সাহেবের বিশ্বাসমতে ঐ ব্যক্তি সরলভাবে ঐ প্রার্থনা করিয়াছেন এই কথাও লেখা থাকিবে।

২। উক্ত প্রার্থনাপত্র খোলা কাছারীতে জজ সাহেবকে দেওয়া যাইবে ও ঐ প্রার্থনা হইবার নোটিস ১৪ দিন পর্য্যন্ত কাছারীর কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে পরে জজ সাহেব ঐ পত্র দিবেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

ডবলিউ, এম, সূটর,
রেজিষ্ট্রার।

স্মরণার্থ সরকুলর।

১৫ নম্বর।

কলিকাতা ১৮৭৩ সাল ১২ সেপ্টেম্বর।

ইংরেজী ডিপার্টমেণ্ট।

জিলার জজ সাহেবেরা ও সবর্ডিনেট জজেরা ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজেরা ছুটী চাহিলে তাঁহারদের ছুটী পাইবার প্রার্থনাপত্র হাই কোর্টদ্বারা গবর্ণমেণ্টে পাঠাইতে হইবে, এই বিধিতে তাহারদের মনোযোগ করিতে আদেশ হইল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

ডবলিউ, এম, সূটর,
রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১১ নবেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 11, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ১১ নবেম্বর।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

নীলামের ইশ্‌তেহার।

জিলা ২৪-পরগনা।

এস্তেহারনামা কাছারি কালেকটরি জেলা ২৪-পরগনা এই যে

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশ পরগনার নীচের লিখিত মহালাত সন ১৮৭৩ সালের ২৮ সেপ্টেম্বর কিস্তীর মালগুজারির বাকি বাবত ইংরাজি সন ১৮৭৩ সালের ৫ ডিসেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৮০ সাল ২১ অগ্রহায়ণ রোজ শুক্রবার ঐ জেলার কালেকট্টরি কাছারিতে বিনাওজর নিলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৭৩ সাল তারিখ ২৪ অক্টোবর মোতাবেক সন ১২৮০ সাল তারিখ ৯ কার্ত্তিক

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমাধার্য্য হওয়া মহাল

গবর্ণমেণ্টের বাকী মালগুজারির নিমিত্ত নিলাম হইবেক

৬৫৮ নং কিঃ পরগনে বালিয়া তরফ শ্রীকৃষ্ণপুর লিখিত মালিক রামধন বসু ওগয়রহ সদরজমা কোম্পানী মায় পোলীস ১১৪১৷৶১

F. B. PEACOCK, *Collector.*

[*Government Gazette, 11th November* 1873.]

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও সন ১৮৬৮ সালের ৭ আইনের ৫ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্নলিখিত মাহাল সন ১৮৭৩ সালের নাগাদে কিস্তি সেপ্টেম্বরের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৭৩ সালের ১ ডিসেম্বর মোতাবক সন ১২৮০ সালের ১৭ অগ্রহায়ণ সোমবার জেলা মুরশিদাবাদের কালেক্টরির কাছারিতে অবশ্য নীলাম হইবেক ইতি সন ১৮৭৩ সাল তারিখ ১০ অক্টোবর।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ	তৌজীর নম্বর	নাম মাহাল	নাম তালুকদার	সদর জমা		তাহার রকম যাহা নীলাম হইবেক।
১	প্রথম শ্রেণীর মাহাল	৫৭	কিঃ পঃ খড়গাঁ পঃ খড়গাঁ	ফকিরচন্দ্র দোলগোবিন্দ রামেশ্বর কারকরমা ব্রজকুমার ধরম দত্ত শারদা সুন্দরী মধুসূদন কাঙ্গালি নাথ হরিলাল রায় মহামায়া দেব্যা তারিণীপ্রসাদ রায় চৌধুরী হরিশ্চন্দ্র কারকরম ও রামেশ্বরী দেবী	২৩৯৭৸/১০ এই জমার মধ্যে তারিণীপ্রসাদ রায় চৌধুরীর অংশ ১১৷৷ গণ্ডার কাত সদর জমা যাহা পৃথক হিসাব করিয়াছে তাহাই নীলাম হইবেক ৮৫৸/৪		তারিণীপ্রসাদ রায় চৌধুরীর পৃথক করিয়া লওয়ার অংশ নীলাম হইবেক রকম ১১৷৷ কাত সদর জমা ৮৫৸/৪
২	ঐ	১০০	কিঃ পঃ চুণাখালী পঃ চুণাখালী	রাজকিশোর চন্দ্রচূড় রামকুমার হরপ্রসাদ কাশীশ্বর মহারাণী স্বর্ণময়ী জয়নারায়ণ বসু রাধাকৃষ্ণ বিশ্বনাথ মৃত্যুঞ্জয় রায় ব্রজসুন্দরী দাস্যা জীবনকৃষ্ণ প্রামানিক হারাধনী দাস্যা শ্যামসুন্দরী দাস্যা শশধর চৌধুরী প্যারী সুন্দরী দাস্যা আশুতোষ ও চারুচন্দ্র বসু রাণী যমুনাকোঙরী রাণী সুভদ্রাকোঙরী মাতা হরীন্দ্র সিংহ নাবালগ কামিনী সুন্দরী ওরফে ওরফে লুটমণী দাস্যা পুলিন বেহারি সেন গোকুলমণী চৌধুরাণী শারদাপ্রসাদ ওরফে রাধিকাপ্রসাদ রায় চৌধুরী শ্যামাচরণ বসু কামিনী সুন্দরী দাস্যা কাঙ্গাবিমল চুনিচাঁদ ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায় যোগিন্দ্র মোহনী দেব্যা শশীভূষণ মুখোপাধ্যায় ও সরস্বতী দেব্যা	২৩,২ ৩ ৩৫৫১৷৶৫ বাদ যাহা মহারাণী স্বর্ণময়ী রাণী যমুনাকোঙরী রাণী সুভদ্রা কোঙরী মাতা হরীন্দ্র সিংহ নাবালগ চারুচন্দ্র বসু জয়নারায়ণ বসু আশুতোষ বসু শশধর চৌধুরী শ্যামাচরণ বসু শ্যামাসুন্দরী চৌধুরাণী গোকুলমণী চৌধুরী	১০৭৷ ৶৯ ৪৫৩৸৶০ ৮৩৷৷৶১৷ ১৬৭ ৶০ ৮৩৷ ৶৷১ ১০৪৷ /১০ ২০১৷ ৶০ ৬২৸৶০ ২১২৸০	এজমালি অংশ নীলাম হইবেক তাহার সদর জমা ১৩৯১৷/৫

					শারদাপ্রসাদ ওরফে রাধিকাপ্রসাদ রায় ২৬২৸৹ ক্ষেত্রনাথ বাড়ুর্য্যা ওরফে যোগেন্দ্র মোহিনী দেব্যা ৩৬১৸৶৩ হারাধনী দাস্যা ৬৫১১। লুটমনী ওরফে কামিনীসুন্দরী দাস্যার পৃথক হিসাব হইয়াছে ৬৫১১। ২১৬০৶ বক্রী এজমালি অংশ নীলাম হইবেক তাহার জমা ১৩৭১৶৫	
৩	ঐ	১২০	কিঃ মোঃ ছুটীপুর পং উজিরাবাদ	রাণী আনন্দময়ী রাণী যমুনাকোঙরী রাণী সুভদ্রা-কোঙরী মাতা হরীন্দ্র সিংহ নাবালগ	৭৬৯৸১০ বাদ যাহা রাণী যমুনাকোঙরী রাণী সুভদ্রাকোঙরী মাতা হরীন্দ্র সিংহ নাবালগ পৃথক হিসাব করিয়াছে ৩৮৪৸৶৫ বক্রী রাণী আনন্দময়ীর অংশ নীলাম হইবেক তাহার সদর জমা ৩৮৫৸৶৫	রাণী আনন্দময়ীর অংশ নীলাম হই-বেক তাহার সদর জমা ৩৮৪৸৶৫
৪	ঐ	২৩৪	পত্নী বাহাদুরপুর পং কাশীপুর	প্রসন্নচন্দ্র ঘোষ,	৭৪২৸৶৮	সমুদয় মাহাল

W. WAVELL,
Offg. Collector.

জেলা রাজশাহী।

এস্তাহার নামা কাছারি কালেক্টরী জেলা রাজশাহী।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাঅনুসারে অত্র জেলার তৌজিভুক্ত নিম্নেরলিখিত মহালের সন ১৮৭৩ সালের ২৮ সেপ্টেম্বরের প্রাপ্য বাকি মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আকুটানুসারে বাকি রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় জন্য ঐ সনের ২৮ নবেম্বর মোতাবেক সন ১২৮০ সালের ১৪ অগ্রহায়ণ শুক্রবার তারিখে এই কালেক্টরি কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি সন ১৮৭৩ ইং তারিখ ১৫ অক্টোবর।

তফসীল।

তৌজীর নম্বর	মহালের ও পরগনার নাম	নাম মালিক	সদর জমা	বাকী রাজস্ব	কৈফীয়ৎ।
২৫০	প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা দার্য্য হওয়া মহাল, তং সূর্য্যাগাড়া পং ভেগাছী।	কালীসুন্দরী দেব্যা সাবিত্রী দাস্যা কালীপ্রসাদ চৌধুরী ভবদেব তালুকদার শাস্তমণি দেব্যা গঙ্গাপ্রসাদ দেবীপ্রসাদ রাম সনাতন লাহিড়ী ঈশ্বরচন্দ্র গঙ্গাগোবিন্দ রায় দিগ্বসনা দেব্যা বিপীনচন্দ্র চৌধুরী বামাসুন্দরী দেব্যা চন্দ্রকান্ত রমণীকান্ত লাহিড়ি সূর্য্যকান্ত লাহিড়ি প্রাণনাথ রায় ও নাবালগ গৌরীনাথ ও গুরুপ্রসন্ন গবেষনাথ রায় রামচরণ গুরুচরণ বরদাচরণ গঙ্গাচরণ শিবচরণ দুর্গাদাস খাঁ হরময়ী দেব্যা কৈলাসচন্দ্র ও নাবালগ হরিদাস লাহিড়ী ১৬০৫৸৵৩ আনা সদর জমা তন্মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে রামচরণ গুরুচরণ বরদাচরণ গঙ্গাচরণ শিবচরণ দুর্গাদাস খাঁ ১৭৬।০ আনা ও হরময়ী দেব্যা কৈলাসচন্দ্র ও নাবালগ হরিদাস লাহিড়ি ৬৫৷৵০ আনা একুনে ২২১৷৷৵০ আনা সদর জমা হিসাব পৃথক হইয়াছে তদ্বাদে কালীসুন্দরী দেব্যা সাবিত্রী দাস্যা কালীপ্রসাদ চৌধুরী ভবদেব তালুকদার শান্তমণি দেব্যা গঙ্গাপ্রসাদ দেবীপ্রসাদ রামসনাতন লাহিড়ি ঈশ্বরচন্দ্র গঙ্গাগোবিন্দ রায় দিগ্বসনা দেব্যা বিপীনচন্দ্র চৌধুরী বামাসুন্দরী দেব্যা চন্দ্রকান্ত রমণিকান্ত লাহিড়ি সূর্য্যকান্ত লাহিড়ি প্রাণনাথ রায় ও নাবালগ গৌরীনাথ গুরুপ্রসন্ন ও গবেষনাথ রায়ের অংশ যাহা নীলাম হইবেক ..	১৩৮৩।০	১০৩৷৶০	হিসাব পৃথক করিয়া লওয়া অংশ বাদে বক্রী নিলাম হইবেক।

W. H. D'OYLY,
Collector

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১১ নবেম্বর।]

জিলা পূর্ব্বাংশ বর্দ্ধমান।

ইহারদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমানের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৩ সালের ২৮ সেপ্টেম্বর বন্ধের পর ৮ অক্টোবর তারিখে প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৩ সালের ৩ ডিসেম্বর বুধবার তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে সন ১৮৭৩ সালের তারিখ ২৪ অক্টোবর।

প্রথম শ্রেণীর ইস্তমুরারী জমাধার্য্য করা মহাল।

১৭নং। সাহাপুরদীগর পং জাহাঙ্গিরাবাদ মালিক চৌধুরী গোলাম রহমান ও নকুড়চন্দ্র শাহা ও কৃষ্ণপ্রসন্ন মজুমদার ও জরিফন মেছা বিবি গুরুদাস কুণ্ডু ও কফীলদ্দীন ওরফে তুতুমিঞা ও কাঙ্গালিচরণ শাহা ও সেহাতন নেছাবিবি সদর জমা ৮৫৬৯/১০ টাকা

এই মহালের মধ্যে নীচের লিখিত শরিকানের পৃথক হিসাব আছে তাহাদের অংশের রাজস্ব দাখীল হইয়া শোধ হইয়াছে ঐ সকল অংশ বাদে বাকী অংশ নীলাম হইবে ইতি।

জরিফন নেছাবিবি	...	...	১৩৯১৶/৩ টাকা
নকুড়চন্দ্র শাহা	...	...	৯০৪।৬ ঐ
কফিলদ্দীন ওরফে তুতুমিঞা	...	...	৮৩৪৷৶/৬ ঐ
গুরুদাস কুণ্ডু	...	...	২০৮৷৵/১১ ঐ
কাঙ্গালিচরণ শাহা	...	...	২০৮৷৵/১১ ঐ
সেহতন নেছাবিবি	...	...	৯০৪।৬ ঐ

১৫৮ নং। সমুদ্রগড়ি পং সাতসৈকা মালিক রহিমন নেছা বিবি ও কৈলাসচন্দ্র দে চৌধুরী ও গোবিন্দচাঁদ নন্দী ও নীলকমল দে চৌধুরী সদর জমা ... ২৭২০৷৷১০ টাকা

এই মহালে নীচের লিখিত ব্যক্তিগণের সন ১৮৫৯ সালের ১১ আইনের ৪১ ধারামতে সাধারণ রেজিস্টরী আছে যথা—

কৈপুখরিয়া দীগর ৯ মৌজার পত্তনীদার কেদারনাথ চক্রবর্ত্তীর ৯০০৲ টাকা পত্তনী জমা সমুদ্রগড়ি ও হরসুনার রকম ৵ আনা ও সীংহজুলী দিগর ১৬ মৌজার রকম /৮। আনার পত্তনীদার বেণীমাধব মল্লীকের ২৯৩৵/২ টাকা পত্তনী জমা

এবং নিজ সমুদ্রগড়ি ও হরসুনা রকম ।।০ আনার ও পলী ঠাকুরদাবা দীং ১৫ মৌজার রকম ।/১৩।—আনাকে ষোল আনা করিয়া তাহার রকম ৸০ আনার পত্তনীদার বনমালি নন্দীর ৭১৬৵/৭ টাকা জমায় সাধারণ রেজিস্টরী আছে।

১৭৪ নং। গোয়াড়া পং মামুদানিপুর মালিক কৃষ্ণদেব ভট্টাচার্য্য সদর জমা ৭২৭৸৵/৭ টাকা

৩

এই মহাল সকল কেবল বাকী রাজস্বের জন্য বিক্রয় হইবেক ইতি।

E. W. WHINFIELD,
Offg. Collector.

জিলা চট্টগ্রাম।

বাকী খাজনার জ্ঞাপনপত্রের পাঠ।

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৩ সালের ২৫ সেপ্টেম্বর তারিখে প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৩ সালের ১৫ ডিসেম্বর তারিখ ঐ জিলার কালেকটর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।" ইতি সন ১৮৭৩ ইং ১৭ অক্টোবর।

প্রথম শ্রেণীর কাএমি মহাল।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

৩৯ নং। তরফ আলি রোহমা মালিক ত্রিপুরাচরণ রায় সমুদয় মহাল নীলাম বিক্রী হইবেক সদর জমা ৯৯৪৲

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

৩৯৮ নং। তরফ বছির হালিপ মালিক আকরআলি সমুদয় মহাল বিক্রী হইবেক সদর জমা ৫১৩৲

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

১২৭৯ নং। তরফ জয়রাম চৌধুরী মালিক আবদুল ওদুদ ও কবখোদবক্স ও অহির-মিঞা ও মবারকবক্স ও নজুমিঞা ও তাজমিঞা ও করিমমিঞা ও মকিজমিঞা সমুদয় মহাল বিক্রী হইবেক সদর জমা ১৪২০।/০

J. C. VEASEY,
Offg. Collector.

[*Government Gazette*, 11*th* *November* 1873.]

জিলা রঙ্গপুর।

এস্তাহার নামা কাছারি কালেকটরী জেলা রঙ্গপুর এই যে,

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও ১৮৬৮ সালের ৭ আইনের ৩ ধারানুযায়ি সংবাদ দেওয়া যাইতেছে যে, জেলা রঙ্গপুরের মধ্যস্থিত নীচের লিখিত মহাল ১৮৭৩ সালের ৮ অক্টোবর তারিখের প্রাপ্য বাকী রাজস্ব আদায় জন্য ইংরেজী ১৮৭৩ সালের ১৭ ডিসেম্বর মোতাবেক বাঙ্গালা ১২৮০ সালের ৩ পৌষ বুধবার ঐ জেলার কালেকটরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও নিতান্তই বিক্রী হইবেক। সন ১৮৭৩ ইংরেজী তারিখ ২৯ অক্টোবর মোতাবেক সন ১২৮০ সাল তারিখ ১৪ কার্ত্তিক।

তপসীল।

প্রথম শ্রেণীর ইস্তমুরারী জমা ধার্য্য করা মহাল।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রয় হইবেক।

নং ৭ তৌজি মৌজে মোভাসা ওগায়রহ চাং ফতেপুর মালিক তারামোহন চৌধুরী ও ব্রজকিশোরী দাস্যা ও ঈশানচন্দ্র চৌধুরী ও হরসুন্দরী দেব্যা চৌধুরাণী ও মতিউল্লা ও কুঞ্জবউল্লা ভৈরবচন্দ্র চৌধুরী ও নাবালগ আমীরউল্লা ও সোণা বিবি ও মহারাজা নৃপেন্দ্রনারায়ণ ভুপ বাহাদুর ও ধনেশ্বরী দাস্যা ও নীলকান্ত শর্ম্মা ও জয়ন্তী দেব্যা ও মহাম্মদ ছাদউল্যা স্বয়ং ও ঐ ছাদউল্লা ও কমরুদ্দীন মহাম্মদ উভয় পক্ষে এনাএতুল্লা ও ফরহাতুল্লা ও মজফরউল্লা নাবালগ ও বরদা সুন্দরী দেব্যা ও বামা সুন্দরী গুপ্তা চৌধুরাণীর ১৮৫৯ সালের ১১ আইনের ১০।১১ ধারামতে স্বতন্ত্র হিসাবের বাকী আদায় করায় তাহা বাদে হরচন্দ্র গোস্বামী ও হরিশ্চন্দ্র রায় ও প্রতাপ মল রাখা ওরফে মানকা রাখা ও আরিয়ন্নেছা খাতুন ও যদুনাথ সাহা চৌধুরীদিগের এজমালি মহাল সদর জমা ৭৪৬৸০ আনা নীলাম হইবেক মোট মহালের সদর জমা ৬৫৫৫৶/৮ পাই বাকী ১০৪৸/১০ পাই।

RUNGPORE COLLECTOR'S OFFICE.
The 3rd November 1873.

J. MONRO,
Offg. Collector.

জিলা পাবনা।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা অনুসারে জেলা পাবনার মধ্যবর্ত্তী নিম্নলিখিত দুই মহাল ১৮৭৩ সালের ২৮ সেপ্টেম্বর দশহরার তাতিল উপলক্ষে কাছারী বন্ধ থাকায় কাছারী খোলার দিবস ৮ই অকটোবর মোতাবেক ২৩ আশ্বিন তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৩ সালের ২২ ডিসেম্বর মোতাবেক সন ১২৮০ সালের ৮ পৌষ সোমবার ঐ জেলার কালেকটর সাহেবের কাছারীতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে সন ১৮৭৩। ২৪ অকটোবর।

৬২ নং তৌজীর মহাল পং সীন্দরির মোতালক ঘোপ সীলন্দা তাং রাজকৃষ্ণ মজুমদার ধর্ম্ম-নারায়ণ লাহিড়ী প্রভৃতি মোট সদর জমা ১৮৫৯।৶/২ পাই টাকা তন্মধ্যে ১৮৫৯ সালের ১১ আইন মতে হিসাব পৃথক হওয়া অন্নপূর্ণা দাস্যা ও হরসুন্দরী দেব্যা প্রভৃতির হিস্যার ৪০৯৲১ পাই সদর জমার অংশ বাকী না থাকায় তাহা বাদে বক্রী এজমালী রাজকৃষ্ণ মজুমদার ধর্ম্মনরায়ণ লাহিড়ী চণ্ডীপ্রসাদ মজুমদার ও মহাম্মদ আজ্জাম ও গোপীনাথ সান্ন্যাল ও রামনাথ সরকার ও কালীচরণ সিংহ দীগর ও শ্যামাসুন্দরী দাস্যা দীগর ও গোলাম আব্বছ ও নজরদ্দীন চৌধুরী ও মহাম্মদ এছরাইল ও কমরুদ্দীন মহাম্মদ আছান ওরফে আজীমদ্দীন চৌধুরি ও আনন্দমণি দাস্যার ১৪৫০।৶/১ টাকা সদর জমার অংশ ২৯৫।৶/৪ টাকা বাকী খাজনা আদায় জন্য নীলাম।

১১২০ নং তৌজীর মহাল পরগনে রাজরাম নাজীরপুর তরফ ভাঁড়ারার নুতন পয়স্তী চর তালুক মহব্বতন্নেছা হুসীরন্নেছা বিবি ও তোরাবালী খাঁ ও আজীমন্নেছা বিবি ও সোণাজান বিবি ও শান্তমণি দেব্যা মথুরা নাথ ও যদুনাথ মজুমদার ও শারদা সুন্দরী দেব্যা ও হরিমোহন ও হরনাথ ও কৃষ্ণনাথ পাল ও রামধন শাহা ও উমরন্নেছা ও এলাহী বকশ খাঁ ৭৫৫৶৵১১ টাকা সদর জমা ১৮৯।৶/৭ টাকা বাকী খাজানা আদায় জন্য নীলাম হইবেক।

R. PORCH,
For Collector.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ১১ নবেম্বর।].

NOTICE.

Bengali Edition of the Acts of Government.

The Acts of the Government of India, and those of the Government of Bengal, will after publication in the *Bengalee Government Gazette,* be printed in pamphlet form for sale to the public, at a price which will be fixed in each instance to cover the cost of printing and paper. The first of the series will be the Criminal Procedure Act, now *ready,* the price of which is Rs. 1-4 per copy.—Postage 5 annas.

বিজ্ঞাপন।

গবর্ণমেন্টের আইনসমূহের বাঙ্গলা সংস্করণ।

ভারতবর্ষ ও বঙ্গদেশের গবর্ণমেন্টের আইন বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হইলে পর পুস্তকাকারে মুদ্রিত হইয়া কাগজ ও মুদ্রাঙ্কণের ব্যয় পোষণার্থ নির্দ্দিষ্ট মূল্যে সর্ব্বসাধারণকে বিক্রয় করা যাইবে, তন্মধ্যে প্রথমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রকাশ হইয়াছে মূল্য ১।০ মাত্র।—ডাকে পাঠাইতে হইলে ডাকমাশুল ।/০ আনা লাগিবে।

Rates of Subscription to the Bengali Government Gazette,

FROM 1st JANUARY 1872.

Payable in advance.

For one year, without postage	Rs. 10	0	0
Ditto, with postage	„ 12	8	0

When postage stamps are remitted in payment of subscription, half an anna in the Rupee should be added for discount.

১৮৭২ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাশুল বিনা এক বৎসরের	১০৲
ডাকমাশুল সুদ্ধ ঐ	১২॥০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি আধ আনা মূল্যের একর খাম ডাকের টিকিট ডিস্কোণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

[*Government Gazette,* 11*th November* 1878.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুক্ত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1790, ১৭৯০ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 18, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ১৮ নবেম্বর ।

CONTENTS.

নির্ঘণ্ট ।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড ।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি ।

HOME DEPARTMENT.

NOTIFICATION.—PUBLIC.

Simla, the 5th November 1873.

No. 3453.—Mr. C. A. Daniell, of the Bengal Civil Service, has obtained from Her Majesty's Secretary of State an extension of furlough for one month and four days.

A. C. LYALL,
Secy. to the Govt. of India.

DEPARTMENT OF AGRICULTURE, REVENUE, AND COMMERCE.

NOTIFICATION—GENERAL.

Simla, the 5th November 1873.

No. 877.—Mr. J. E. O'Connor, Registrar, Department of Agriculture, Revenue, and Commerce, is allowed privilege leave of absence for three months, with effect from the 23rd instant.

A. O. HUME,
Secy. to the Govt. of India.

RESOLUTION BY HIS EXCELLENCY THE VICEROY AND GOVERNOR-GENERAL OF INDIA.

FORT WILLIAM, *the 7th November* 1873.

THE periodical reports of the state of the crops published in the *Calcutta Gazette* have shewn that the autumn harvest of rice will fail to a large extent in many districts of the provinces of Bengal and Behar, and that in some districts of the Province of Behar especially there is reason to fear that the harvest of the coming spring will partially fail also. These prospects may yet be modified for the better, or for the worse, by the condition of the weather during the next three months.

2. The Lieutenant-Governor of Bengal brought these grave circumstances to the notice of the Government of India at the earliest possible moment. No time has been lost in devising, in concert with His Honor, the measures and the policy best adapted to avert the distress which threatens extensive and populous tracts of country: for it is certain that such losses must occur as will cause severe pressure on some classes of the population in many districts, during a period of several months.

3. As some little time must elapse before the extent of the evil can be fully known, the conduct to be pursued by the Government cannot at present be exactly decided. But the Governor-General, fully recognising the advantage of publicity on such an occasion, will state the views and intentions of the Government of India so far as they can now be determined.

4. Various suggesitons have been received to the effect that the Government should interfere with the trade in grain, either by prohibiting the exportation of this most important article, or by undertaking the general purchase and distribution of it throughout large tracts of country, or by regulating in some manner the prices of it in the markets. Without making any pledge as to what may or may not be done in the event of extreme necessity arising which cannot now be foreseen, the Government is not prepared to adopt any such measures, and would always avoid them, so far or so long as they could possibly be avoided.

5. The Governor-General has full confidence that the energy and enterprise of those engaged in the internal trade of British India will prove equal to the occasion, and that supplies (excepting under the conditions to be noticed hereafter) will generally be at hand to meet any deficiencies of grain in different parts of the country.

6. It has been officially reported that on the very first appearance of the prospect of a short autumn harvest, large quantities of grain were imported into the trade centres of Behar, and much evidence has since been received to the effect that grain is being despatched by the

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—পবলিক।

সিমলা, ১৮৭৩ সাল ৫ নবেম্বর।

৩৫৫৩ নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত সি, এ, ডানিয়েল সাহেব শ্রীশ্রীমতী মহারাণীর ষ্টেট সেক্রেটরী সাহেবের স্থানে আর এক মাস চারি দিন নিয়মিত ছুটী পাইয়াছেন।

এ, সি, লায়েল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

কৃষিকার্য্য ও রাজস্ব ও বাণিজ্যসংক্রান্ত কর্ম্মবিভাগ।

বিজ্ঞাপন।—জেনরল।

সিমলা, ১৮৭৩ সাল ৫ নবেম্বর।

৮৭৭ নম্বর।—কৃষি ও রাজস্ব ও বাণিজ্য সংক্রান্ত কর্ম্ম বিভাগের রেজিষ্ট্রার শ্রীযুত জে, ই, ওকনর সাহেব এই মাসের ২৩ তারিখ অবধি তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

এ, ও, হিউম,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

মহিমবর রাজপ্রতিনিধি ও ভারতবর্ষের গবরনর জেনরল সাহেবের নির্দ্ধারণ।

ফোর্ট উলিয়ম, ১৮৭৩ সাল ৭ নবেম্বর।

ধান্যের অবস্থাবিষয়ক যে রিপোর্ট সময়েং কলিকাতা গেজেটে প্রকাশ হইয়াছে, তদ্দ্বারা জানা গেল যে বঙ্গ ও বেহার দেশের অন্তর্গত অনেক জিলায় আমন ধান্য অতিকম জন্মিবে, বিশেষতঃ বেহার প্রদেশের কোনং জিলায় রবী ফসলেরও কিয়দংশ কম হইয়া পড়িবে। এই তিন মাসের মধ্যে কালের গতিক অনুসারে হয়তো ফসলের আশা বৃদ্ধি হইতে পারে, নয়ত আরো মন্দও হইতে পারে।

২। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যাথামতে ত্বরায় ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকট এই ভয়ানক ভাবের কথা জানাইলেন। ফলতঃ অনেক ধান্য নষ্ট হবেং হলে, ইহাতে অনেক জিলায় কোনং শ্রেণীর লোকদের কএক মাসপর্য্যন্ত বড়ং কষ্ট হইবে। অতএব দেশের অতিবিস্তৃত ও জনাকীর্ণ প্রদেশে যে বিপত্তির আশঙ্কা হইতেছে ইহার প্রতিকারের কি উপায় করিতে, ও কি প্রকারে রাজস্বমিতি রক্ষা করিতে হইবে, মান্যবরের সহিত ইহার বিবেচনা করিবার কিছুমাত্র বিলম্ব হয় নাই।

৩। কত দূর কষ্ট হইবে ইহা সম্পূর্ণরূপে জানিবার জন্যে কিছুকাল বিলম্ব হইতে পারে, সুতরাং গবর্ণমেণ্ট যে কি উপায় করিবেন তাহা এইক্ষণে স্থির করিয়া বলা যাইতে পারে না। কিন্তু এই দুঃখের সময়ে গবর্ণমেণ্টের অভিপ্রায় প্রকাশ করা অত্যন্ত বিহিত জানিয়া, ভারতবর্ষের গবর্ণমেণ্ট ইহার মধ্যে যাহা করিতে কল্পনা করিয়াছেন শ্রীযুত গবরনর জেনরল সাহেব তাহা প্রকাশ করিতেছেন।

৪। ধান্যের ব্যবসায়ে গবর্ণমেণ্টের হস্তক্ষেপ করা কর্ত্তব্য বলিয়া নানা প্রকারের পরামর্শ দেওয়া গিয়াছে, কেহং ভিন্নদেশে ধান্যের রফ্তানী নিবারণ করিতে বলিয়াছেন, কেহং কহেন যে অনেক ধান্য ক্রয় করিয়া বড়ং জিলায় গবর্ণমেণ্টের তাহা বিতরণ করা উচিত। কেহং বা হাটে বাজারে চাউলের দর নিরিখ বান্ধিয়া দিতে কহিয়াছেন। ধান্যের অভাবে ঘোরতর কষ্ট হইবে কি না তাহা এখন বলা যায় না, হইলেই বা গবর্ণমেণ্ট যে কি করিবেন বা না করিবেন এই সম্বন্ধে তাহার কোন প্রতিজ্ঞা করিবেন না। কিন্তু উক্ত কোন কর্ম্ম করিতে ইচ্ছুক নহেন, আর সেই প্রকারের বিধান না করিয়াও চলিতে পারিলে করিবেন না।

৫। যে ব্যক্তিরা ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে বাণিজ্য ব্যবসায় করিয়া থাকেন বিপত্তির আশঙ্কানুসারে তাঁহারদের যত্ন ও উৎসাহ বাড়িয়া উঠিবে শ্রীযুত গবরনর জেনরল সাহেবের এমত দৃঢ় আশা হইতেছে। এবং পশ্চাৎ লিখিত কোন অবস্থাভিন্ন, দেশের নানা স্থানে ধান্যের অনাটন হইলেই সচরাচর তাহা যোগাইয়া দিবারও উপায় করা যাইবে।

৬। শরৎকালীন ফসল কম জন্মিবার প্রথম লক্ষণ দেখিবামাত্র বেহার দেশের প্রধানং গঞ্জে অনেক ধান্যের আমদানী করা যায়, এই কথা গবর্ণমেণ্টের নিকট রিপোর্ট করা গিয়াছিল। তৎপরেও যেং জিলায় ধান্যের অধিক অনাটন হইবার অপেক্ষা ছিল ধান্যের ব্যবসায়িরা বিলম্ব না

merchants without any delay or hesitation to the principal marts in the districts likely to be affected by scarcity. The Governor-General is sanguine that the same commercial activity will prevail wherever it is needed, and that it will become greater and greater according as the demand for it may be intensified.

7. It has, however, been proved, by the sad experience of famines in India, that exceptional circumstances may arise whereby numbers of persons may be exposed to danger of starvation, or to disease arising from want of food. In all such cases, where human life may be at stake, the Government and its officers will do their utmost to apply the most effectual remedy that may be practicable, and will strive, by forethought and management, to prevent the occurrence of any such misfortunes.

8. There are certain respects and particulars in which the Government, while abstaining from interference with the ordinary course of trade, can render assistance towards mitigating the effects of scarcity.

9. In the first place, the opportunity will be taken to prosecute with vigor the execution of public works in those districts where large numbers of persons are, or will soon be, in need of employment or in distress.

10. Orders have been given by the Government of India to enlarge the operations on the canal from the River Soane, and to begin the Northern Bengal State Railway in anticipation of the sanction of the Secretary of State, for both which works plans and estimates are ready; which works, too, will be carried on in the midst of the district where want of employment must be most felt, and are calculated to benefit the country generally, and especially to prevent or lessen the occurrence of scarcity in future.

11. The Lieutenant-Governor of Bengal has been authorized to begin immediately such public works (in addition to those already in progress) as can be usefully undertaken in distressed districts, whether from funds granted by the Government of India, or from provincial funds, or from local resources.

12. The requirements for labour on all these public works will afford employment to large numbers who by reason of the cessation or the slackness of the usual agricultural operation in a season of scarcity, may be thrown out of work.

13. Thus considerable bodies of men will be congregated on or near the works at a distance from their homes, and often in localities remote from the established markets. It will be necessary, therefore, that sufficient supplies of food be collected for their sustenance. If the accumulation of such supplies be left to the ordinary course of commerce, special pressure will be put on the grain trade in certain localities at the very time when all its resources are being taxed for the general supply of the province or district. And if the wages were to be paid in cash to so large an aggregate of labourers, an extraordinary rise of prices would be created by the action of Government, thereby aggravating the crisis in districts already placed in critical circumstances, and so far counteracting the benefit which the works were intended to secure, namely, the mitigation of the effect of the scarcity.

14. Now, in regard to those public works carried on under the orders either of the Supreme Government or of the Local Government, the State will be in the position of an employer of labour on an unusually large scale, and is justified in doing that which all other employers do, namely, selecting the mode of remunerating its workpeople most acceptable to them, the most suitable to the surrounding circumstances. Such mode of remuneration will generally be payment in kind, that is, in food-grain. For this particular purpose, then, sufficient supplies of grain will be purchased and laid in both by the Government of India and by the Local Government for the public works under their charge respectively. These supplies will be obtained in such a manner as to interfere as little as possible with the trade in grain and with the supplies of food ordinarily available for consumption in the neighbourhood of the works, or within the area of the distressed districts. The Governor-General relies on the carefulness of the Local Government in making provision with this view. For the works to be carried on from imperial funds, the Supreme Government has resolved, in regard to its liability for the maintenance of the labourers, to arrange for obtaining supplies from provinces beyond the

করিয়া ও উৎকণ্ঠিত না হইয়া সেই২ জিলার বড়২ গঞ্জে অনেক শস্য পাঠাইয়াছেন ইহারও অনেকপ্রমাণ পাওয়া গিয়াছে। প্রয়োজন হইলেই বাণিজ্যসংক্রান্ত সেই প্রকারের গতুশীলতা প্রকাশ হইবে ও ধান্যের যত কষ্ট বাড়িবে সেই যত্নও ততই বাড়িয়া উঠিবে, এই বিষয়ে শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অত্যন্ত আশা হইতেছে।

৭। কিন্তু পূর্ব্বেও দেখা গিয়াছে যে ভারতবর্ষের মধ্যে দুর্ভিক্ষ হইলে কদাচিত স্থানের অনেক লোক অনাহারে মরিয়া যায় কিম্বা অনাহারপ্রযুক্ত তাহারদের রোগ জন্মিয়া থাকে। এমন স্থলে প্রাণ-হানির আশঙ্কা হইলে গবর্ণমেণ্ট ও তদীয় কার্য্যকারকেরা সাধ্যমতে অত্যন্ত ফলজনক প্রতিকার করিবেন, ও পরিণামদর্শিতা ও সুদক্ষতাপূর্ব্বক তদ্রূপ বিপত্তি নিবারণ করিতে চেষ্টা করিবেন।

৮। স্থলবিশেষে ও গতিকবিশেষে গবর্ণমেণ্ট বাণিজ্য ব্যবসায়ের নিয়মিত প্রথায় হস্তক্ষেপ না করিয়াও দুর্ভিক্ষজনক কষ্ট নিবারণের সাহায্য করিতে পারেন।

৯। প্রথম, যেং জিলায় বহুলোকের কর্ম্মের অভাব ও দুঃখ হইতেছে বা কিঞ্চিৎপরে হইতে পারিবে সেইং জিলায় খাল খনন প্রভৃতি সরকারী কার্য্য অত্যন্ত যত্নপূর্ব্বক চালান যাইবে।

১০। সোণনদের শাখাস্বরূপ যে খাল কাটা যাইতেছে ভারতবর্ষের গবর্ণমেণ্ট তৎসংক্রান্ত কার্য্য বাড়াইবার, ও ষ্টেট সেক্রেটরী সাহেবের অনুমতির অপেক্ষায় বঙ্গদেশের উত্তরদিগের ষ্টেট রেলওয়ের কর্ম্ম চালাইবার আজ্ঞা দিয়াছেন। এই দুই কর্ম্মের নক্শা ও ইষ্টিমেট প্রস্তুত হইয়াছে। আরো যে স্থানে ঐ দুই কর্ম্ম চালান যাইবে সেই স্থানেই কর্ম্মের অভাবপ্রযুক্ত অত্যন্ত কষ্টের সম্ভাবনা। দেশেরও উপকার হইবে। বিশেষতঃ ভাবিকালে ধান্যের আর অনাটন না হইবার, হইলেও যৎসামান্য হইবার সম্ভাবনা।

১১। রাজপথপ্রভৃতি প্রস্তুত করিবার যে কার্য্য এইক্ষণে চালান যাইতেছে তাহা ছাড়া বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি এই আদেশ করা গেল, যে, ভারতবর্ষের গবর্ণমেণ্টের দত্ত টাকা কিম্বা বঙ্গদেশীয় রাজস্বের টাকা কি স্থানবিশেষে যে টাকা উৎপন্ন হইতে পারে তাহা খরচ করিয়া, প্রপীড়িত নানা জিলায় আর যেং কর্ম্ম করিলে লোকদের উপকার হইতে পারে এমত কর্ম্মে অগৌণে প্রবর্ত্ত হন।

১২। রীতিমতে যে কৃষিকার্য্য চলিয়া থাকে আকালের সময়ে তাহা একেবারে বন্দ না হইলেও শিথিল হইয়া পড়ে, ইহাতে কর্ম্ম না পাইয়া বহু লোকের দুঃখ হইতে পারিবে, অতএব রাজপথপ্রভৃতি প্রস্তুত করিবার লোকের প্রয়োজন হওয়াতে তাহারা কর্ম্ম পাইতে পারিবে।

১৩। তাহা হইলে বহুলোক আপনারদের বাড়ি হইতে ও যে স্থানে হাট বাজার থাকে সেইখান-হইতেও দূরস্থিত ঐ কর্ম্ম স্থানের নিকট গিয়া জমা হইবে, সুতরাং তাহারদের আহারের নিমিত্ত সেইং স্থানে প্রচুর পরিমাণের ধান্যাদিসংগ্রহ করিয়া রাখা আবশ্যক। তাহা না করিয়া বাণিজ্য-ব্যবসায়ের নিয়মিত ধারামতে সেইং স্থানে ধান্য আমদানী করিয়া দিতে হইলে কোন প্রদেশের কি জিলার সাধারণ লোকদের আহারের জন্যে যে সময়ে ধান্যাদি যোগাইয়া দেওয়াই কষ্ট হয় এমন সময়ে বিশেষং স্থানে ধান্য আনাইলে ব্যবসায়ের ভারি টান হইবে। আর অনেকং মজুর এক স্থানে একত্র হইলে যদি তাহারদের মজুরির নগদ পয়সা দেওয়া যায়, তবে গবর্ণমেণ্টের সেই নগদ দেওয়াতে চাউলের দর অতিশয় বাড়িয়া উঠিবে, তাহা হইলে যেং জিলায় অধিক কষ্ট হয় সেইং জিলায় আরো কষ্ট হইয়া উঠিবে সুতরাং যে আকালের ফল কমাইয়া দেওয়া অভিপ্রায় তাহা কম না হইয়া বরং লোকদিগকে কর্ম্ম দেওয়াতেই যে মঙ্গল সম্ভাবনা তাহাও নিষ্ফল হইয়া উঠিবে।

১৪। উপরিস্থ গবর্ণমেণ্টের কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে রাজপথ প্রভৃতি প্রস্তুত করণের কার্য্য চালান গেলে রাজা অসাধারণ সংখ্যক মজুরদের কর্ত্তার তুল্য অবস্থায় থাকে। সুতরাং অন্য সকল কর্ত্তা যেরূপ করিয়া থাকেন গবর্ণমেণ্টেরও সেইরূপ করিতে হইবে, অর্থাৎ গতিক বিবেচনায় যাহা উপযুক্ত ও মজুরদের নিকট যাহা গ্রাহ্য এমত কোন প্রকারে তাহাদের মজুরী দিবেন। সচরাচর পয়সা না দিয়া তাহাদিগকে চাউলাদি দেওয়া যাইবে। এই কারণে ভারতবর্ষের গবর্ণমেণ্ট কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট যেং স্থানে লোকদের উপকারার্থ কার্য্য চালান সেইং স্থানে প্রয়োজনমতে চাউল কিনিয়া রাখিবেন। চাউলের ব্যবসায় সচরাচর যে রূপে চলিয়া থাকে তাহার হানি না করিয়া, ও সেই কর্ম্ম-স্থানের নিকটং স্থানে কিম্বা প্রপীড়িত জিলার মধ্যে লোকদের আহারের জন্যে সচরাচর যে ধান্যা-দির আমদানী হয় সাধ্যমতে তাহার হানি না জন্মাইয়া, গবর্ণমেণ্ট ঐ চাউল আনাইয়া রাখিবেন। স্থানীয় গবর্ণমেণ্ট সেই অভিপ্রায় লক্ষ করিয়া মনোযোগে কার্য্যের বিধান করিবেন, এই বিষয়ে তাঁহার প্রতি শ্রীযুত গবরনর জেনরল সাহেবের নির্ভর হইতেছে। রাজকীয় ধন খরচ করিয়া যে কার্য্য চালান যাইবে তৎসম্পর্কীয় মজুরদের আহারাদি দিবার যে দায় উপরিস্থ গবর্ণমেণ্টের প্রতি বর্ত্তে গবর্ণমেণ্ট সেই দায় লক্ষ করিয়া, বঙ্গ ও বেহার দেশের ফসলের অনাটন দ্বারা যেং দেশের কষ্ট হইতে পারে তাহার

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১৮ নবেম্বর।]

limits of the territories affected by the failure of the crops in Bengal and Behar. The Government of Madras and the Chief Commissioner of British Burma have accordingly been requested to make purchases gradually, through the agency of the trade, for this purpose.

15. The future arrangements for the supply of food-grain for the labourers on the public works will be strictly limited according to the requirement and to the purpose in view.

16. Besides the works just described, which are to be undertaken by the Government, there are many public improvements which can be undertaken, either by corporations or other bodies, such as municipalities and trusts. For loans of money from the Government treasury to such corporations ample provision is made by Act XXIV of 1871 (the Local Public Works Loan Act). In some cases, under the rules recently promulgated in accordance with the Act, the Lieutenant-Governor is competent to make the loans on his own authority from funds which have been allotted for that purpose by the Government of India. In those cases where, under the rules, the sanction of the Government of India is necessary, any judiciously matured project, any well considered application, which may be recommended by the Local Government, will meet with the immediate approval of the Government of India. If the rules in respect to preliminary enquiry and the like shall be deemed by the Lieutenant-Governor to cause delay which may be prejudicial at a critical time, His Honor is authorized to relax them temporarily.

17. For agricultural improvements, the Land Improvement Act (XXVI of 1871) provides for advances of money being made by Government to any landlord or tenant desiring to make an improvement in any land of which he is in possession or occupation. The improvements specified in the Act, that is, wells, tanks, and other works for the storage and distribution of water, works for draining, reclaiming, clearing, and enclosing lands, are well suited for employing the labour which may be unemployed in the villages by reason of the stoppage of ordinary work in the fields. The Governor-General earnestly hopes that many landlords will take advantage of the provisions of the Act. The rules under this Act recently promulgated by the Local Government with the sanction of the Government of India contain many precautionary provisions which are necessary in ordinary times, but which at a time of urgency might cause undesirable delay. The Lieutenant-Governor is authorized to make such relaxation of the rules as His Honor may deem advisable under the circumstances of the districts effected by the drought.

18. In reference to the local works, the Governor-General desires that the levy of the road cess may be postponed in any district or portion of a district where the Lieutenant-Governor may consider that the cess-payers are in distress. It is to be remembered that in those districts which are not so severely affected the proceeds of the road cess will afford the means of usefully employing any surplus labour that may be thrown upon the market.

19. In the next place, the Government may contribute something towards facilitating the transport of grain in the interior of the country. The Agents, therefore, of the Guaranteed Railway Companies, whose lines traverse Bengal and Behar, have been authorized to reduce by one-half the rates charged for the carriage of grain despatched to the district affected by scarcity, the Government undertaking to reimburse the Companies for the difference thus caused in the traffic receipts. The precedent is followed which was established by the adoption of a similar course in 1869.

20. The Governor-General is sure that the private steam-flotillas on the principal rivers, and the native craft which is so abundant throughout the river system of Bengal, will bear a most useful part in the conveyance of grain to the places where it is urgently needed.

21. In those places where the means of water-carriage do not exist, the grain-traders must mainly depend on the country carriage. There may, indeed, be ground for apprehension that, as the dry season advances, mortality beyond the average must arise among the draught cattle. This subject will doubtless receive the anxious consideration of the Local Government and of its officers. Every aid that can be afforded by the Commissariat or other public departments will be rendered; and enquiries are being made as to the practicability of constructing tramways in the distressed districts.

[*Government Gazette*, 18*th November* 1873.]

বহির্ভূত অন্য দেশহইতে চাউল আনাইবার নিয়ম করিতে স্থির করিয়াছেন। এই অভিপ্রায়ে মাল্রাজের গবর্ণমেন্টের ও ব্রিটনীয় বর্ম্মা দেশের প্রধান কমিশ্যনর সাহেবের নিকট আদেশ করা গিয়াছে যে তাঁহারা ধান্য ব্যবসায়িদের স্থানে ক্রমেং চাউল ক্রয় করিয়া পাঠাইয়া দেন।

১৫। ইহার পর সাধারণের উপকারার্থ কার্য্যে যে মজুরেরা খাটে তাহারদিগকে চাউল যোগাইয়া দিবার নিয়ম কেবল প্রয়োজন অনুসারে ও উক্ত অভিপ্রায় লক্ষ করিয়া করা যাইবে।

১৬। পূর্ব্বোক্ত যেং কার্য্য গবর্ণমেন্ট নিজে চালাইবেন তাহা ছাড়া নানা স্থানের মুনিসিপালিটি ও ট্রষ্টীগণ প্রভৃতি সমাজবদ্ধ ব্যক্তিরা সাধারণের উপকারার্থ আর নানাপ্রকারের কর্ম্মও চালাইতে পারিবেন। স্থানবিশেষে সাধারণের উপকারার্থ কার্য্য চালাইবার নিমিত্ত ঋণ গ্রহণ বিষয়ক ১৮৭১ সালের ২৪ আইনে গবর্ণমেন্ট ট্রেজুরিহইতে সেই সমাজবদ্ধ লোকপ্রভৃতির ঋণ লইবার যথেষ্ট বিধান হইয়াছে। উক্ত আইনমতে সম্প্রতি যে বিধি প্রচলিত হইয়াছে, তদনুসারে ভারতবর্ষের গবর্ণমেন্ট যে টাকা নিরূপণ করিয়া দিলেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কোনং স্থলেও তাহাহইতে আপনি ঋণ দিতে পারিবেন। সেই বিধিমতে ভারতবর্ষের গবর্ণমেন্টের অনুমতি লইতে হইলে, বিবেচনাপূর্ব্বক যে কার্য্য সফল করিবার উদ্যোগ করা যায় কিম্বা সদ্বিবেচনা করিয়া যে কর্ম্মে উপযুক্তমতে টাকা প্রয়োগ হইতে পারে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তদ্বিষয়ে অনুরোধ করিলে ভারতবর্ষের গবর্ণমেন্ট অগৌণেই তাহা অনুমোদন করিবেন। কোন কর্ম্মে প্রবর্ত্ত হইবার পূর্ব্বে বিধিমতে যে অনুসন্ধানাদি লইতে হইবে তদ্দারা বিলম্ব হইয়া কষ্টের সময়ে হানিও জন্মিতে পারে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের এমত বিবেচনা হইলে উক্ত মান্যবর সাহেব কিয়ৎকালের নিমিত্ত ঐ বিধি শিথিলও করিতে পারিবেন।

১৭। কোন জমীদার কি রায়ত যে জমী অধিকার কি ভোগদখল করেন তাঁহার সেই জমী উৎকৃষ্ট করিবার জন্যে ও কৃষিকার্য্যের উন্নতির নিমিত্ত টাকা চাহিলে, ভূমি উৎকৃষ্ট করণবিষয়ক ১৮৭১ সালের ২৬ আইনমতে গবর্ণমেন্ট টাকা আগাম দিতে পারিবেন। ক্ষেত্রে সচরাচর যে কর্ম্ম করা গিয়া থাকে সেই কর্ম্ম বন্দ হওয়াতে গ্রামাদির মধ্যে অনেক লোক কর্ম্ম বিনা দুঃখ পাইবে ঐ আইনের নির্দ্দিষ্ট কার্য্য চালাইয়া অর্থাৎ ইন্দারা ও পুকুর খনন, ও জল রাখিবার ও বিতরিবার অন্যাং কর্ম্ম ও জল বাহির হইবার কর্ম্ম ও জলা জমা ভরাট ও জঙ্গল পরিষ্কার করিয়া ও জমা ঘেরিয়া দেওনপ্রভৃতি কর্ম্ম চালাইয়া ঐ লোকদিগকে কর্ম্ম দেওয়া যাইতে পারিবে। অনেক জমীদার ঐ আইনের বিধানমতে উপকার গ্রহণ করিয়া কর্ম্ম চালাইবেন শ্রীযুত গবরনর জেনরল সাহেবের এই দৃঢ় আশা। অল্প দিন হইল স্থানীয় গবর্ণমেন্ট ভারতবর্ষের গবর্ণমেন্টের অনুমতিক্রমে ঐ আইনমতে যে বিধি প্রচলিত করিলেন তাহার মধ্যে হানি নিবারণের জন্যে অনেক বিধি হইয়াছে। সাধারণ গতিকে সেই প্রকারের বিধি অত্যাবশ্যক কিন্তু বিশেষ কষ্টের সময়ে সেই বিধি মানিলে অনেক বিলম্ব হইতে পারে। কোন জিলায় আকাল হইলে সেই জিলার ভাবগতিক বিবেচনায় শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের জ্ঞানে ঐ বিধি শিথিল করা উচিত হইলে তিনি তাহা করিতে পারিবেন।

১৮। স্থানবিশেষে লোকদের উপকারার্থ যে কার্য্য চালান যাইবে তৎসম্পর্কে শ্রীযুত গবরনর জেনরল সাহেব এই আদেশ করিয়াছেন। কোন জিলায় কি জিলার কোন অংশে যাঁহাদের স্থানে পথকর লওয়া যাইতে পারে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাঁহারদিগকে দুঃখগ্রস্ত জানিলে সেইং স্থানে পথকর লওয়া স্থগিত রাখিবেন। কিন্তু যেং জিলায় তাদৃশ কষ্ট না হয় সেইং জিলায় ঐ পথকরদ্বারা যে টাকা উৎপন্ন হয় তাহাহইতে আরং নিষ্কর্ম্মা লোকদিগকে উপকারজনক কর্ম্ম দিবার উপায় জন্মিতে পারিবে, ঐং জিলার লোকেরা ইহাও মনে রাখিবেন।

১৯। অপর, দেশের অন্তর্গত নানা স্থানে শস্যাদি সহজেই চালান হইতে পারে গবর্ণমেন্ট এই বিষয়েও কিঞ্চিৎ উপকার করিতে পারেন। অতএব গবর্ণমেন্ট যেং রেলওয়ে কোম্পানির এক প্রকার জামিন আছেন সেইং কোম্পানির রেলপথ বঙ্গ ও বেহার দেশের মধ্য দিয়া গেলে, এজেন্ট সাহেবদের প্রতি এই অনুমতি দেওয়া গেল, তাহারা গাড়ীতে করিয়া যে দরে শস্যাদি লইয়া গিয়া থাকেন, প্রপীড়িত কোন জিলায় শস্যাদি চালান হইলে তাহার অর্দ্ধেক দরে লইয়া যাইবেন ইহাতে তাহারদের আয়ের যে হানি হয় গবর্ণমেন্ট তাহা পূরণ করিয়া দিবেন। ১৮৬৯ সালে সেই প্রকারের নিয়ম হইয়াছিল এইক্ষণে সেই নিয়মানুযায়ি কর্ম্ম আবার করা যাইবে।

২০। বড়ং নদীতে যেং ষ্টীমর গিয়া থাকে ও বঙ্গদেশের অন্যাং নদনদী দিয়া দেশীয় যেং নৌকাদি গিয়া থাকে কষ্টের যেং স্থানে শস্যাদি আনাইয়া দেওয়া অত্যাবশ্যক সেইং স্থানে তাহারাও ঐ শস্যাদি পহুছাইয়া দিতে সাহায্য করিবে, শ্রীযুত গবরনর জেনরল ইহা নিশ্চয় জানেন।

২১। দেশের যেং স্থানে জলপথ না থাকাতে নৌকাদি দ্বারা যাওয়া না যায়, সেইং স্থানে ধান্য ব্যবসায়িদের বলদগাড়ী প্রভৃতি ছাড়া শস্য চালান করিবার আর উপায় নাই। বৎসরং যত বলদ মরিয়া থাকে, এইবার শুষ্ক কালে তাহার অধিক মরিবে এমত আশঙ্কা হইতেও পারে। এই বিষয়ে স্থানীয় গবর্ণমেন্ট ও তদীয় কার্য্যকারকগণ উৎসুক হইয়া সুবিবেচনামতে কর্ম্ম করিবেন, সন্দেহ নাই। কমিসেরিয়ট ডিপার্টমেন্ট কিম্বা রাজকীয় অন্য কর্ম্ম বিভাগহইতে যে উপকার পাওয়া যাইতে পারিবে তাহা অবশ্য করা যাইবে। এইক্ষণে প্রপীড়িত দেশে ট্রামওয়ে চালাইতে পারা যায় কি না ইহার বিবেচনা হইতেছে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ১৮ নবেম্বর।]

22. Should the distress become severe, and should the worst anticipations be realized, the Government will assist in the formation of relief committees, and in the organization of a system of relief for those who, despite all the operations of trade, may be threatened with death or disease from want of food. The Governor-General is sure that the private benevolence, which has always been conspicuous in India, will be evoked on this occasion, according as the need for its exercise shall become apparent. A central relief committee will, as soon as the Local Government shall consider it to be necessary, be formed at Calcutta as the capital of the provinces under the jurisdiction of the Lieutenant-Governor of Bengal. To this committee will be entrusted the general administration of the funds for relief which may be received from private sources and from the Government, and the distribution of those funds among the relief committees which the Lieutenant-Governor will establish in the districts affected by scarcity. The district relief committees will distribute assistance to the distressed either in cash or in grain, or in prepared food, according to the instructions which they may receive from the Local Government. Any purchases of grain which may be necessary will be made either by the central committee or by the district committees. If the committees lay in supplies of grain they will be instructed to do so in the manner best calculated to avoid undue interference with the ordinary course of trade, or with the stores available for consumption in the neighbourhood.

(*a.*) It is understood that in some districts planters, and other gentlemen of local influence and interest, will undertake a good deal of the minor Relief Works. The Lieutenant-Governor considers this an excellent arrangement which it is desirable to extend as far as possible, and he trusts that in districts where they have not done so, gentlemen of local position will come forward and take a share in carrying out Relief Works for the benefit of their tenantry and poorer neighbours.

(*b.*) In furtherance of the views already expressed, the Lieutenant-Governor will provide an Engineer for the charge of each district, in cases where two districts are at present under one Engineer. The districts which will thus obtain a separate Engineer will be—

District		
Chumparun ...	In the Patna	Division.
Purneah ...	„ Bhaugulpore	„
Bogra ...	„ Rajshahye	„
Pubna ...	„ Rajshahye	„
Maldah ...	„ Rajshahye	„
Bancoorah ...	„ Burdwan	„

(*c.*) An Assistant Engineer will also be given to each of the districts in the Patna and Bhaugulpore Commissionerships, an additional Assistant Engineer to the Patna, and for the present three additional Assistant Engineers to the Purneah District, in consequence of the heavy works in those districts. The bridges on the Ganges and Darjeeling Road will then be taken from the Purneah District and made into a separate charge. Should this amount of assistance be considered likely to be insufficient, Commissioners will give early intimation thereof, and what additional assistance they will require. If at any time it should prove possible to give up any portion of these extra establishments, an immediate report should be made.

(*d.*) The Relief Works in the Rajshahye Commissionership will be partly cared for by Major Lindsay, R. E., and the staff of the Northern Bengal State Railway; the requirements of the remaining portion of the Division are not at present known, but will be disposed of as soon as the reports are received.

(*e.*) In the Circular No. 80 (read above) authority has been given to the local entertainment of extra establishments as required. As far as Relief Works are concerned, these establishments will be for the purposes indicated in paragraphs 4 and 9; and the Lieutenant-Governor will look to the local Officers to arrange for all establishments subordinate to the Engineers, except for really important professional works, when application may be made to Government for additional assistance, after the most has been made of the subordinates attached to districts. These applications must show clearly how existing Public Works Establishments are employed, and how it is proposed to employ those applied for.

10. *Tools.*—It is customary in many districts for the work-people to bring their own tools. The Lieutenant-Governor would wish this custom to be upheld as far as possible. Not only will the Government be thereby relieved of the necessity of providing a large number of tools, but the laborers will not part with their implements, and will have the tools ready to resume their ordinary occupations on leaving the Relief Works.

(*a.*) At the same time, it must be realized that destitute people are not to be refused work for want of tools. It will, in some instances, be a difficult and delicate duty to require tools from the people, and at the same time not to withhold them in cases where they cannot be brought. The Lieutenant-Governor must look to the tact and arrangements of the Commissioners, Magistrates, and those engaged in the work to give the best effect possible to his wishes.

(*b.*) A depôt of tools will be formed at the Head-Quarters of each Commissioner, and the tools will be distributed under his orders to the different districts.

(*c.*) Commissioners will report what number of tools in excess of those available and procurable locally must be sent to the depôts, in order to enable them to meet the cases in which it may be necessary to supply tools. In this report baskets should not be overlooked.

[*Government Gazette, 23rd December* 1873.]

আজ্ঞাধীনে সুবিজ্ঞ ও সচ্চরিত্র লোক তত্ত্বাবধারণ করিলে, মুহুরিরেরা কি সরকারেরা কর্ম্ম চালাইতে পারিবেন।

(ক) কোন২ জিলায় উপকারার্থ সামান্য প্রকারের যে কার্য্য চালান যাইবে সেই২ জিলার নীল-কর প্রভৃতি যে ব্যক্তিদের প্রভাব ও স্বার্থ থাকে তাঁহারাই ঐ কার্য্যের তত্ত্ব লইতে প্রবর্ত্ত হইবেন এমত জানিতে পাওয়া গেল। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব এই নিয়মটি উত্তম জ্ঞান করেন। সেই নিয়ম যত বিস্তৃতরূপে চালান যাইতে পারে ততই ভাল। যে২ জিলার ভদ্র২ লোক অদ্যাপি তাহাতে প্রবর্ত্ত হন নাই তাঁহারাও এক্ষণে অগ্রসর হইয়া আপনা২ প্রজাদের ও দুঃখি প্রতিবেশিদের উপকারার্থ কার্য্য চালাওনে হস্তক্ষেপ করিবেন শ্রীযুতের এই আশা হইতেছে।

(খ) উক্ত অভিপ্রায়ের প্রতিপোষণ করণার্থে, এইক্ষণে যে স্থানে দুই জিলা এক জন ইঞ্জিনিয়র সাহেবের অধীন আছে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সেই২ জিলায় এক২ জন ইঞ্জিনিয়র সাহেবের কর্ত্তৃত্ব থাকিবার বিধান করিবেন। যে২ জিলায় এক২ জন ইঞ্জিনিয়র থাকিবেন তাহার নাম এই২।

পাটনা খণ্ডের অন্তর্গত ... ... চাম্পারণ।
ভাগলপুর ঐ ঐ ... ... পুরণিয়া।
রাজশাহী ঐ ঐ { ... ... বগুড়া।
... ... পাবনা।
... . মালদহ।}
বৰ্দ্ধমান ঐ ঐ ... ... বাঁকুড়া।

(গ) পাটনা প্রভৃতি খণ্ডে ভারী২ কর্ম্ম চালান যাইতেছে এই কারণে পাটনার ও ভাগলপুরের কমিশ্যনর সাহেবদের অধীন প্রত্যেক জিলায় এক২ জন আসিস্টান্ট ইঞ্জিনিয়র, ও পাটনা জিলায় আর এক জন আসিস্টান্ট ইঞ্জিনিয়র, ও পুরণিয়া জিলায় এইক্ষণকার নিমিত্ত আর তিন জন আসিস্টান্ট ইঞ্জিনিয়র নিযুক্ত হইবেন। তাহা হইলে গঙ্গার ও দারজিলিঙ্গের রাস্তায় যে২ সাঁকো করিতে হইবে তাহা পুরণিয়া জিলাহইতে পৃথক করিয়া স্বতন্ত্র ব্যক্তির অধীন করা যাইবে। এত জন সহকারি কর্ম্ম-কারক নিযুক্ত হইলেও যদি কর্ম্মে না কুলাইয়া উঠে, তবে কমিশ্যনরেরা ত্বরায় তাহা জানাইয়া আর যত জন সহকারি কর্ম্মকারকের প্রয়োজন থাকে জানাইবেন। ঐ অতিরিক্ত কর্ম্মকারিদের মধ্যে কএক জন না থাকিলেও যদি কর্ম্ম চলিতে পারে, তবে তাহারও রিপোর্ট ত্বরায় করিতে হইবে।

(ঘ) রাজশাহীর কমিশ্যনর সাহেবের অধীন স্থানে উপকারার্থ যে কার্য্য চালান যাইবে মেজর লিনসি সাহেব, আর, ই, ও বঙ্গদেশের উত্তরাংশের স্টেট রেলওয়ের স্টাফ কর্ম্মকারকেরা তাহার এক অংশের তত্ত্ব লইবেন। ঐ খণ্ডের অন্য অংশে আর যে২ কর্ম্মের প্রয়োজন হইতে পারিবে তাহা অদ্যাপি জানিতে পারা যায় নাই কিন্তু রিপোর্ট পাওয়া গেলেই তাহার বিধান করা যাইবে।

(ঙ) পূর্ব্বোক্তমতে ৮০ নং যে সরকুলর পাঠ করা গেল, স্থান বিশেষে অধিক জন আমলার প্রয়োজন হইলে ঐ পত্রে তাহাদিগকে নিযুক্ত করিবার অনুমতি দেওয়া গেল। লোকদের উপকারার্থ কার্য্য সম্পর্কে, ৪ ও ৯ দফায় যে২ কর্ম্মের উল্লেখ হইয়াছে ঐ আমলারা তাহারই জন্যে হইবে। ইঞ্জি-নিয়র সাহেবদের অধীন সকল আমলার নিয়মকরণ বিষয়ে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব স্থানীয় কর্ত্তৃপক্ষদের প্রতি আশা রাখেন। কিন্তু স্থপতি বিদ্যাঘটিত অতি ভারী কোন কর্ম্ম থাকিলে জিলার অন্তর্গত নিম্ন শ্রেণীর কর্ম্মকারকদিগকে যথোচিতরূপে কর্ম্ম দেওয়া গেলে পর সহকারি কর্ম্মকারকদের নিমিত্তে গবর্ণমেণ্টের নিকট দরখাস্ত করা যাইতে পারিবে। পবলিক ওর্কসের সিরিস্তায় যে২ আমলা আছে তাহাদিগকে যে২ প্রকারের কর্ম্ম দেওয়া গিয়াছে, ও আর যত জনকে পাঠাইবার প্রার্থনা করা যায় তাহাদিগকে যে২ কর্ম্ম দিবার কল্পনা থাকে, দরখাস্তের মধ্যে ইহা স্পষ্ট করিয়া লিখিতে হইবে।

১০। হাতিয়ারের কথা।—অনেক জিলায় মজুরেরা আপনা২ হাতিয়ার সঙ্গে করিয়া আনিয়া থাকে। সেই নিয়ম যত দূর চলিতে পারে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তত দূর চালাইতে চাহেন। তাহা হইলে গবর্ণমেণ্টের অনেক হাতিয়ার যোগাইয়া দিবার প্রয়োজন থাকিবে না। তাহা ছাড়া মজুরেরা আপনারদের হাতিয়ার নিকটে রাখিবে ও পরে উপকারার্থ কার্য্য ছাড়িয়া গিয়া আপনারা যে কর্ম্ম করিত সেই কর্ম্মে পুনরায় লাগিলে তাহাদের সেই হাতিয়ার থাকিল।

(ক) এইরূপ হইলেও, দুঃখি প্রজাদের হাতিয়ার না থাকাতে তাহাদিগকে কর্ম্ম দিব না বলিয়া তাড়াইয়া দেওয়া যাইতে পারিবে না। স্থল বিশেষে লোকদের নিজ২ হাতিয়ার আনিতে বলা ও আনিতে না পারিলে তাহাদিগকে হাতিয়ার না দেওয়াই কঠিন ও জঞ্জালকর হইতে পারিবে। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব এই বিষয়ে আপনার যে অভীষ্ট প্রকাশ করিয়াছেন তাহা সাধ্যমতে সফল হইবার জন্যে তিনি কমিশ্যনর ও মাজিস্ট্রেট সাহেবদের ও ঐ কার্য্যে লিপ্ত অন্য ব্যক্তিদের কর্ম্ম-কৌশলের ও নিয়মের প্রতি নির্ভর করিতেছেন।

(খ) কমিশ্যনর সাহেবদের সদর মোকামে হাতিয়ার রাখিবার আড্ডা করা যাইবে ও তাঁহার আজ্ঞামতে ঐ হাতিয়ার জিলায়২ বিলি করিয়া দেওয়া যাইবে।

(গ) প্রয়োজন হইলেই হাতিয়ার যোগাইয়া দেওয়া যায় এই নিমিত্ত স্থানে২ যে হাতিয়ার আছে ও স্থানীয় বাজারে আর যাহা পাওয়া যাইতে পারে তাহা ছাড়া আর কত হাতিয়ার চাহেন কমিশ্যনর সাহেবদের ইহার রিপোর্ট করিতে হইবে। ঐ রিপোর্টের মধ্যে ঝাঁকিও ধরিতে ভুলিবেন না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২৩ ডিসেম্বর।]

11. *Accounts.*—In order to keep the Government properly informed of the progress of the expenditure during the present emergency, it is necessary that the district accounts of expenditure should be submitted monthly. This has been already ordered in a separate Circular No. 5716, dated 3rd current; but it is again repeated here that Relief Work accounts must be submitted in the form and under the procedure laid down for District Works accounts. It is extremely desirable that these accounts should be sent in punctually, as arrear accounts will greatly impair the executive efficiency of Engineer Officers: the District Engineer may, therefore, with the Commissioner's sanction, entertain extra Accountants and Clerks chargeable to Relief Works within reasonable limits.

(*a.*) In order to mark distinctly the extra establishments due to Relief Works, additional sub-heads should be entered in the extract from Register of Monthly Receipts and Expenditure, which is furnished to the Controller. These sub-heads should show separately—

a.—Superior Executive Establishment.
b.—Inferior ditto, such as Sircars and Mohurirs.
c.—Office Establishments.

(*b.*) The monthly accounts must be submitted punctually by the 20th of each month, as ordered.

ORDERS.—Ordered that a copy of this Resolution with its Appendices, of the Resolution by the Government of India in Public Works Department dated 28th October 1873 (with copy of their previous Resolution of 24th September 1868), and of the Orders of the Lieutenant-Governor in the Financial Department (Scarcity and Relief) of 3rd, 17th, and 25th November 1873 *read* above, be forwarded to the Superintending Engineers of all Public Works Circles in Bengal, to the Superintending Engineer of Northern Bengal State Railway, and to the Controller of Public Works Accounts in Bengal, for information and guidance.

ORDERED ALSO that a copy of this Resolution with its Appendices be forwarded to the Commissioners of all Divisions in Bengal and to the Officiating Joint-Secretary to the Government of Bengal in Public Works Department, Irrigation Branch, for information and guidance; and to the Secretary to the Government of Bengal in Financial Department (Scarcity and Relief) for information.

By order of the Lieutenant-Governor of Bengal,

J. E. T. NICOLLS, *Col., R. E.,*

Secretary to the Government of Bengal in the Public Works Department.

No. 5718A.

Copy of the above Resolution and of its appendices, together with copy of its enclosures, forwarded to the Commissioner of Assam in Public Works Department for information.

Appendix A.

Rules for guidance of Officers in charge of works when the quantity of rice obtainable for 1 rupee is less than 10 seers.

When the quantity of rice obtainable for 1 rupee is less then 10 seers, the Magistrate, under the orders of the Commissioner, will arrange for the opening of local depôts in connection with the relief works, at which food will be sold to work-people at the rate of not less than 10 seers for the rupee, so as to avoid the necessity for increasing the rate of wages.

2. It will rest with the Magistrate of the district to make timely arrangements, in the first instance, for the opening of local depôts, in convenient localities, for the supply of rice, for the erection of local stores or depòts, and for the engagement of Store-keepers or Moodees for the sale of rice at the fixed rate of 10 seers for the rupee.

3. When local depôts have been established, the Moodees will be suppliedwith rice by indent made by the Officer in charge of the work on the Officer in charge of the general rice depôt of the district. It will be the duty of the Officer in charge of the work to see that indents are submitted timely, and to fix, in communication with the Officer in charge of the general rice depôt, the number of days' notice required.

[*Government Gazette,* 23*rd Decembbr* 1873.]

১১। হিসাবের কথা।—এই বিপত্তির কালে যে প্রকারে টাকা খরচ হইয়া যাইতেছে তাহাও গবর্ণমেণ্টকে উপযুক্তমতে জানাইয়া রাখা আবশ্যক। এপর্যুক্ত নানা জিলার খরচের হিসাব মাসে২ পাঠাইতে হইবে। এই মাসের ৩ তারিখের ৫৭১৬ নম্বরের সার্কুলর পত্রে ইহার আজ্ঞা প্রকাশ করা গিয়াছে। তথাপি এই স্থানে পুনর্ব্বার লেখা যাইতেছে, জিলাসংক্রান্ত কার্য্যের হিসাব যে পাঠে লেখা গিয়া থাকে ও তাহা লিখিবার যে বিধি আছে, উপকারার্থ কার্য্যের হিসাবও সেই পাঠে ও সেই বিধিমতে লিখিয়া পাঠাইতে হইবে। ঐ সকল হিসাব ঠিক সময়ে পাঠান যায় ইহা বড়ই প্রয়োজন, যেহেতুক হিসাব বাকী পড়িলে ইঞ্জিনিয়র কর্ম্মকারকদের কর্ম্ম ফলজনকরূপে চলিবার অত্যন্ত ব্যাঘাত হইতে পারিবে। অতএব জিলার ইঞ্জিনিয়র সাহেবেরা কমিশ্যনর সাহেবের অনুমতি লইয়া অতিরিক্ত কএক জন হিসাবনবীস ও কেরাণী রাখিতে পারিবেন, ও যুক্তিমত সীমার মধ্যে তাহারদের বেতন উপকারার্থ কার্য্যের হিসাবে ধরা যাইতে পারিবে।

(ক) উপকারার্থ কার্য্যের জন্যে অতিরিক্ত যে আমলাগণ রাখা যায় তাহারদের কথা পৃথক্‌রূপে জানাইবার নিমিত্ত, কন্‌ট্রোলর সাহেবের নিকট মাসিক আয়ব্যয়ের যে রেজিস্টরের উদ্ধৃত কথা পাঠান গিয়া থাকে তাহার মধ্যে আর কএক দফা লিখিতে হইবে। ঐ২ দফায় এই২ কথা লেখা যাইবে।

ক। কর্ম্মসম্পাদনের উপরিস্থ আমলাগণ।

খ। সরকার মুহুরির প্রভৃতি নিম্নশ্রেণীর আমলা।

গ। আফিসের আমলা।

(খ) প্রতি মাসের ঠিক ২০ তারিখে ঐ মাসিক হিসাব দিতে হইবে।

আজ্ঞা।—বঙ্গদেশস্থ রাজকার্য্যের সকল চক্রের সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের ও বঙ্গদেশের উত্তরাংশের ষ্টেট রেলওয়ের সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের ও বঙ্গদেশস্থ পবলিক ওর্কসের হিসাবের কনট্রোলর সাহেবের জ্ঞান ও উপদেশার্থে তাঁহাদের নিকট এই নির্দ্ধারণপত্রের প্রতিলিপি ও তাহার সঙ্গে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭৩ সালের ২৮ অকটোবরের ও ঐ গবর্ণমেণ্টের ১৮৬৮ সালের ২৪ সেপ্টেম্বরের নির্দ্ধারণপত্রের প্রতিলিপি ও ফিনানশ্যাল ডিপার্টমেণ্টের (দুর্ম্মূল্য সংক্রান্ত) ও উপকার কার্য্য শাখায় শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ১৮৭৩ সালের নবেম্বর মাসের ৩ ও ১৭ ও ২৫ তারিখের পূর্ব্বোক্ত আজ্ঞাপত্র সম্বলিত ক্রোড়পত্র পাঠাইতে আজ্ঞা হইল।

আরো বঙ্গদেশের নানা খণ্ডের কমিশ্যনর সাহেবদের ও পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন সম্পর্কীয় কার্য্যশাখায় বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট সেক্রেটরী সাহেবের জ্ঞান ও উপদেশার্থে ও ফিনানশ্যাল ডিপার্টমেণ্টের দুর্ম্মূল্য ও উপকারসংক্রান্ত কার্য্যশাখায় বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের জ্ঞানার্থে ক্রোড়পত্র সহিত এই নির্দ্ধারণপত্র পাঠাইতে আজ্ঞা হইল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে,

জে ই টি নিকলস, কর্ণেল, আর, ই,
পবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

৫৭১৮ A নম্বর।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে আসামের কমিশ্যনর সাহেবের জ্ঞানার্থে উক্ত নির্দ্ধারণপত্রের ও ক্রোড়পত্রের ও তৎসহিত অন্য২ পত্রাদির প্রতিলিপি পাঠান গেল।

A চিহ্নিত ক্রোড়পত্র।

চাউলের দর টাকায় ।০ সেরের কম হইলে উপকারার্থ কার্য্যের কর্ত্তৃপক্ষদের যেরূপে কার্য্য করিতে হইবে তাহার বিধি।

১। চাউলের দর টাকায় ।০ সেরের কম হইলে কমিশ্যনর সাহেবের আজ্ঞাধীনে মাজিষ্ট্রেট সাহেব লোকদের উপকারার্থ কার্য্যের স্থানে গোলা করিবার নিয়ম করিবেন। সেই গোলায় মজুরদের নিকট ।০ সেরের কম হিসাবে চাউল বিক্রয় হইবে না। তাহা হইলে মজুরীর হার বাড়াইয়া দিবার প্রয়োজন থাকিবে না।

২। প্রথমেই জিলার মাজিষ্ট্রেট সাহেব দিন থাকিতে উপযুক্ত নানা স্থানে চাউল যোগাইয়া দিবার জন্যে গোলা খুলিবার নিয়ম, ও যে স্থানে কর্ম্ম চলে সেই স্থানে চাউল জমা করিয়া রাখিবার আড়ৎ কি গোলা করিবেন, ও টাকায় ।০ সেরের বাঁধা দরে বিক্রয় করিবার জন্যে দোকানদার কি মুদী নিযুক্ত করিয়া রাখিবেন।

৩। স্থানবিশেষে গোলা করা গেলে পর, উপকারার্থ কার্য্যের কর্ত্তৃপক্ষ সাহেব জিলার মধ্যে চাউলের বড় আড়তের কর্ত্তৃপক্ষের নামে ইণ্ডেণ্ট করিয়া চাউল আনাইয়া মুদিদিগকে যোগাইয়া২ দিবেন। ঐ ইণ্ডেণ্ট উপযুক্ত সময় থাকিতে দেওয়া যায় এক বিষয় দেখা, ও চাউলের বড় আড়তের কর্ত্তৃপক্ষের সঙ্গে লেখাপড়া করিয়া কত দিন থাকিতে তাঁহাকে নোটিস দিতে হইবে ইহা জানিয়া লওয়া, ঐ উপকারার্থ কার্য্যের কর্ত্তৃপক্ষের কর্ত্তব্য কর্ম্ম।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২৩ ডিসেম্বর।]

4. The Officer in charge of the general rice depôt will arrange for the delivery of the rice at the local depôt or Moodee's shop. A receipt in duplicate of the number of maunds of rice received should be taken by him from the Moodee, and he will recover the value of the rice at the rate of 4 Rs. per maund from the Officer in charge of the work, by a cheque on the Sudder Treasury.

5. The Officer in charge of the work will open a suspense account of rice, subordinate to the general head of Miscellaneous Advances, to which will be charged the value of rice and any expenses connected with the local depôt or Moodee's shop, and to which will be credited the amount received in exchange of the rice issued to work-people; any difference or loss will be adjusted at the close of the year by writing it off to the general head of "Famine Relief."

6. The Moodee will render to the Officer in charge of works an account of the number of maunds of rice received and of the daily quantity of rice issued; the amount received for the rice will be paid over to the Officer in charge of the works, or to his order, at intervals of not more than three or four days.

7. As regards the issue of rice to the laborers, the Magistrate of the district will fix a limit as to the quantity of rice to be issued daily to each person, men, women and children; and will also, if he considers it necessary, lay down the rules under which it should be issued; but unless orders to the contrary are received, the Officer in charge of works should proceed as follows.

8. The coolies should be arranged in gangs of a convenient size (perhaps from 10 to 20 in each) working under a gangsman or duffadar, who will be responsible for the coolies' task of work and for seeing that each person in his gang receives the authorized daily wages, and that the rice obtained from the shop is properly distributed to each person. In consideration of this duty, he might be exempted from the ordinary task of work.

9. Subordinate agents should also be employed in such proportion to the number of laborers on the work as may be fixed by the Magistrate, and the salary of these men will be charged to the work.

10. Payments will be made daily, if practicable, to each laborer, in the presence of the gangsman; the payment will be in cash, but each gangsman will be entitled to claim a ticket or order on the Moodee for whatever quantity of rice he may desire within the limit of issue fixed for each person employed under paragraph 7 of these rules, at the rate of 10 seers for the rupee, for which payment must be made to the Moodee at the time of delivery. It will be optional with the gangsman to take an order for the whole or portion of the quantity of rice allowable for his party. Tickets should be supplied to the subordinate agents, in books of 100 each, with counterfoils. The ticket will be issued to the gangsman, and the counterfoil will be retained by the agent.

11. The agent will be a sub-imprest-holder of the Officer in charge of the work, and in addition to rendering the daily report of the number of coolies employed, as provided for in Appendix B., he will keep a Muster Roll of the persons employed, and also an Imprest Cash Book in the usual Public Works Form.

Appendix B.

Rules for the submission of periodical returns of the number of laborers employed on Relief Works.

1. In authorizing a relief work to be carried out, the Magistrate should assign to each work a serial number by which the work may be identified in *all* returns till its completion, so as to avoid confusion in the nomenclature of works from the similarity of names and places.

2. In the case of works on which the sanction for outlay on each is less than Rs. 500, the whole of the works of each class in each Sub-Division of the District should be treated as *one work only*, such as "clearing out tanks in the Buxar Sub-Division," or "village paths in the Hajeepore Sub-Division," thus avoiding the unnecessary detail of works in the accompanying Forms, and in the accounts.

[*Government Gazette*, 23*rd December* 1873.]

৪। চাউলের ঐ বড়২ আড়তের কর্ত্তৃপক্ষ স্থানবিশেষের গোলায় কি মুদির দোকানে চাউল পঁহুছাইয়া দিবার নিয়ম করিবেন। ও মুদিকে যখন যত মণ চাউল দেওয়া যায় তাহার স্থানে উঁহার দোকর রসীদ লইবেন, পরে উপকারার্থ কার্য্যের কর্ত্তৃপক্ষ সদর খাজানাখানার নামে চ্যাক দিয়া মণপ্রতি ৪৲ টাকার হিসাবে ঐ চাউলের মূল্য দিবেন।

৫। উপকারার্থ কার্য্যের কর্ত্তৃপক্ষ "নানা কার্য্যের নিমিত্ত আগাম টাকার" সাধারণ হিসাব খাতার অন্দরে চাউলের অলগ হিসাব লিখিবেন। চাউলের যে মূল্য দেওয়া যায় ও গোলা কি মুদির দোকান প্রভৃতি করিতে যত টাকা খরচ হয় তাহা খরচ বলিয়া ঐ হিসাবে লেখা যাইবে। ও মজুরদিগকে চাউল দিয়া তাহার যে মূল্য পাওয়া যায় তাহা ঐ হিসাবে জমা করিয়া লওয়া যাইবে। বৎসরের অবসানে ঐ হিসাব নিষ্পন্ন করিয়া কিছু বিশেষ কি লোকসান দেখা গেলে তাহা "দুর্ভিক্ষকালীন উপকারার্থ কার্য্যের" হিসাবে খরচ লেখা যাইবে।

৬। মুদি যত মণ চাউল পায় ও রেজ যত করিয়া বিক্রয় করে উপকারার্থ কার্য্যের কর্ত্তৃপক্ষকে তাহার হিসাব দিবে। চাউল বিক্রয় করিয়া যত টাকা পায় তাহা তিন কিম্বা চারি দিন অন্তর ঐ কর্ত্তৃপক্ষকে কিম্বা তাঁহার আজ্ঞামতে দিবে। কিন্তু চারি দিনের অধিক যেন না যায়।

৭। মজুরদিগকে চাউল দিবার নিয়ম এই। পুরুষ ও স্ত্রী ও বালক ও বালিকাকে প্রতি দিন কত করিয়া চাউল দিতে হইবে জিলার মাজিষ্ট্রেট সাহেব ইহা স্থির করিবেন। প্রয়োজন হইলে ঐ চাউল দিবার বিধি করিয়া দিবেন। কিন্তু অন্য প্রকারের আজ্ঞা না দেওয়া গেলে, উপকারার্থ কার্য্যের কর্ত্তৃপক্ষ নিম্নলিখিতমতে কার্য্য করিবেন।

৮। ১৫ অবধি ২০ পর্য্যন্ত মজুরকে দলং করিয়া রাখা যাইবে, ইহাদের উপর একং জন দফাদার থাকিবে। আপন দলের মধ্যে প্রত্যেক জন মজুরকে যে কর্ম্ম নিরূপণ করিয়া দেওয়া যায় সেই মজুর ঐ কর্ম্ম সারিয়া দেয়, ও প্রত্যেক জন নিয়মমতে রোজমজুরী পায়, ও দোকানহইতে যে চাউল পাওয়া যায় তাহা মজুরদের মধ্যে উপযুক্তমতে বিলি করিয়া দেওয়া যায়, এই সকল বিষয় ঐ দফাদারের দেখিতে হইবে। তাহার হাতে এই কর্ম্ম থাকাতে সাধারণ মজুরের মত তাহার অন্য কর্ম্ম নিরূপণ করিয়া দেওয়া যাইবে না।

৯। মাজিষ্ট্রেট সাহেব কর্ম্ম বুঝিয়া যত জন মজুরের খাটিতে আইসে তাহাদের সংখ্যা বিবেচনায় সবর্ডিনেট কএকজন কর্ম্মকারককে নিযুক্ত করা যাইবে। তাহাদের বেতন সেই উপকারার্থ কার্য্যের হিসাবে লেখা যাইবে।

১০। হইতে পারিলে প্রত্যেক মজুরকে প্রতি দিন দফাদারের সাক্ষাতে মজুরীর পয়সা দেওয়া যাইবে। কিন্তু এই বিধির ৭ ধারামতে প্রত্যেক জন মজুর যত করিয়া চাউল পাইবে দফাদার টাকায় ১০ দশ সের দরে তত চাউল পাইবার নিমিত্ত মুদির নামে একখান টিকিট কি আজ্ঞাপত্র চাহিয়া লইতে পারিবে। মুদি চাউল দিলে তাহাকে মূল্য দেওয়া যাইবে। দফাদারের দলের মধ্যে যত জন মজুর থাকে তাহারা যত চাউল পাইবে ঐ দফাদার ইচ্ছা করিলে সেই সমস্ত চাউলের কি তাহার অংশ মাত্রের টিকিট লইতে পারিবে। ঐ সবর্ডিনেট কর্ম্মকারককে একং খান বহী দেওয়া যাইবে। সেই বহীতে টিকিট ও তাহার অনুলিপি লিখিবার ১০০ শত পাত থাকিবে। তিনি টিকিট লিখিয়া দফাদারকে দিবেন আপনি অনুলিপি রাখিবেন।

১১। যিনি ঐ উপকারার্থ কার্য্যের কর্ত্তৃপক্ষ হন ঐ সবর্ডিনেট তাঁহার অধীন আগাম দেওয়া টাকার হিসাব রাখিবার কর্ম্মকারক হইবেন। যত জন মজুর কর্ম্ম করে তিনি B চিহ্নিত ক্রোড়পত্রের লিখনমতে তাহাদের রোজং রিপোর্ট করিবেন। ও মজুরদের নামের ফর্দ্দ রাখিবেন ও পর্য্যায়ক্রমে আগাম দেওয়া টাকার কথা যে পাতে লেখা যায় তাহা সেই পাতে আগাম দেওয়া মণদের বহী রাখিবেন।

B চিহ্নিত ক্রোড়পত্র।

উপকারার্থ কার্য্যে যত জন মজুর কর্ম্ম পায় নিরূপিত সময়ান্তরে তাহাদের রিটর্ন লিখিয়া পাঠাইবার এই বিধি।

১। মাজিষ্ট্রেট সাহেব কোন স্থানে লোকদের উপকারার্থে কোন কার্য্য চালাইবার অনুমতি দিলে, তিনি একাদিক্রমে ঐ কার্য্যের নম্বর দিয়া রাখিবেন। ঐ কার্য্য সমাপ্ত না হওন পর্য্যন্ত তাহার যে রিটর্ন দেন, তাহা অমুক নম্বরের কার্য্যের রিটর্ন বলিয়া লিখিবেন। কারণ অনেক স্থানের প্রায় একি প্রকারের নাম থাকে সুতরাং স্থানের নাম করিয়া কার্য্যের রিটর্ন লিখিতে গেলে গোল হইতে পারে।

২। কোন জিলার একি মহকুমায় নানা প্রকারের কার্য্য করিতে হইলে, ও প্রত্যেক কার্য্যে ৫০০ টাকার কম খরচ করিবার অনুমতি থাকিলে উক্ত একং প্রকারের সকল কার্য্য একি কার্য্য বলিয়া লিখিতে হইবে। যথা "কুমার মহকুমায় কএকটা পুষ্করিণীর পঙ্কোদ্ধার কার্য্য" কিম্বা "হাজিপুর মহকুমার কএক গ্রাম্য পথ প্রস্তুত করণ কার্য্য।" এই প্রকার লিখিলে, পশ্চাৎ লিখিত পাতের ও হিসাবের মধ্যে অনাবশ্যক বেওরা লিখিবার প্রয়োজন থাকিবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২৩ ডিসেম্বর।]

3. Every Subordinate or Agent in actual charge of work-people must submit daily to the District Engineer, or other Officer in charge of works, a daily report of the number of work-people employed on each work, in the Form A. The right-hand portion of the Form, as printed, will be despatched, and the counterfoil will be retained for the time being by the Subordinate in charge.

4. Where the work is a road of more than 10 miles in length, it should be divided into two or more sections, and each section should be treated as a separate work in respect to the submission of daily reports of the work-people employed.

5. Every District Engineer or other Officer in similar charge of works must submit weekly to the Magistrate of the district a statement, Form B., showing the number of men, women and children employed each day on each work under his charge. The statement must be submitted every Monday, for the week ending on the previous Saturday, and in the event of the District Engineer being absent from his head-quarters, the statement will be signed and despatched by the next Senior Officer present, or by the Accountant of the Office; but the Office copy of the statement must be submitted to the Engineer immediately on his return to Office.

6. The Magistrate of each district will prepare fortnightly an abstract of all the reports received from the District Engineer or Officers in similar charge of works, in the Form C. This abstract statement should be despatched to the Secretary to the Government of Bengal, Public Works Department, every alternate Wednesday (the first statement being despatched on the 17th December), and should embrace the fourteen days ending with the preceding Saturday. The report will show the total number of men, women, and children employed on each work during the fourteen days, the average daily number, that is, the total number divided by fourteen, and the actual number employed on the last of the fourteen days, which will afford some idea whether the laborers are increasing or decreasing in number. A copy of the Statement C. should be forwarded to the Commissioner of the Division.

7. In the event of the Magistrate being absent from head-quarters on the due date for despatch, the Statement C. should be signed and despatched by the Officer in charge of the Sudder Sub-Division, or by the Clerk in charge of the special duties of scarcity and relief; but the Office copy of the statement must be placed before the Magistrate immediately on his return to head-quarters.

8. In the column of remarks, Statement C., it will be desirable to give any information available as to the proportion of different classes of persons employed, so as to show whether they belong to the ordinary laboring or non-laboring classes or castes, as this will afford a good index to the pressure of the scarcity in the district.

The Forms above referred to will be available on indent, from the Superintendent of Stationery.

[*Government Gazette*, 23rd *December* 1873.]

৩। প্রত্যেক সবর্ডিনেট কর্ম্মকারক কি মজুরদের উপর যে কর্ম্মকারক নিযুক্ত থাকেন তিনি, প্রতিদিন ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র সাহেবকে কিম্বা উপকারার্থ কার্য্যের অন্য কর্ত্তৃপক্ষকে A চিহ্নিত পাঠে এক২ কার্য্যে দিন২ যত জন কর্ম্ম করে রোজ ইহার রিপোর্ট দিবেন। ঐ পাঠের দক্ষিণ ভাগে যে অংশ আছে তাহা পূর্ণ করিয়া পাঠান যাইবে ও বাম পার্শ্বে তাহার যে অনুলিপি থাকে তাহা কিয়ৎকালের নিমিত্ত ঐ অধীন কর্ম্মকারকের নিকট থাকিবে।

৪। ১০ মাইলের অধিক লম্বা পথ প্রস্তুত করিতে হইলে, তাহা দুই কি তদধিক ভাগে বিভক্ত হইয়া, মজুরদের ঐ দৈনিক রিপোর্ট সম্বন্ধে উক্ত প্রত্যেক ভাগ একংটি কার্য্য বলিয়া জানা যাইবে।

৫। প্রত্যেক জন ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র, কিম্বা তাঁহার মত উপকারার্থ কার্য্যের অন্য কর্ত্তৃপক্ষ, সপ্তাহ২ জিলার মাজিষ্ট্রেট সাহেবকে B চিহ্নিত পাঠের কৈফিয়ৎ দিবেন। আপনার অধীন প্রত্যেক কার্য্যে প্রতিদিন যত জন পুরুষ কি স্ত্রী কি বালকবালিকা কর্ম্ম করিল, ঐ কৈফিয়তে তাহার বিশেষ লেখা থাকিবে। শনিবার পর্য্যন্ত সপ্তাহের কৈফিয়ৎ তাহার পর সোমবারে দিতে হইবে। ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র সাহেব সদর মোকামে না থাকিলে, যিনি তাঁহার অধীন জ্যেষ্ঠ কর্ম্মকারক হন তিনি কিম্বা আফিসের হিসাবনবিস ঐ কৈফিয়তে স্বাক্ষর করিয়া পাঠাইবেন। কিন্তু ইঞ্জিনিয়র সাহেব আফিসে ফিরিয়া আইলেই, ঐ কৈফিয়তের যে নকল আফিসে থাকে তাহা তাঁহাকে দেখাইতে হইবে।

৬। মাজিষ্ট্রেট সাহেব ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র সাহেবের স্থানে কিম্বা তাঁহার মত উপকারার্থ কার্য্যের অন্য কর্ত্তৃপক্ষের স্থানে যে সকল রিপোর্ট পান, দুই সপ্তাহ অন্তর C চিহ্নিত পাঠে তাহার সারসংগ্রহ করিয়া প্রস্তুত করিবেন। ঐ সারাংশের কৈফিয়ৎ এক বুধবার ছাড়া আর এক বুধবারে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের নিকট পাঠাইতে হইবে। (ইহার প্রথম কৈফিয়ৎ ডিসেম্বর মাসের ১৭ তারিখে পাঠাইতে হইবে) ঐ কৈফিয়তে বুধবারের পূর্ব্ব শনিবার পর্য্যন্ত দুই সপ্তাহের বেওরা থাকিবে। সেই চৌদ্দ দিন এক২ কার্য্যে যত জন পুরুষ ও স্ত্রী ও বালকবালিকা কর্ম্ম করিল, ও প্রতিদিন গড়ে যত জন কর্ম্ম করিল অর্থাৎ উহাদের সম্পূর্ণ সংখ্যা ১৪ দিয়া ভাগ করিলে যে ফলিতাঙ্ক হয় তাহা, ও সেই চৌদ্দ দিনের শেষ দিনে যত জন কর্ম্ম করিল তাহা ঐ রিপোর্টে লেখা যাইবে। মজুরদের সংখ্যা কমিয়া কি বাড়িয়া যাইতেছে ইহা ঐ রিপোর্ট দেখিয়া জানা যাইতে পারিবে। ঐ C চিহ্নিত কৈফিয়তের এক কেতা খণ্ডের কমিশনর সাহেবের নিকট পাঠাইতে হইবে।

৭। ঐ কৈফিয়ৎ যে তারিখে চালান করা উচিত সেই তারিখে মাজিষ্ট্রেট সাহেব সদর মোকামে না থাকিলে, যিনি সদর মহকুমার কর্ত্তৃপক্ষ হন তিনি কিম্বা যে কেরাণী দুর্ভিক্ষ ও উপকারার্থ বিশেষ কার্য্যের অধ্যক্ষতা করেন তিনি সেই কৈফিয়তে স্বাক্ষর করিয়া পাঠাইবেন। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব সদর স্থানে ফিরিয়া আইলেই আফিসে ঐ কৈফিয়তের যে নকল থাকে তাহা তাঁহাকে দেখাইতে হইবে।

৮। যাহারা কর্ম্ম করিতে যায় তাহাদের যত জন যে জাতির কি শ্রেণীর লোক হয় ও যাহারা সচরাচর মজুরী করিয়া খায় তাহাদের সমান কি অন্য জাতির কি শ্রেণীর লোক হয় C চিহ্নিত পাঠের মন্তব্য কথার ঘরে ইহার সন্ধান জানান উচিত। তাহা দেখিয়া জিলার মধ্যে দুর্ভিক্ষ দ্বারা যে কত দূর কষ্ট হইতেছে তাহা বুঝা যাইবে।

ষ্টেশনরীর সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পত্র লিখিলে তিনি উক্ত সকল পাঠ পাঠাইবেন।

A.

Daily Report of Labor.

Date

WORK NO.

	On full rates	On less than full rates
Men, ...		
Women .		
Children		
Total No employed		

Signature

Daily Report of Labor.

Date

WORK NO.

	On full rates	On less than full rates
Men ...		
Women		
Children...		
Total No. employed		

Signature

[*Government Gazette*, 23rd *December* 1873.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 23, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ২৩ ডিসেম্বর।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L.P.

NOVEMBER 1873.

HON'BLE V. H. SCHALCH.

No. 7.

SECTION VII, Chapter XVIII of the Board's Rules is hereby cancelled, and the following substituted in its place:—

SECTION VII

Annual Land Revenue Report.

1. Each Commissioner's divisional report should begin by giving a memorandum of the date of the district reports and the date of their receipt.

2. This and any other preliminary matters which it may be necessary to touch upon, having been briefly disposed of, the report should proceed to its first main section, *settlement and collection of land revenue.*

3. Under this head should be described the classification of estates, according to the four fold* division laid down by Government, the relative predominance of the several classes being noticed. Any important changes in the revenue-roll, whether within any class, or between class and class, should be accounted for. The state of the collections should then be briefly noticed It is not necessary to go into every detail of arrear, real or fictitious. The statements from each district enable the Board to analyse these. But any arrears of moment should be explained, and the state of collections in estates belonging to each of the four classes should be compared. Under this head, too, the balances of Government revenue on wards' and attached estates should be commented on and explained. Here also should be noticed the remissions allowed; those written off as a matter of grace, as distinguished from those claimable as a matter of right, being fully accounted for (*vide* Circular Order No. 5 of October 1873). Irrigation, so far as it need be noticed in the land revenue report, should form a sub-head of this section. It must be borne in mind that in supplying the particulars required by this paragraph, it will not be necessary to give information that is apparent on the face of Return No. X. Statistics as such should be excluded; but any special features of the year's operations may be illustrated by figures. This, however, can be done without the lengthy analysis of demands, collections, and balances at present given.

* 1 Permanently-settled estates.
2. Estates, the property of individuals, temporarily settled.
3. Government estates.
4. Ryotwari tracts.

4. Then should follow an account of the settlements in progress, with any observations that may suggest themselves as to the rates of settlement, the term, the persons settled with, the rights of tenants, and, generally, the policy pursued. Here also may be noticed any peculiarities in regard to malikana allowances.

5. Next should be noticed the management of Government estates held under khass management and of ryotwari tracts. It has already been laid down that Government estates, which yield no rent, should nevertheless be included in Return XLI. Where there are many such unassessed estates, the causes of non-settlement should be explained. The working of tehsildari and other establishments of the kind should be specially reported on, as also the efficiency for this portion of their work of the recently sanctioned sub-divisional establishments of sub-deputies, kanungoes, and surveyors, with their subordinates. Here, too, will be the place to introduce any remarks on local peculiarities of settlement or tenure.

[*Government Gazette, 23rd December* 1873.]

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

নবেম্বর মাস।

মান্যবর বি এচ শক সাহেব।

৭ নম্বর

বোর্ডের বিধিপুস্তকের ১৮ অধ্যায়ের ৭ পরিচ্ছেদ এতৎক্রমে রহিত করা গেল। তৎপরিবর্ত্তে এই বিধি পাঠ করিতে হইবে।

৭ পরিচ্ছেদ।

ভূমির রাজস্ব বিষয়ক বার্ষিক রিপোর্ট।

১। নানা জিলার রিপোর্ট যেং তারিখে দেওয়া গেল ও যেং তারিখে পাওয়া গেল, কমিশ্যনর সাহেবের দেশখণ্ডের রিপোর্টের প্রথমেই তাহা লিখিতে হইবে।

২। তদ্ভিন্ন অন্য কোনং বিষয় রিপোর্টের আরম্ভে লিখিবার প্রয়োজনও হইতে পারে তাহা সকলই সংক্ষেপে লেখা গেলে পর 'ভূমির রাজস্বের বন্দোবস্ত ও আদায় করণ বিষয়ক' প্রথম গুরুতর পরিচ্ছেদ লেখা যাইবে।

৩। গবর্ণমেণ্ট ভূমির যে চারি ভাগ নিরূপণ করিয়াছেন, এই পরিচ্ছেদে মহাল সকল তদনুসারে বিভক্ত করা যাইবে ও নানা শ্রেণীর পরস্পর যে প্রাধান্য থাকে তাহারও উল্লেখ করা যাইবে। কোন একি শ্রেণীর মধ্যে কিম্বা শ্রেণীশ্রেণীর মধ্যে গুরুতর ভাবে জোৎজমার পরিবর্ত্তন হইলে তাহার কারণ লিখিতে হইবে। পরে টাকা আদায় করণ কার্য্যের অবস্থা সংক্ষেপে লিখিতে হইবে। প্রকৃত কিম্বা অপ্রকৃত একং বাকীর বিস্তারিত কথা লিখিবার প্রয়োজন নাই নানা জিলাহইতে যে কৈফিয়ৎ আসিয়া পঁহুছে বোর্ডের সাহেবেরা তাহা দেখিয়া ঐ বাকীর মর্ম্ম গ্রহণ করিতে পারিবেন। কিন্তু ভারি রকমের বাকী থাকিলে তাহার হেতু ব্যাখ্যা করিতে হইবে এবং চারি শ্রেণীর মধ্যে প্রত্যেক শ্রেণীর মহালের জমা আদায়ের যেং অবস্থা তাহা পরস্পর মিলাইয়া দেখিতে হইবে। ওয়ার্ডসের ও ক্রোক করা মহালের উপর গবর্ণমেণ্টের জমা বাকী পড়িলে তাহার মধ্যের মন্তব্য কথা ও হেতুবাদ এই পরিচ্ছেদে করিতে হইবে। আর যেং জমা ক্ষমা করিবার অনুমতি হইয়াছে তাহারও কথা এই স্থলে লিখিতে হইবে। অনুগ্রহক্রমে যাহা ক্ষমা হইল ও অধিকার বলিয়া যাহার ক্ষমা হইবার দাওয়া হইল তাহারও সম্পূর্ণ বিবরণ লিখিতে হইবে (১৮৭১ সালের অকটোবর মাসের ৫ নং সরক্যুলর দেখ।) ভূমির রাজস্ববিষয়ক রিপোর্টের মধ্যে ক্লসেটমেন্ট কোন কথা লিখিবার প্রয়োজন হইলে তাহাও এই পরিচ্ছেদের মধ্যে উপপরিচ্ছেদ করিয়া লেখা যাইবে। এই পরিচ্ছেদে যেং বিশেষ কথা লেখার আদেশ হইল, ১০ নং রিটর্ণ দেখিলেই সে সকল জানা যাইতে পারে তাহাও লিখিবার প্রয়োজন নাই, ইহা মনে রাখা উচিত। স্থিতিনীতি নামে যাহা কহা যায় তাহা লিখিতে হইবে না। কিন্তু বৎসরের কালের মধ্যে যেং ব্যাপার ঘটিয়াছে তাহার মধ্যে কোন ব্যাপারের বিশেষভাব অঙ্কদ্বারা প্রকাশ করা যাইতে পারিবে। কিন্তু এইস্থলে দাবীর ও আদায়ের ও বাকীর যে লম্বাং সার নিরূপণপত্র দেওয়া গিয়া থাকে তাহা না দিয়াও ঐং ব্যাপারের ভাব প্রকাশ করা যাইতে পারে।

*১। চিরকালীন বন্দোবস্তের মহাল।
২। ব্যক্ত বংশের মিয়াদী বন্দোবস্তের মহাল।
৩। গবর্ণমেণ্টের মহাল
৪। রায়তওয়ারী জমী।

৪। অতঃপরে, বন্দোবস্তের যে কার্য্য চলিতেছে তাহার বিবরণ লেখা উচিত। গত টাকার হারে ও যে নিয়মে ও যে ব্যক্তিদের সঙ্গে বন্দোবস্ত করা গেল ও প্রজাদের যেং অধিকার ও সাধারণের যে রাজনীতি ধরিয়া বন্দোবস্ত করা গেল ইহার মধ্যে যে বিষয়ের মন্তব্য লেখা উচিত বোধ হয়, তাহাও লিখিতে হইবে। আরও মালিকানার বিষয়ে কোন বিশেষ নিয়ম থাকিলে তাহার কথা এই স্থানে লেখা যাইতে পারিবে।

৫। অপর, গবর্ণমেণ্টের যে মহাল খাস তহসীলে থাকে তাহার, ও রায়তওয়ারী জমীগুলের কথা লেখা যাইবে। গবর্ণমেণ্টের মহাল হইতে খাজানা উৎপন্ন না হইলেও তাহা ৪১ নং রিটর্ণে লেখা যাইবে, এই বিধি পূর্ব্বে হইয়াছে। যাহার কর ধার্য্য না হইয়াছে এমত অনেক মহাল থাকিলে, তাহার বন্দোবস্ত না হইবার কারণ জানাইতে হইবে। তহসীলদারী সিরিশতার ও তদনুরূপ অন্যান্য সিরিশতার কার্য্য যেরূপে চলিতেছে তাহারও বিশেষ রিপোর্ট করিতে হইবে। ও অল্পকালাবধি সব-ডেপুটী ও কানুনগো ও সরবেয়র ও তাঁহাদের অধীন কর্ম্মকারকদিগকে লইয়া মহকুমার যে নূতন সিরিশতা স্থাপনের অনুমতি হইয়াছে, এই অংশে তাঁহাদের কর্ম্ম যে পর্য্যন্ত ফলজনক হই ইহারও বিশেষ রিপোর্ট করিতে হইবে। আর স্থান বুঝিয়া বন্দোবস্তের কিম্বা তাহার কোন বিশেষ ভাব থাকিলে এই স্থলে তাহারও কথা লিখিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২৩ ডিসেম্বর।]

6. So far of the first main section. The subjects noted in the margin should then be separately noticed in the order in which they are numbered, but only so far as illustrated by the figures of the year. It will not be necessary in each annual report to repeat *de novo* facts, or discussions of facts, already fully on record. The causes which have led to estates coming to the hammer during the year, should, as far as possible, be explained. Under the head of Partitions all cases pending more than two years should be noticed and accounted for.

2. Registration of estates.
3 Operation of the sale laws.
4 Partition of estates
5 Redemption of land revenue

7 The subjects marginally named should then be noticed each in a separate section The management by Collectors of cases under Act X of 1870 should be especially commented upon. Under the head of rent-laws, in districts where Act X of 1859 is no longer in force, it will be necessary to detail any facts connected with the service of notices of enhancement or relinquishment, and this will be the place for any observation on the general relations between landlords and tenants. Circular order No. 5, September 1873, prescribes the maintenance of an accurate record of notices of enhancement and relinquishment issued under Act VIII (B.C.) of 1869

6 Acquisition of land for public purpose.
7 Settlement of waste lands.
8 Kanungoes and patwaris
9 Zemindari cesses
10 Fractional payments of rent
11 Rent-laws

8. The report should conclude by noticing the minor subjects specified in the margin, the standing orders on which are here for convenience collected and republished.

12 Office inspections
13 Securities and transfer of ministerial officers
14. Sub-divisional treasuries
15 Records
16 Merits of officers

9. Circular order No 8 of August 1870 thus lays down the instructions for district office inspections—

Office inspections

" With a view to ensuring a more careful supervision by district officers of the details of office management, the Board direct that in future every district officer shall make a half-yearly inspection of all branches of his office, guiding his enquiries by the rules, so far as they are applicable, contained in clauses 2 to 17, pages 174, 175, Board's Rules, which point out the principles on which Commissioners' inspections are to be conducted.

" Each district officers will report the result of his examination in detail to the Commissioner on the 1st days of April and October, respectively.

" Commissioners will notice these reports in their annual administration reports, stating their opinions, in respect to each district officer subordinate to them, respectively, as to the care and efficiency with which his half-yearly inspections have been carried out."

It has recently been ordered that these inspections should not be made at fixed times, but irregularly and without notice.

10. The following passage occurs in Circular order No. 2 of September 1871 with reference to Return No. XXXVI.

Securities of ministerial officers.

" This return should in future be made to the Commissioners only, who should certify in their Annual Land Revenue Administration Reports, that the orders of Government regarding securities have been carried out in each of the districts of their divisions, respectively, explaining fully every case of failure.

11. If any transfers of ministerial officers are made under the provisions of clauses 14 to 16, page 119, Board's rules, they should be mentioned.

Transfers of ditto.

[*Government Gazette*, 23rd *December* 1873.]

২। মহালের রেজিষ্টরী করণ।
৩। নিলাম বিষয়ক আইনের কার্য্যফল।
৪। মহাল বণ্টন।
৫। ভূমির রাজস্ব ক্রয় করণ।

৬। প্রথম প্রধান পরিচ্ছেদের এই পর্য্যন্ত কথা।—অপর, পার্শ্বলিখিত নানা বিষয়ের অন্বয় অনুসারে তাহার স্বতন্ত্র কথা লিখিতে হইবে। কিন্তু যে বৎসরের উল্লেখ হইয়াছে কেবল সেই বৎসরের অঙ্কদ্বারা যাহা জানা যায় তাহাই লেখা প্রয়োজন। যে বৃত্তান্ত কি বৃত্তান্তবিষয়ক যে তর্কবিতর্ক ইহার পূর্ব্বে সম্পূর্ণরূপে লিপিবদ্ধ হইয়াছে তাহা প্রতি বৎসরের রিপোর্টে পুনঃ২ লিখিবার আবশ্যক নাই। বৎসরের মধ্যে নানা মহাল যে২ কারণে নিলাম করা যায় তাহা সাধ্যমতে লিখিতে হইবে। বাটওয়ারার কথার মধ্যে, যে সকল মোকদ্দমা দুই বৎসরের অধিক উপস্থিত থাকে তাহার কথা ও হেতু লিখিতে হইবে

৬। রাজকীয় কর্ম্মের নিমিত্ত ভূমি গ্রহণ।
৭। পতিত ভূমির বন্দোবস্ত করণ।
৮। কানুনগো ও পাটওয়ারি।
৯। জমীদারী আবওয়াব।
১০। খাজানার অংশমাত্র দেওন।
১১। খাজানার আইন।

৭। পরে পার্শ্বলিখিত বিষয়ের কথা স্বতন্ত্র২ পরিচ্ছেদ করিয়া লিখিতে হইবে। ১৮৭০ সালের ১০ আইনমত মোকদ্দমা লইয়া কালেক্টর সাহেবেরা যে রূপে কার্য্য করিলেন তদ্বিষয়ের মন্তব্য কথা বিশেষমতে লিখিতে হইবে। ১৮৫৯ সালের ১০ আইন যে২ জিলায় আর প্রবল না থাকে, সেই২ জিলায় খাজানার আইনবিষয়ক কথা লিখিতে গেলে, খাজানা বৃদ্ধি হইবার কিম্বা জমী ত্যাগ করিবার নোটিস জারী করণ সম্পর্কে যে২ ব্যাপার ঘটিয়াছে তাহা বিস্তার করিয়া লেখা আবশ্যক আরো ভূম্যধিকারিদের ও প্রজাদের পরস্পর সাধারণ সম্বন্ধ বিষয় কোন মন্তব্য কথা লিখিতে হইলে তাহা এই স্থানে লিখিতে হইবে ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনমতে খাজানা বৃদ্ধির ও জমীত্যাগের নোটিস দেওয়া হইলে, ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ৫ নং সরকুলর অর্ডরে তাহার পরিশুদ্ধ লিপি রাখিবার আদেশ হইল।

১২। আফিস দেখিবার কথা।
১৩। আমলাদের জামিন ও তাঁহাদের স্থানান্তরে প্রেরণের কথা।
১৪। মহকুমার রেজেষ্টরীর কথা।
১৫। কাগজপত্রের কথা।
১৬। কর্ম্মকারকদের গুণাগুণের কথা।

৮। রিপোর্টের উপসংহার স্থলে পার্শ্বলিখিত ক্ষুদ্রতর বিষয় গুলি লিখিতে হইবে। দেখিবার সুবিধার নিমিত্ত তদ্বিষয়ের স্থায়ি আজ্ঞা সকল সংগ্রহ হইয়া এই স্থানে প্রকাশ করা গেল

৯। ১৮৭০ সালের আগষ্ট মাসের ৮ নং সরকুলর অর্ডরে জিলার নানা কার্য্যালয় দেখিবার এই২ উপদেশ।

আফিস দেখিবার কথা।

জিলার কর্ত্তৃপক্ষদের কার্য্যালয়ের কর্ম্ম যেরূপে চলিতেছে তাঁহারা ইহার বিশেষ তত্ত্বাবধারণ করিতে পারেন এই নিমিত্ত বোর্ডের সাহেবদের এই আদেশ। প্রত্যেক জিলার কর্ত্তৃপক্ষ ছয়২ মাসান্তর আপন কার্য্যালয়ের সমস্ত বিভাগের সমালোচন করিবেন। বোর্ডের বিধিপুস্তকের ২৬৫—২৬৮ পৃষ্ঠার২ অবধি ১৭ পর্য্যন্ত সমস্ত ধারায় কমিশ্যনরদের সমালোচনার যে মূলবিধি প্রকাশিত হইয়াছে, তাহা জিলার কর্ত্তৃপক্ষদের কার্য্যালয়ের প্রতি যত দূর বর্ত্তিতে পারে তাঁহারা তত দূর তদনুসারে উক্ত কার্য্য করিতে পারিবেন।

জিলার প্রত্যেক কর্ত্তৃপক্ষ সাহেব আপ্রিল ও অকটোবর মাসের ১ তারিখে কমিশ্যনর সাহেবের নিকটে ঐ সমালোচনার ফল বিস্তারিতরূপে রিপোর্ট করিবেন।

কমিশ্যনরেরা কার্য্যসম্পাদন বিষয়ক বার্ষিক রিপোর্টে উক্ত রিপোর্টের উল্লেখ করিয়া আপনারদের অধীন প্রত্যেক জিলার কর্ত্তৃপক্ষ ষাণ্মাসিক সমালোচনার কার্য্য করণে যত দূর সতর্কতা ও কর্ম্মোপযোগিতা প্রকাশ করিয়াছেন এই বিষয়ে আপনারদের মত প্রকাশ করিবেন।

কার্য্যালয় দেখিয়া লওয়ার কার্য্য নির্দ্দিষ্ট কাল সময়ে না করিয়া অনির্দ্দিষ্ট সময়ে ও পূর্ব্বে না জানাইয়া করা যাইবে, এই আজ্ঞা পশ্চাৎ হইয়াছিল।

আমলাগণের জামীনের কথা।

১০ ১৮৭১ সালের সেপ্টেম্বর মাসের ২ নং সরকুলর অর্ডরে ৩৬ নং রিটর্ণের বিষয়ে এই কথা আছে।

এই অবধি কেবল কমিশ্যনর সাহেবের নিকট এই রিটর্ণ পাঠাইতে হইবে। জামিন বিষয়ে গবর্ণমেণ্টের যে২ আজ্ঞা হইয়াছে কমিশ্যনর সাহেবদের নানা খণ্ডের প্রত্যেক জিলায় সেই আজ্ঞামতে কর্ম্ম করা গেল, ভূমির রাজস্বসংক্রান্ত কার্য্যবিষয়ক বার্ষিক রিপোর্টে তাঁহারা এই কথা সংক্ষিপ্তমতে লিখিবেন। কোন স্থলে সেই আজ্ঞামতে কর্ম্ম না হইলে তাহার সম্পূর্ণ কারণ জানাইবেন।

আমলাদের স্থানান্তরে প্রেরণের কথা।

১১। বোর্ডের বিধিপুস্তকের ১৯৭ ও ১৯৮ পৃষ্ঠার ১৪, ১৫, ১৬ ধারার বিধানমতে আমলাগণকে স্থানান্তরে প্রেরণ করা গেলে, তাহা লিখিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২৩ ডিসেম্বর।]

12. A return for the year in the form of Return No. VII, and a memorandum of receipts on account of record fees in the Commissioner's office, as required by clause 2, section VII, page 211, Board's rules, should be appended.

Commissioner's annual revenue statement.

Merits of officers in Collector's opinion.

13. In an appendix to each district report is to be a statement with the following headings:—

1. Names of subordinate officers arranged in each class, in order of their merit, from a purely revenue point of view, according to Collector's judgment.

2. Dates from and to which employed.
3. Nature of employment.
4. Collector's opinion.

The names of all the officers subordinate to the Collector are to be entered in this statement classified as follows:—

(*a*) Covenanted officers who have passed the second standard examination.
(*b*) Covenanted officers who have passed the first standard examination.
(*c*) Covenanted officers who have not passed any examination.
(*d*) Uncovenanted officers who have passed the second standard examination.
(*e*) Uncovenanted officers who have passed the first standard examination.
(*f*) Uncovenanted officers who have not passed any examination.

and in Commissioner's opinion.

14. In like manner, as an appendix to the divisional report, the Commissioner is to furnish a statement, with the following headings, for the whole division without distinction of districts; the classification of names is to be as in the district statement, the district officers being, however, placed at the head of all —1. Names of all officers in the division arranged in each class in order of their merit from a purely revenue point of view, according to the Commissioner's opinion. 2. District in which employed. 3. Date from and to which employed. 4. Nature of employment. 5. Abstract of Collector's opinion. 6. Commissioner's opinion.

15. The instructions in the preceding clause have been modified, but not superseded by circular order No. 6 of December 1870, which runs as follows:—

"The Board observe that Commissioners are frequently apt to recommend officers for favorable notice in their Yearly Land Revenue Report on insufficient grounds. In all such future reports, every gazetted officer employed in revenue work under a Commissioner should be placed by him in one of four classes, headed bad, average, good, very good. In this last class only officers of exceptionally good qualifications should be entered, and remarks should be made only as regards those in the first and the last classes. As regards these, it should also be stated in detail what kind and what general amount of revenue business each officer has done during the year under report."

Vacating officer to leave memorandum.

16. When either a Collector or a Commissioner quits office towards the close of the year, he must prepare the statement required from him under clause 13 or 14 and 15 as the case may be, before he makes over charge to his successor. The duty of his successor under such circumstances is confined to a general expression of opinion upon the statement, unless he has sufficient ground for offering any detailed opinion.

17. Circular order No. 17 of March 1869 is as follows:—

"The Board consider it exceedingly desirable that young officers should be encouraged to make themselves, as soon as possible, fully and practically acquainted with everything relating to the survey maps and records (including the mehalwar and mauzawar registers), particularly with the manner in which property is sub-divided and shewn in the maps. A great deal of most useful information as to the tenure of land, &c., is contained in these documents.

[*Government Gazette*, 23rd *December* 1873.]

১২। ইহার সঙ্গে ৭ নং রিটর্ণের পাঠে, বৎসরের রিটর্ণ, এবং বোর্ডের বিধিপুস্তকের ৩২৬ পৃষ্ঠায় ৭ পরিচ্ছেদের ২ ধারামতে কমিশ্যনরের আফিসে রিকার্ডের অর্থাৎ কাগজপত্রের নিমিত্ত যে ফী পাওয়া গেল তাহার একখান স্মারকপত্রও সংযোগ করিয়া দিতে হইবে।

কমিশ্যনর সাহেবের রাজস্ব-বিষয়ক বার্ষিক বর্ণনাপত্র।

কালেক্টর সাহেবের মতানুসারে কার্য্যকারকদের গুণাগুণের কথা।

১৩। প্রত্যেক জিলার রিপোর্টের ক্রোড়পত্র করিয়া নিম্নলিখিত শিরোলিপিযুক্ত এক কৈফিয়ৎ দিতে হইবে।

১। নিম্নশ্রেণীর কার্য্যকারকদের নাম। কেবল রাজস্বসম্পর্কীয় কর্ম্মপক্ষে কালেক্টর সাহেবের বিবেচনানুসারে তাঁহারদের যে গুণাগুণ থাকে প্রত্যেক শ্রেণীর কর্ম্মকারকদের নাম তদনুসারে লেখা যাইবে।

২। যে তারিখঅবধি যে তারিখপর্য্যন্ত কর্ম্ম করিয়াছেন।

৩। যে প্রকারের কর্ম্ম করিলেন।

৪। কালেক্টর সাহেবের মত।

এই কৈফিয়তে কালেক্টর সাহেবের অধীন সকল কর্ম্মকারকের নাম লেখা যাইবে। নিম্নলিখিত মতে তাহারদিগকে শ্রেণীবদ্ধ করা যাইবে।

(ক)। চিহ্নিত যে কার্য্যকারকেরা দ্বিতীয় কষ্টিমত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

(খ)। চিহ্নিত যে কার্য্যকারকেরা প্রথম কষ্টিমত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

(গ)। চিহ্নিত যে কার্য্যকারকেরা কোন পরীক্ষায় উত্তীর্ণ হন নাই।

(ঘ)। অচিহ্নিত যে কার্য্যকারকেরা দ্বিতীয় কষ্টিমত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

(ঙ)। অচিহ্নিত যে কার্য্যকারকেরা প্রথম কষ্টিমত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

(চ)। অচিহ্নিত যে কার্য্যকারকেরা কোন পরীক্ষায় উত্তীর্ণ হন নাই

ঐ কমিশ্যনর সাহেবের মতানুসারে।

১৪। কমিশ্যনর সাহেবও সেই প্রকারে দেশখণ্ডের রিপোর্টের ক্রোড়পত্রে জিলার বিশেষ মা মানিয়া নিম্নলিখিত শিরোলিপি ধরিয়া, একখান কৈফিয়ৎ দিবেন। জিলার কৈফিয়তে যেমন কার্য্যকারকদিগকে শ্রেণীবদ্ধ করা যায় এই কৈফিয়তেও তাঁহারদিগকে তেমনি শ্রেণীবদ্ধ করা যাইবে। কিন্তু জিলার কর্ত্তৃপক্ষদের নাম প্রথমেই থাকিবে।—১। দেশখণ্ডের সকল কর্ম্মকারকের নাম। কেবল রাজস্ব-সম্পর্কীয় কর্ম্মপক্ষে কমিশ্যনর সাহেবের বিবেচনানুসারে তাঁহারদের যে গুণাগুণ থাকে প্রত্যেক শ্রেণীর কর্ম্মকারকের নাম তদনুসারে শ্রেণীবদ্ধ হইবে। ২। যে জিলায় কর্ম্ম করেন। ৩। যে তারিখঅবধি যে তারিখপর্য্যন্ত কর্ম্ম করিলেন। ৪। যে প্রকারের কর্ম্ম করিলেন। ৫। কালেক্টর সাহেবের অভিমতের সার কথা। ৬। কমিশ্যনর সাহেবের মত।

১৫। ইহার পূর্ব্বপদে যে উপদেশ দেওয়া গেল তাহা ১৮৭০ সালের ডিসেম্বর মাসের ৬ নং সরকুলর অর্ডরে মতান্তরিত হইয়াও রহিত করা যায় নাই সেই সরকুলর এই।

৭। মজুরদিগকে চাউল দিবার নিয়ম এই। পুরুষ ও স্ত্রী ও বালকবালিকাকে প্রতি দিন কত করিয়া চাউল দিতে হইবে জিলার মাজিষ্ট্রেট সাহেব ইহা স্থির করিবেন। প্রয়োজন হইলে ঐ চাউল দিবার বিধি করিয়া দিবেন। কিন্তু অন্য প্রকারের আজ্ঞা না দেওয়া গেলে, উপকারার্থ কার্য্যের কর্ত্তৃপক্ষ নিম্নলিখিতমতে কার্য্য করিবেন।

৮। ১৫ অবধি ২০ পর্য্যন্ত মজুরকে দলং করিয়া রাখা যাইবে, ইহাদের উপর একং জন দফাদার থাকিবে। আপন দলের মধ্যে প্রত্যেক জন মজুরকে যে কর্ম্ম নিরূপণ করিয়া দেওয়া যায় সেই মজুর ঐ কর্ম্ম সারিয়া দেয়, ও প্রত্যেক জন নিয়মমতে রোজমজুরী পায়, ও দোকানহইতে যে চাউল পাওয়া যায় তাহা মজুরদের মধ্যে উপযুক্তমতে বিলি করিয়া দেওয়া যায়, এই সকল বিষয় ঐ দফাদারের দেখিতে হইবে। তাহার হাতে এই কর্ম্ম থাকাতে সামান্য মজুরের মত তাহার অন্য কর্ম্ম নিরূপণ করিয়া দেওয়া যাইবে না।

৯। মাজিষ্ট্রেট সাহেব কর্ম্ম বুঝিয়া যত জন মজুরের খাটিতে আজ্ঞা করেন তাহাদের সংখ্যা বিবেচনায় সবর্ডিনেট কএক জন কর্ম্মকারককে নিযুক্ত করা যাইবে। তাহাদের বেতন সেই উপকারার্থ কার্য্যের হিসাবে লেখা যাইবে।

১০। হইতে পারিলে প্রত্যেক মজুরকে প্রতি দিন দফাদারের সাক্ষাতে মজুরীর পয়সা দেওয়া যাইবে। কিন্তু এই বিধির ৭ ধারামতে প্রত্যেক জন মজুর যত করিয়া চাউল পাইবে দফাদার টাকায় ।০ দশ সের দরে তত চাউল পাইবার নিমিত্ত মুদির নামে একখান টিকিট কি আজ্ঞাপত্র চাহিয়া লইতে পারিবে। মুদি চাউল দিলে তাহাকে মূল্য দেওয়া যাইবে। দফাদারের দলের মধ্যে যত জন মজুর থাকে তাহারা যত চাউল পাইবে ঐ দফাদার ইচ্ছা করিলে সেই সমস্ত চাউলের কি তাহার অংশ মাত্রের টিকিট লইতে পারিবে। ঐ সবর্ডিনেট কর্ম্মকারককে একং খান বহী দেওয়া যাইবে। সেই বহীতে টিকিট ও তাহার অনুলিপি লিখিবার ১০০ শত পাত থাকিবে। তিনি টিকিট লিখিয়া দফাদারকে দিবেন আপনি অনুলিপি রাখিবেন।

১১। যিনি ঐ উপকারার্থ কার্য্যের কর্ত্তৃপক্ষ হন ঐ সবর্ডিনেট তাঁহার অধীন আগাম দেওয়া টাকার হিসাব রাখিবার কর্ম্মকারক হইবেন। যত জন মজুর কর্ম্ম করে তিনি B চিহ্নিত ক্রোড়পত্রের নিয়মমতে তাহাদের রোজং রিপোর্ট করিবেন। ও মজুরদের নামের ফর্দ্দ রাখিবেন ও পবলিক ওর্কসে আগাম দেওয়া টাকার বহী যে পাঠে লেখা যায় ইনি সেই পাঠে আগাম দেওয়া নগদের বহী রাখিবেন।

B চিহ্নিত ক্রোড়পত্র।

উপকারার্থ কার্য্যে যত জন মজুর কর্ম্ম পায় নিরূপিত সময়ান্তরে তাহাদের রিটর্ণ লিখিয়া পাঠাইবার এই বিধি।

১। মাজিষ্ট্রেট সাহেব কোন স্থানে লোকের উপকারার্থে কোন কার্য্য চালাইবার অনুমতি দিলে, তিনি একাদিক্রমে ঐ কার্য্যের নম্বর দিয়া রাখিবেন। ঐ কার্য্য সমাপ্ত না হওন পর্য্যন্ত তাহার যেং রিটর্ণ দেন, তাহা অমুক নম্বরের কার্য্যের রিটর্ণ বলিয়া লিখিবেন। কারণ অনেক স্থানের প্রায় একি প্রকারের নাম থাকে সুতরাং স্থানের নাম করিয়া কার্য্যের রিটর্ণ লিখিতে গেলে গোল হইতে পারে।

২। কোন জিলার একি মহকুমায় নানা প্রকারের কার্য্য করিতে হইলে, ও প্রত্যেক কার্য্যে ৫০০ টাকার কম খরচ করিবার অনুমতি থাকিলে উক্ত একং প্রকারের সকল কার্য্য একি কার্য্য বলিয়া লিখিতে হইবে। যথা "৭কুসার মহকুমায় কএকটা পুষ্করিণীর পঙ্কোদ্ধার কার্য্য" "কিম্বা" হাজিপুর মহকুমায় কএক গ্রাম্য পথ প্রস্তুত করণ কার্য্য।" এই প্রকার লিখিলে, পশ্চাৎ লিখিত পাঠের ও হিসাবের মধ্যে অনাবশ্যক বেওরা লিখিবার প্রয়োজন থাকিবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩ ৩০ ডিসেম্বর।]

3. Every Subordinate or Agent in actual charge of work-people must submit daily to the District Engineer, or other Officer in charge of works, a daily report of the number of work-people employed on each work, in the Form A. The right-hand portion of the Form, as printed, will be despatched, and the counterfoil will be retained for the time being by the Subordinate in charge.

4. Where the work is a road of more than 10 miles in length, it should be divided into two or more sections, and each section should be treated as a separate work in respect to the submission of daily reports of the work-people employed.

5. Every District Engineer or other Officer in similar charge of works must submit weekly to the Magistrate of the district a statement, Form B., showing the number of men, women and children employed each day on each work under his charge. The statement must be submitted every Monday, for the week ending on the previous Saturday, and in the event of the District Engineer being absent from his head-quarters, the statement will be signed and despatched by the next Senior Officer present, or by the Accountant of the Office; but the Office copy of the statement must be submitted to the Engineer immediately on his return to Office.

6. The Magistrate of each district will prepare fortnightly an abstract of all the reports received from the District Engineer or Officers in similar charge of works, in the Form C. This abstract statement should be despatched to the Secretary to the Government of Bengal, Public Works Department, every alternate Wednesday (the first statement being despatched on the 17th December), and should embrace the fourteen days ending with the preceding Saturday. The report will show the total number of men, women, and children employed on each work during the fourteen days, the average daily number, that is, the total number divided by fourteen, and the actual number employed on the last of the fourteen days, which will afford some idea whether the laborers are increasing or decreasing in number. A copy of the Statement C. should be forwarded to the Commissioner of the Division.

7. In the event of the Magistrate being absent from head-quarters on the due date for despatch, the Statement C. should be signed and despatched by the Officer in charge of the Sudder Sub-Division, or by the Clerk in charge of the special duties of scarcity and relief; but the Office copy of the statement must be placed before the Magistrate immediately on his return to head-quarters.

8. In the column of remarks, Statement C., it will be desirable to give any information available as to the proportion of different classes of persons employed, so as to show whether they belong to the ordinary laboring or non-laboring classes or castes, as this will afford a good index to the pressure of the scarcity in the district.

The Forms above referred to will be available on indent, from the Superintendent of Stationery.

[*Government Gazette*, 30*th December* 1873.]

৩। প্রত্যেক সবর্ডিনেট কর্ম্মকারক কি মজুরদের উপর যে কর্ম্মকারক নিযুক্ত থাকেন তিনি, প্রতি দিন ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র সাহেবকে কিম্বা উপকারার্থ কার্য্যের অন্য কর্ত্তৃপক্ষকে A চিহ্নিত পাঠে একং কার্য্যে দিনং যত জন কর্ম্ম করে রোজ ইহার রিপোর্ট দিবেন। ঐ পাঠের দক্ষিণ ভাগে যে অংশ আছে তাহা পূর্ণ করিয়া পাঠান যাইবে ও বাম পার্শ্বে তাহার যে অনুলিপি থাকে তাহা কিয়ৎকালের নিমিত্ত ঐ অধীন কর্ম্মকারকের নিকট থাকিবে।

৪। ১০ মাইলের অধিক লম্বা পথ প্রস্তুত করিতে হইলে, তাহা দুই কি ততোধিক ভাগে বিভক্ত হইয়া, মজুরদের ঐ দৈনিক রিপোর্ট সম্বন্ধে উক্ত প্রত্যেক ভাগ একংটি কার্য্য বলিয়া জানা যাইবে।

৫। প্রত্যেক জন ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র, কিম্বা তাঁহার মত উপকারার্থ কার্য্যের অন্য কর্ত্তৃপক্ষ, সপ্তাহং জিলার মাজিষ্ট্রেট সাহেবকে B চিহ্নিত পাঠের কৈফিয়ৎ দিবেন। আপনার অধীন প্রত্যেক কার্য্যে প্রতিদিন যত জন পুরুষ কি স্ত্রী কি বালকবালিকা কর্ম্ম করিল, ঐ কৈফিয়তে তাহার বিশেষ লেখা থাকিবে। শনিবার পর্য্যন্ত সপ্তাহের কৈফিয়ৎ তাহার পর সোমবারে দিতে হইবে। ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র সাহেব সদর মোকামে না থাকিলে, যিনি তাঁহার অধীন জ্যেষ্ঠ কর্ম্মকারক হন তিনি কিম্বা আফিসের হিসাবনবিস ঐ কৈফিয়তে স্বাক্ষর করিয়া পাঠাইবেন। কিন্তু ইঞ্জিনিয়র সাহেব আফিসে ফিরিয়া আইলেই, ঐ কৈফিয়তের যে নকল আফিসে থাকে তাহা তাঁহাকে দেখাইতে হইবে।

৬। মাজিষ্ট্রেট সাহেব ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র সাহেবের স্থানে কিম্বা তাঁহার মত উপকারার্থ কার্য্যের অন্য কর্ত্তৃপক্ষের স্থানে যে সকল রিপোর্ট পান, দুই সপ্তাহ অন্তর C চিহ্নিত পাঠে তাহার সারসংগ্রহ করিয়া প্রস্তুত করিবেন। ঐ সারাংশের কৈফিয়ৎ এক বুধবার ছাড়া আর এক বুধবারে পব্লিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের নিকট পাঠাইতে হইবে। (ইহার প্রথম কৈফিয়ৎ ডিসেম্বর মাসের ১৭ তারিখে পাঠাইতে হইবে) ঐ কৈফিয়তে বুধবারের পূর্ব্ব শনিবার পর্য্যন্ত দুই সপ্তাহের বেওরা থাকিবে। সেই চৌদ্দ দিন একং কার্য্যে যত জন পুরুষ ও স্ত্রী ও বালক-বালিকা কর্ম্ম করিল, ও প্রতিদিন গড়ে যত জন কর্ম্ম করিল অর্থাৎ উহাদের সম্পূর্ণ সংখ্যা ১৪ দিয়া ভাগ করিলে যে ফলিতাঙ্ক হয় তাহা, ও সেই চৌদ্দ দিনের শেষ দিনে যত জন কর্ম্ম করিল তাহা ঐ রিপোর্টে লেখা যাইবে। মজুরদের সংখ্যা কমিয়া কি বাড়িয়া যাইতেছে ইহা ঐ রিপোর্ট দেখিয়া জানা যাইতে পারিবে। ঐ C চিহ্নিত কৈফিয়তের এক কেতা খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইতে হইবে।

৭। ঐ কৈফিয়ৎ যে তারিখে চালান করা উচিত সেই তারিখে মাজিষ্ট্রেট সাহেব সদর মোকামে না থাকিলে, যিনি সদর মহকুমার কর্ত্তৃপক্ষ হন তিনি কিম্বা যে কেরাণী দুর্ভিক্ষ ও উপকারার্থ বিশেষ কার্য্যের অধ্যক্ষতা করেন তিনি সেই কৈফিয়তে স্বাক্ষর করিয়া পাঠাইবেন। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব সদর স্থানে ফিরিয়া আইলেই আফিসে ঐ কৈফিয়তের যে নকল থাকে তাহা তাঁহাকে দেখাইতে হইবে।

৮। যাহারা কর্ম্ম করিতে যায় তাহাদের যত জন যে জাতির কি শ্রেণীর লোক হয় ও যাহারা সচরাচর মজুরী করিয়া খায় তাহাদের সমান কি অন্য জাতির কি শ্রেণীর লোক হয় C চিহ্নিত পাঠের মন্তব্য কথার ঘরে ইহার সন্ধান জানান উচিত। তাহা দেখিয়া জিলার মধ্যে দুর্ভিক্ষ দ্বারা যে কত দূর কষ্ট হইতেছে তাহা বুঝা যাইবে।

ষ্টেশনরীর সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পত্র লিখিলে তিনি উক্ত সকল পাঠ পাঠাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৩০ ডিসেম্বর।]

A.

Daily Report of Labor.

Date

WORK NO.

		On less than full rates.
Men....................		
Women..........		
Children...............		
Total No. employed		

Signature

Daily Report of Labor.

Date

WORK NO.

	On full rates.	On less than full rates.
Men....................		
Women...		
Children...............		
Total No. employed		

Signature

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 30, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ৩০ ডিসেম্বর।

PART VI.

Bills of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড।

বঙ্গদেশের ব্যবস্থাপক সভার পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill, as settled by the Council of the Lieutenant-Governor of Bengal on the 13th December 1873, is, by orders of the President, published for general information:—

A Bill to amend the law relating to the emigration of laborers to the districts of Assam, Cachar, and Sylhet, and to regulate contract labor and service.

Preamble.

WHEREAS it is expedient to amend the law regulating the emigration of native inhabitants of India from or through the provinces subject to the Government of Bengal to the districts of Assam, Cachar, and Sylhet, and the manner of engaging and contracting with native inhabitants of the said provinces to proceed to the said districts, and providing for the protection of the persons so proceeding, and for the enforcement of the contracts of service entered into by them; It is hereby enacted as follows:—

PART I.—PRELIMINARY.

Chapter 1.—Application and Miscellaneous.

Short title.

1. This Act may be called "The Labor Districts Emigration Act."

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

১৮৭৩ সালের ডিসেম্বর মাসের ১৩ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় এই আইনের নানা ধারা অবধারিত হইলে সভাপতি সাহেবের আজ্ঞাক্রমে তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

আসাম ও কাছাড় ও ছিলট জিলায় মজুরদের গমনবিষয়ক আইন সংশোধন করণার্থে ও চুক্তিক্রমে মজুরী ও চাকরী করিবার বিধান করণার্থে আইনের পাণ্ডুলিপি।

[illegible]

বঙ্গদেশের গবর্ণমেণ্টের শাসনাধীন দেশহইতে বা সেই দেশ দিয়া আসাম ও কাছাড় ও ছিলট জিলায় ভারতবর্ষস্থ মজুরদের গমনবিষয়ক, ও সেইং জিলায় যাইবার নিমিত্ত ঐ দেশের লোকদিগকে যুটাইয়া দেওন, ও তাহাদের সঙ্গে চুক্তি করণ সম্বন্ধক আইন সংশোধন করা, ও তদ্রূপে যে লোকেরা তথায় যায় তাহাদের রক্ষা হইবার ও তাহারা চাকরী করিতে যে চুক্তি করে তাহা প্রবল করিবার বিধান করা বিহিত, এই কারণে এইং বিধান করা যাইতেছে।

১ অধ্যায়।—পরিভাষা।

১ পরিচ্ছেদ।—এই আইন যে স্থলে খাটিবে তাহার ও বিবিধ বিষয়ের কথা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "মজুরী করিবার জিলায় গমন বিষয়ক আইন" নামে বলা যাইতে পারিবে ইতি।

2. Bengal Act II of 1870 (*to consolidate and amend the law relating to the transport of laborers to the districts of Assam, Cachar, and Sylhet, and their employment therein*) is hereby repealed. All contracts entered into, appointments made, and licenses granted, under the said Act, or any of the Acts thereby repealed, shall be deemed to have been respectively entered into, made, and granted under this Act.

Repeal of Act II of 1870.

3. In this Act, unless there be something repugnant in the subject or context—

Interpretation clause.

"India" means the territories for the time being vested in Her Majesty by the Statute 21 and 22 Vic., cap. 106, entitled *"An Act for the better government of India,"* other than the settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca.

India.

"The Labor Districts" means the districts of Assam, Cachar, and Sylhet, and "a labor district" means one of those districts.

Labor Districts.

"Magistrate" includes a magistrate of a district or of a division of a district, and any magistrate of the first and second class, and any magistrate of police for the town of Calcutta.

Magistrate.

"Employer" means the chief person for the time being in charge of any lands upon which laborers may be employed.

Employer.

"Garden Sirdar" means any person authorized by certificate by an employer to engage natives of India to proceed to a labor district under a contract to be made and executed according to the provisions of this Act.

Garden Sirdar.

"Recruiter" means any person licensed under the provisions of this Act as a recruiter.

Recruiter.

"Contractor" means any person licensed under the provisions of this Act as a contractor.

Contractor.

"Emigrant" means any native of India above the age of sixteen years who has engaged with any garden-sirdar or recruiter or any other person to proceed

Emigrant.

২ ধারা। ১৮৭০ সালের বঙ্গীয় ২ আইন অর্থাৎ আসাম ও কাছাড় ও ছিলট জিলায় মজুরদিগের প্রেরণ ও তথায় তাহারদের কর্ম্ম প্রাপণবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধনকরণার্থ আইন) এতৎক্রমে রহিত করা গেল। উক্ত আইনক্রমে, কিম্বা সেই আইনদ্বারা অন্য যেং আইন রহিত করা গেল তৎক্রমে যে সকল চুক্তি ও নিয়োগ করা গিয়াছে ও যে সকল লাইসেন্স দেওয়া গিয়াছে তাহা এই আইনমতে করা গেল ও দেওয়া গেল বলিয়া জ্ঞান হইবে ইতি ;

১৮৭০ সালের ২ আইন রহিত হইবার কথা।

৩ ধারা। এই আইনে বিষয় বুঝিবা কি পূর্ব্বাপর কথার দ্বারা অন্য ভাব প্রকাশ না হইলে

অর্থ করিবার ধারা।

ভারতবর্ষের সুশাসনের নিমিত্ত আইন নামে মহারাণী বিকটরিয়ার ২১ ও ২২ বৎসরের ১০৬ অধ্যায়ের আইনের বলে যৎকালে যে দেশ শ্রীশ্রীমতীর প্রতি বর্ত্তে, "ভারতবর্ষ" শব্দে, প্রিন্স অফ ওয়েলস নামক উপদ্বীপ ও সিংহপুর ও মালাকা উপনিবেশছাড়া, সেই সমুদয় দেশ বুঝাইবে।

"ভারতবর্ষ"।

"মজুরী করিবার জিলা" এই কথায় আসাম ও কাছাড় ও ছিলট জিলা বুঝাইবে। ও "মজুরী করিবার কোন জিলা" এই কথায় উক্ত জিলার মধ্য কোন এক জিলা বুঝাইবে।

মজুরী করিবার জিলা।

"মাজিষ্ট্রেট" এই শব্দের মধ্যে জিলার ও জিলার কোন খণ্ডের মাজিষ্ট্রেট ও প্রথম কি দ্বিতীয় শ্রেণীর কোন মাজিষ্ট্রেট, এবং কলিকাতা নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেট গণ্য।

"মাজিষ্ট্রেট"।

মজুরেরা যে জমীতে কর্ম্ম পায় সেই জমী যৎকালে প্রধান যে ব্যক্তির জিম্মায় থাকে "কর্ত্তা" শব্দে তাঁহাকে বুঝাইবে।

কর্ত্তা।

ভারতবর্ষজাত লোকেরা এই আইনের বিধানমতে চুক্তি করিয়া ও তাহাতে স্বাক্ষর করিয়া মজুরী করিবার জিলায় যায় এই নিমিত্ত, কোন কর্ত্তা যে ব্যক্তিকে সর্টিফিকট দিয়া তাহারদের সঙ্গে করার করিবার ক্ষমতা দেন, "বাগানের সরদার" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

বাগানের সরদার।

কোন ব্যক্তি এই আইনের বিধানমতে মজুরসংগ্রহ করিবার লাইসেন্স পাইলে, "মজুরসংগ্রাহক" শব্দে তাহাকে বুঝাইবে।

মজুর সংগ্রাহক।

কোন ব্যক্তি এই আইনের বিধানমত চুক্তি করিয়া লইবার লাইসেন্স পাইলে "কন্‌ট্রাক্‌টর" শব্দে তাহাকে বুঝাইবে।

কন্‌ট্রাক্টর।

ভারতবর্ষজাত ষোল বৎসরের অধিক বয়সের কোন লোক মজুরী করিবার জিলায় গিয়া মজুরী লইয়া কর্ম্ম করিতে বাগানের সরদারের কি মজুরসংগ্রাহকের কি

বিদেশগামী।

to a labor district for the purpose of laboring therein for hire.

"Laborer" means any emigrant who has been conveyed to a labor district in accordance with a contract made under the provisions of Bengal Act III of 1863, Bengal Act VI of 1865, Bengal Act II of 1870, or this Act, during the duration of such contract.

Laborer

"Vessel" includes a steamer, a flat, a boat, and anything made for the conveyance by water of human beings or property.

Vessel

"Master" means the person for the time being in charge of a vessel.

Master

4. The Lieutenant-Governor may from time to time make rules consistent with this Act, and from time to time alter, vary, and revoke such rules:—

Power of the Lieutenant-Governor to make rules

(1)—To regulate the subordination of the several officers of emigration to the superintendent.

(2)—To prescribe the periodical returns and reports to be made by the emigration officers, by magistrates, and by the inspectors of laborers.

(3)—To prescribe the amount of the several fees to be paid under the provisions of this Act.

(4)—To provide for the management and regulation of contractors' depôts and of hospital depôts.

(5)—To provide for the medical care of emigrants during their residence at the depôts, and during transport to a labor district.

(6)—To prescribe the nature, quality, and quantity of medical drugs and other stores to be carried on vessels taking emigrants.

(7)—To prescribe the clothing to be supplied to emigrants while proceeding to a labor district.

(8)—To prescribe the description, quantity, and quality of provisions to be taken by vessels carrying emigrants, and the daily allowance to be issued to each emigrant during the journey.

(9)—To provide for the ventilation and cleanliness of vessels during the journey, to prescribe the number of officers, cooks, and other servants, and to provide for their control, and to provide generally for the accommodation of emigrants.

(10)—To provide for the accommodation, support, and medical treatment of all emigrants

অন্য কোন ব্যক্তির সঙ্গে করার করিলে "বিদেশগামি" শব্দে তাহাকে বুঝাইবে।

১৮৬৩ সালের বঙ্গীয় ৩ আইনের কিম্বা ১৮৬৫ সালের বঙ্গীয় ৬ আইনের কিম্বা ১৮৭০ সালের বঙ্গীয় ২ আইনের কি এই আইনের বিধানমত চুক্তি করিয়া বিদেশগামি যে ব্যক্তিকে মজুরী করিবার জিলায় আনা যায় তাহার সেই চুক্তির মিয়াদ যত দিন চলে তত দিন "মজুর" শব্দে তাহাকে বুঝাইবে।

মজুর

ষ্টীমর কি অকবোট কি নৌক, কিম্বা জলপথে মনুষ্য কি মাল লইয়া যাইবার জন্যে যে কোন যান গড়ান যায় "নৌকাদি" শব্দে তাহা বুঝাইবে।

নৌকাদি

সেই নৌকাদি যৎকালে যে ব্যক্তির জিম্মায় থাকে "মাঝি" শব্দে তাঁহাকে বুঝাইবে ইতি।

মাঝি।

৪ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব সময়ে২ নিম্নলিখিত বিষয়ের বিধি করিতে পারিবেন ও সময়ে২ সেই বিধি পরিবর্ত্তন ও মতান্তর ও রহিত করিতে পারিবেন। কিন্তু সেই বিধি এই আইনসঙ্গত হয়।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের বিধি করিবার ক্ষমতার কথা।

১। মজুরদের গমন সম্পর্কে যেং কার্য্যকারকেরা নিযুক্ত হন সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অধীনে তাহাদের থাকিবার বিধি।

২। গমনসম্পর্কীয় কার্য্যকারকদের ও মাজিষ্ট্রেটদের ও মজুরদের ইনস্পেক্টরদের সময়ে২ যেং বিবরণ ও রিপোর্ট দিতে হইবে তাহা নির্দ্দিষ্ট করিবার বিধি।

৩। এই আইনের বিধানমতে কত করিয়া নানা প্রকারের ফী দিতে হইবে তাহা নির্দ্দিষ্ট করিবার বিধি।

৪। কনট্রাক্টরদের আড্ডার ও হাস্পাতালের কার্য্য চালাইবার ও তাহার সুবিধান করিবার বিধি।

৫। বিদেশগামিরা যত দিন আড্ডায় থাকে তত দিন, ও মজুরী করিবার জিলায় যাইবার সময়ে, তাহাদের চিকিৎসার বিধান।

৬। বিদেশগামিরা যে নৌকাদিতে যায় তন্মধ্যে কিং প্রকারের ও কিং গুণের ও কত ঔষধীয় দ্রব্য ও অন্য দ্রব্য লইতে হইবে তাহার বিধি।

৭। মজুরী করিবার জিলায় যাইবার সময়ে ঐ ব্যক্তিদিগকে যত বস্ত্রাদি দিতে হইবে তাহার বিধি।

৮। বিদেশগামিরা যে নৌকাদিতে যায় তাহার মধ্যে কিং প্রকারের ও কত করিয়া ও কিং গুণের আহারীয় দ্রব্য লইতে হইবে ও পথে যাইবার সময়ে একং জন দিন কত করিয়া পাইবে তাহার বিধি।

৯। পথে যাইবার সময়ে নৌকাদিতে বাতাস খেলিবার ও সেই নৌকাদি পরিষ্কার রাখিবার বিধি। ও কত জন কর্ম্মকারক ও পাচক ও চাকর লইতে হইবে তাহা নির্দ্দিষ্ট করিবার ও তাহাদের তত্ত্ব লইবার বিধি, ও সামান্যতে সেই বিদেশগামিদের স্বচ্ছন্দে থাকিবার বিধি।

১০। বিদেশগামি কোন ব্যক্তির পীড়াপ্রযুক্ত মাজিষ্ট্রেটের আজ্ঞামতে তাহার কোন স্থানে থাকিতে

detained at any place by order of a magistrate on account of sickness.

(11)—To provide for the periodical inspection of laborers, and the books to be kept by inspectors of laborers.

(12)—To provide for the house accommodation, water-supply, sanitary arrangements, and supply of rice to be provided by employers for their laborers.

(13)—To provide for the hospital accommodation and medical care of laborers, and to prescribe the nature, quality, and quantity of medical drugs and other stores to be provided for them.

The Lieutenant-Governor may from time to time fix penalties not inconsistent with any of the provisions of this Act for infringements of any such rules, which may be enforced and recovered as other penalties under this Act on conviction by a magistrate: Provided that no penalty shall exceed five hundred rupees.

All such rules, with the penalties (if any) for their infringement, shall be published in the *Calcutta Gazette*, and shall be separately printed and sold to the public at 4 annas for each copy.

Contract made with emigrant is a charge upon the land;

5. Every contract made with an emigrant, and all arrears of wages due under any such contract, and all fines imposed on any employer under the provisions of this Act, shall be a charge upon the lands upon which such laborer has been engaged to work.

and is transferred with the land.

The owner of such lands for the time being shall have all rights and remedies against such laborer as if such owner had been originally the party executing such contract as employer.

Determination of ownership determines liability.

No person, after he has ceased to be the owner of such lands, nor his property nor effects, shall be in anywise liable or responsible for any breach of such contract which may have occurred after he has ceased to be such owner.

Any person above the age of 16 years may contract.

6. Any engagement or contract made under the provisions of this Act by a native of India, who is above the age of sixteen years, shall be held valid.

No contract binding for more than one year, unless under the Act.

7. No contract to labor in the Labor Districts for more than one year shall be binding upon an emigrant, unless it is made in accordance with this Act

হইলে তাহার স্বচ্ছন্দে থাকিবার ও খোরাক পোষাকের ও চিকিৎসার বিধি।

১১। মজুরদিগকে সময়ে২ দেখিবার বিধি ও ইন্‌স্পেক্টরদের যে২ বহী রাখিতে হইবে তাহার বিধি।

১২। কর্ত্তারা মজুরদের থাকিবার স্থানের ও জলসম্পোযোর ও সুস্থ থাকিবার যে নিয়ম করিবেন তাহার ও মজুরদের নিমিত্ত কর্ত্তাদের চাউল যোগাইয়া দিবার বিধি।

১৩। মজুরদের হাস্পাতালে থাকিবার স্থানের ও চিকিৎসার ও তথায় কি২ প্রকারের ও কি২ গুণের কত ঔষধীয় দ্রব্য ও অন্যান্য দ্রব্য রাখিতে হইবে তাহার বিধি।

উক্ত কোন বিধি লঙ্ঘন হইলে তাহার যে দণ্ড হইবে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ তাহা নিরূপণ করিবেন। কিন্তু সেই দণ্ড এই আইনের কোন বিধানের অসঙ্গত না হয়। এবং এই আইনমত অন্য দণ্ড যে প্রকারে প্রবল করা যাইতে ও আদায় হইতে পারিবে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে ঐ দণ্ডও সেই প্রকারে প্রবল করা যাইতে ও আদায় হইতে পারিবে। কিন্তু পাঁচ শত টাকার অধিক দণ্ড না হয়।

তদ্রূপ সকল বিধি, এবং বিধি লঙ্ঘন হইলে যে দণ্ড হইবে তাহার বিধি, কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। ঐ বিধি স্বতন্ত্র ছাপা হইয়া সাধারণের নিকট ।০ আনা করিয়া বিক্রয় করা যাইবে ইতি।

বিদেশগামির সঙ্গে যে চুক্তি করা যায় জমীর উপর তাহার দায় থাকার কথা।

৫ ধারা। বিদেশগামির সঙ্গে যে চুক্তি করা যায় তাহা, ও সেই চুক্তিমতে তাহার যে বেতন হয় তাহা বাকী পড়িলে সেই টাকা, ও এই আইনের বিধানমতে কোন কর্ত্তার প্রতি যে সকল দণ্ড দিবার আজ্ঞা হয় তাহার টাকা, মজুর যে জমীতে কর্ম্ম করিতে করার করে সেই জমীর উপর দায় স্বরূপ বর্ত্তিবে।

ও জমীর সঙ্গে চুক্তি হস্তান্তর হইবার কথা।

যিনি যৎকালে সেই ভূমির স্বামী হন, তিনিই কর্ত্তা বলিয়া প্রথমে সেই চুক্তি করিলে তাঁহার যে অধিকার থাকিত, ঐ মজুরের উপর তাঁহার সেই অধিকার ও সেই প্রতিকার বর্ত্তিবে।

স্বামিত্ব গেলে দায়ের শেষ হইবার কথা।

যিনি জমীর স্বামী ছিলেন, তাঁহার স্বামিত্ব গেলে পর, ঐ চুক্তি কোন প্রকারে ভঙ্গ হইলেও তাঁহার উপর কি তাঁহার সম্পত্তির কি মালের উপর কোন প্রকারের দায় কি ঝোঁক থাকিবে না ইতি।

১৬ বৎসরের অধিক বয়সের কোন লোকের চুক্তি করিতে পারিবার কথা।

৬ ধারা। ভারতবর্ষজাত কোন ব্যক্তির বয়স ষোল বৎসরের অধিক হইলে, সে এই আইনের বিধানমতে যে করার কি চুক্তি করে তাহা সিদ্ধ বলিয়া জ্ঞান হইবে ইতি।

আইনমতে যে চুক্তি করা যায় তাহা ছাড়া কোন চুক্তি এক বৎসরের অধিক বলবৎ না থাকার কথা।

৭ ধারা। মজুরী করিবার জিলায় এক বৎসরের অধিক মজুরী করিবার কোন চুক্তি করা গেলে, যদি এই আইন অনুসারে করা না যায় তবে বিদেশগামি

liable to a fine not exceeding fifty rupees for every native who may have been so engaged.

Appointment of superintendent of emigration, embarkation agents and medical inspectors.

12. The Lieutenant-Governor may appoint a proper person to be the superintendent of emigration at Calcutta, and may also appoint any proper person to be superintendent of emigration at any other place with all or any of the powers of a superintendent of emigration, and may also appoint proper persons to be embarkation agents and medical inspectors of emigrants at any places where he may think proper, and define by notification in the *Calcutta Gazette* the local limits within which each such officer shall exercise the powers and authority conferred upon him by this Act. He may at any time suspend or remove any such officer.

Employer may recruit by garden-sirdar.

13. Any employer may, by certificate, authorize a garden sirdar to engage natives of India to proceed to a labor district for the purpose of laboring therein for hire upon lands of which such employer is in charge, under contracts to be made and executed according to the provisions of this Act.

Superintendent may license contractors and recruiters.

14. It shall be lawful for the superintendent of emigration to grant to such persons as he may think fit licenses to act as contractors for engaging and supplying persons for the purpose of laboring for hire in the labor districts, or to act in behalf of some contractor as recruiters for engaging persons to proceed to the said districts for the purpose of laboring therein for hire.

Duration of contract.

15. A contract registered under this Act shall in no case exceed the term of three years from the date of the arrival of the emigrant on the estate of his employer in the labor district for which he is engaged.

Form and particulars of contract.

Every such contract shall be in the form in Schedule (A) annexed to this Act, and shall be reduced to writing, and shall specify the monthly amount of wages in money, the period of service, the name of the district

করাইলে, যত জনকে তদ্রূপে করার করায় তাহাদের জনপ্রতি সেই ব্যক্তির পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইবে ইতি।

বিদেশ যাইবার তত্ত্বাবধায়কের ও নৌকাদিতে চড়াইবার এজেন্টের ও মজুরদিগকে দেখিবার ডাক্তর সাহেবদের নিযুক্ত হইবার কথা।

১২ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব বিদেশে যাওন কার্য্যের তত্ত্বাবধান করিবার জন্যে কলিকাতায় সুপরিন্টেণ্ডেণ্ট বলিয়া উপযুক্ত কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন, এবং অন্য কোন স্থানে বিদেশে যাওন কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট নামে কোন উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করিয়া তাহাকে বিদেশে যাওনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্টের সকল কি কোনং ক্ষমতা দিতে পারিবেন। এবং যেং স্থানে উচিত বোধ করেন সেইং স্থানে বিদেশগামিদিগকে নৌকাদিতে চড়াইয়া দিবার জন্যে এজেন্ট, ও তাহাদের দেখিবার জন্যে ডাক্তর নিযুক্ত করিতে পারিবেন, ও উক্ত প্রত্যেক জন কার্য্যকারককে এই আইনমতে যে শক্তি ও ক্ষমতা দেওয়া যায় তাঁহারা যে স্থানের সীমার মধ্যে সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন, কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া তাহা নিরূপণ করিবেন। তিনি কোন সময়ে উক্ত কোন কার্য্যকারককে সসপেণ্ড কি অবসরও করিতে পারিবেন ইতি।

বাগানের সরদারের দ্বারা কর্ত্তার লোক সংগ্রহ করিয়া আনিবার কথা।

১৩ ধারা। কোন কর্ত্তার অধীনে যে জমী থাকে, ভারতবর্ষজাত লোকেরা এই আইনের বিধানমতে চুক্তি করিয়া ও চুক্তিপত্রে দস্তখৎ করিয়া মজুরী পাইয়া সেই জমীতে খাটিবার জন্যে মজুরী করিবার জিলায় যায় এই নিমিত্তে ঐ কর্ত্তা বাগানের কোন সরদারকে সর্টিফিকট দিয়া ঐ লোকদিগকে যুটাইয়া আনিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

কন্ট্রাকটরদিগকে ও মজুর সংগ্রাহকদিগকে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের লাইসেন্স দিবার কথা।

১৪ ধারা। বিদেশগমন কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যাহাদিগকে উপযুক্ত জ্ঞান করেন, এমত কোন ব্যক্তিদিগকে মজুরী করিবার জিলায় গিয়া মজুরী পাইয়া খাটিবার জন্যে লোক করিয়া লইবার ও যুটাইবার লাইসেন্স, কিম্বা কোন কনট্রাকটরের তরফে মজুরসংগ্রাহক হইয়া ঐ জিলায় গিয়া মজুরী পাইয়া খাটিবার লোক করিয়া লইবার লাইসেন্স দিতে পারিবেন ইতি।

চুক্তির মিয়াদের কথা।

১৫ ধারা। এই আইনমতে যে চুক্তি পত্র রেজিষ্টরী করা যায়, বিদেশগামি ব্যক্তি মজুরী করিবার যে জিলায় কর্ম্ম করিতে করার করে, সেই জিলায় কর্ত্তার জমীতে পঁহুছিবার তারিখ অবধি কোন স্থলেই তিন বৎসরের অধিক মিয়াদের সেই চুক্তি হইবে না।

চুক্তির পাঠ ও মর্ম্মের কথা।

উক্ত প্রত্যেক চুক্তিপত্র এই আইনের A চিহ্নিত তফসীলের পাঠে লিখিয়া দেওয়া যাইবে। মজুরকে মাসেং যত টাকা বেতন দেওয়া যাইবে, ও তাহার যত কাল চাকরী করিতে হইবে, ও

in which the service is to be performed, and the price at which rice is to be supplied to the laborer.

Chapter 3.—Garden-sirdar.

16. Every garden-sirdar, authorized by an employer under the provisions of section 13 to engage natives of India to proceed to a labor district for the purpose of laboring therein for hire, shall, before proceeding to engage any such native, personally present to the magistrate of the district, or division of the district, within which is situate the estate of the employer, a certificate signed by such employer, in which shall be stated the name and description of such garden-sirdar, the name and description of the lands for the purpose of laboring upon which he is about to engage such natives, the district (or the town of Calcutta, as the case may be) in which he is about to engage them, the number which he is authorized to engage, and, if the number exceeds twenty, the name of the contractor to whose depôt they shall be conveyed. The certificate shall be in the form set forth in Schedule (B) annexed to this Act.

Garden-sirdar to obtain certificate from employer, and to present it to magistrate.

17. Such magistrate shall inquire into the facts stated in such certificate, and, upon being satisfied that the same are true, shall, unless it appears to him that the person so presenting such certificate is unfit to be employed for the purpose of engaging natives to proceed to a labor district to labor therein for hire, countersign and date such certificate; and every such certificate shall be in force for six months from the date last mentioned, and no longer.

Magistrate after inquiry to countersign it.

18. If, under his certificate from his employer, any garden-sirdar is authorized to engage more than twenty natives of India, he shall be in all respects, save as regards his certificate, subject to the provisions of this Act which relate to recruiters. The following rules of this chapter shall apply to every garden-sirdar who is not authorized to engage more than twenty such natives.

Garden-sirdar authorized to engage more than twenty natives to be subject to provisions relating to a recruiter.

Garden-sirdar who is not a Recruiter.

19. A garden-sirdar shall not have authority in any district under the control of the Lieutenant-Governor of Bengal to engage or attempt to engage a native of India to become an emigrant, until his

Has no authority until certificate is countersigned by magistrate.

যে জিলায় চাকরী করিবে সেই জিলার নাম, ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে, ঐ চুক্তিপত্রে এই সকল কথা বিশেষ করিয়া লেখা থাকিবে ইতি।

৩ পরিচ্ছেদ।—বাগানের সরদারের কথা।

১৬ ধারা। ১৩ ধারার বিধানমতে বাগানের কোন সরদার কর্ত্তার স্থানে মজুরী করিবার জিলায় গিয়া মজুরী পাইয়া পরিশ্রম করিবার জন্যে ভারতবর্ষজাত লোক করিয়া লইতে ক্ষমতা পাইলে, কর্ত্তার জমী যে জিলার কি যে মহকুমার মধ্যে থাকে, ঐ বাগানের সরদার, বিদেশগামি উক্ত প্রকারের কোন লোক করিয়া লইবার পূর্ব্বে, আপনি সেই জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের নিকট গিয়া, ঐ কর্ত্তার দস্তখত করা সর্টিফিকট দেখাইবেন। তন্মধ্যে ঐ বাগানের সরদারের নাম ও বেওরা লেখা থাকিবে, ও যে জমীতে মজুরী করিবার জন্যে দেশীয় লোককে করিয়া লইবে সেই জমীর নাম ও বর্ণনা, ও যে জিলায় গিয়া লোক করিয়া লইবে সেই জিলার নাম, কিম্বা বিষয়বিশেষে কলিকাতায় গিয়া লোক করিয়া লইবে এই কথা, ও উক্তরূপে যত জনকে করিয়া লইবার অনুমতি থাকে তাহাদের সংখ্যা, ও কুড়ি জনের অধিক হইলে তাহাদিগকে যে কন্ট্রাক্টরের আড্ডায় লইয়া যাইবে তাহার নাম লেখা থাকিবে। ঐ সর্টিফিকট এই আইনের B তফসীলের পাঠে লিখিতে হইবে ইতি।

কর্ত্তার স্থানে বাগানের সরদারের সর্টিফিকট লইয়া মাজিষ্ট্রেটকে দেখাইবার কথা।

১৭ ধারা। ঐ সর্টিফিকটের মধ্যে যে বৃত্তান্ত লেখা থাকে মাজিষ্ট্রেট সাহেব তাহার তত্ত্ব লইয়া সন্তোষমতে সত্য জানিলে, ও যে ব্যক্তি ঐ সর্টিফিকট দেখায় সে মজুরী করিবার জিলায় মজুরী পাইয়া খাটিবার লোক করিয়া লইবার যোগ্য নয়, তিনি এমত জ্ঞান না করিলে, ঐ সর্টিফিকটে আড়সহী করিয়া তারিখ লিখিবেন। ও সেই সর্টিফিকট সেই তারিখঅবধি ছয় মাসপর্য্যন্ত প্রবল থাকিবে, তাহার অধিক নয় ইতি।

মাজিষ্ট্রেট সাহেবের সন্ধান লইয়া তাহাতে আড়সহী করিবার কথা।

১৮ ধারা। কর্ত্তার সর্টিফিকট দ্বারা কোন বাগানের সরদার কুড়ি জনের অধিক মজুর করিয়া লইতে ক্ষমতা পাইলে, এই আইনে মজুর সংগ্রাহকদের বিষয়ে যে সকল বিধান আছে, সেই সরদার সর্টিফিকটের কথা ছাড়া অন্য সকল বিষয়ে সেই বিধানের অধীন থাকিবে। বাগানের সরদার কুড়ি জনের অধিক মজুর করিয়া লইতে ক্ষমতা না পাইলে, তাহার প্রতি এই অধ্যায়ের পশ্চাল্লিখিত বিধি খাটিবে ইতি।

বাগানের সরদার ২০ জনের অধিক মজুর করিয়া লইবার ক্ষমতা পাইলে তাহার প্রতি মজুর সংগ্রাহক বিষয়ক বিধান খাটিবার কথা।

বাগানের সরদার মজুর সংগ্রাহক না হইলে তাহার বিধি।

১৯ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন কোন জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেব বাগানের সরদারের সর্টিফিকটে আড়সহী না করিলে, সেই জিলার

মাজিষ্ট্রেট সাহেব সর্টিফিকটে আড়সহী না করিলে তাহার ক্ষমতা না থাকার কথা।

certificate has been countersigned by the Magistrate of such district or of such division of the district; or in Calcutta, until his certificate has been countersigned by the commissioner or the deputy commissioner of police in Calcutta.

Magistrate may cancel certificate.

It shall be lawful for such magistrate, in case of misconduct or disobedience to, or neglect of, any of the provisions of this Act by a garden-sirdar, to cancel the certificate of such garden-sirdar.

Every native to appear before magistrate before removal from district.

20. Every native of India, who enters into an engagement with a garden-sirdar to proceed to a labor district for the purpose of laboring for hire, shall appear with the garden-sirdar before the magistrate of the district or of the division of the district within which the engagement was made, or through which he shall first pass on the road to his destination. The garden-sirdar shall at the same time produce his certificate to the magistrate.

Magistrate to examine native, and if the examination is satisfactory, to register particulars,

21. On the appearance of such native the magistrate shall examine him with reference to his engagement; and, if it appears that he understands such engagement as regards the locality, period, and nature of the service, the rate of wages, and the price at which rice is to be supplied, and that he is willing to fulfil the same, the magistrate shall register, in a book to be kept for the purpose, the following particulars, viz.—

(1)—The name, the name of the father, and the age, of such native;

(2)—The name of the village or place of which such native is a resident;

(3)—The labor district to which he is engaged to proceed;

(4)—The period of service;

(5)—The rate of wages, and the price at which rice is to be supplied.

but may require medical certificate.

Provided that the magistrate may, if he thinks fit, require such native to appear before such medical officer as he may direct, and may refuse to register such native, unless the medical officer certifies in writing that he is in a fit state of health and able in point of physical

কি মহকুমার মধ্যে, এবং কলিকাতার পোলীসের কমিশ্যনর কি ডেপুটী কমিশ্যনর সাহেব সর্টিফিকটে আক্ষরী না করিলে কলিকাতায়, সেই সরদার ভারতবর্ষজাত কোন লোক করিয়া লইতে কি করিয়া লইবার চেষ্টা করিতেও পারিবে না।

ঐ সর্টিফিকট মাজিষ্ট্রেট সাহেবের বাতিল করিবার ক্ষমতার কথা।

বাগানের সরদার অভিত্তাচার করিলে, কিম্বা এই আইনের কোন বিধান না মানিলে কি তুচ্ছ করিলে, ঐ মাজিষ্ট্রেট সাহেব ঐ বাগানের সরদারের সর্টিফিকট বাতিল করিতে পারিবেন ইতি।

দেশীয় ব্যক্তি জিলা হইতে যাইবার পূর্ব্বে মাজিষ্ট্রেটের নিকট আসিবার কথা।

২০ ধারা। ভারতবর্ষজাত কোন লোক মজুরী পাইয়া কর্ম্ম করিবার নিমিত্তে মজুরী করিবার জিলায় যাইতে কোন বাগানের সরদারের সঙ্গে করার করিলে, যে জিলায় কি মহকুমায় ঐ করার করিল বাগানের সরদারের সঙ্গে সেই জিলার কি মহকুমার, কিম্বা লক্ষিত স্থানে যাইবার পথে প্রথম যে জিলায় কি মহকুমায় পহুছে, তথাকার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যাইবে। বাগানের সরদার সেই সময়ে মাজিষ্ট্রেট সাহেবকে আপনার সর্টিফিকট দেখাইবেন ইতি।

মাজিষ্ট্রেট সেই ব্যক্তির নিকট জিজ্ঞাসাবাদ করিয়া সন্তোষজনক উত্তর পাইলে যে বিবরণ রেজিষ্টরী করিবেন তাহার কথা।

২১ ধারা। দেশীয় সেই ব্যক্তি তাঁহার নিকট গেলে মাজিষ্ট্রেট সাহেব তাহার করারের বিষয়ে তাহাকে জিজ্ঞাসা করিবেন। ও যে স্থানে যাইবে, ও তাহার যত কাল যে প্রকারের কর্ম্ম করিতে হইবে, ও যে হারে বেতন পাইবে, ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে, এই সকল বিষয় ধরিয়া সে আপন করারের ভাব বুঝিয়াছে ও করারমতে কর্ম্ম করিতে ইচ্ছুক আছে, মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে, তাঁহার নিকট নিম্নলিখিত বেওরা লিখিবার যে বহী থাকে তিনি সেই বহীতে নিম্নলিখিত সকল বিবরণ রেজিষ্টরী করিয়া রাখিবেন।

১। দেশীয় সেই ব্যক্তির নাম ও পিতার নাম ও বয়স।

২। সেই ব্যক্তি যে গ্রাম কি যে স্থানবাসী হয় তাহার নাম।

৩। মজুরী করিবার যে জিলায় যাইতে করার করিয়াছে।

৪। যত কাল চাকরী করিবে।

৫। যে হারে বেতন পাইবে ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে।

কিন্তু ডাক্তরের সর্টিফিকট চাহিতে পারিবার কথা।

কিন্তু মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করিলে, যে ডাক্তর সাহেবের নিকট এদেশীয় ঐ ব্যক্তিকে যাইতে বলেন তাহাকে তাঁহার সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা দিতে পারিবেন। ও স্বাস্থ্যাপেক্ষে তাহার অবস্থা ও শরীর শক্তিক বিবেচনায় সে মজুরী করিবার জিলায় যাইবার উপযুক্ত ও তথায়

condition to journey to and work for hire in a labor district.

Magistrate, &c., may refuse to register.

22. If the magistrate finds that such native does not understand the nature of the engagement, or has been induced to enter into the engagement by fraud or misrepresentation, or if the garden-sirdar shall not have produced his certificate, he shall refuse to register such native.

Fee to be paid for registration.

23. For the registration of every such native the garden-sirdar shall pay to the registering officer a fee not exceeding one rupee and eight annas.

Contract to be executed in duplicate and abstract to be entered in book to be kept by the magistrate;

24. When such registration has been made, the emigrant shall execute a contract with the employer with whom he intends to contract. Such contract shall, in the presence of the magistrate, be signed in duplicate both by the emigrant and by the garden-sirdar on behalf of his employer. The contract may be written or printed, or partly written and partly printed, and shall be on substantial paper. An abstract of every such contract shall be entered in a register to be kept by the magistrate for the purpose; and after such abstract has been so entered, one of the duplicates shall be given to the emigrant and the other to the garden-sirdar.

and copy to be sent to superintendent and magistrate.

The magistrate shall forward a certified copy of every such abstract so entered as aforesaid to the superintendent of emigration, by whom it shall be forwarded, after entry in his own register, to the magistrate of the district within which the service under such contract is agreed to be performed.

Similar provisions for natives recruited in Calcutta.

25. The provisions of the six last preceding sections shall be applicable to natives of India engaged by a garden-sirdar within the town of Calcutta, except that they shall appear for registration and execution of contract before the superintendent of emigration.

[*Government Gazette, 30th December* 1873.]

মজুরী লইয়া কর্ম্ম করিতে পারিবে, ঐ ডাক্তর সাহেব এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া না দিলে, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

রেজিষ্টরী করিতে মাজিষ্ট্রেট সাহেবের অস্বীকার করিতে পারিবার কথা।

২২ ধারা। দেশীয় সেই ব্যক্তি করারের ভাব বুঝে নাই, কিম্বা তাহাকে প্রতারণা করিয়া কি মিথ্যা কহিয়া করার করিবার প্রবৃত্তি দেওয়া গিয়াছে, মাজিষ্ট্রেট সাহেব এমত বিবেচনা করিলে, কিম্বা বাগানের সরদার আপনার সর্টিফিকট না দেখাইলে, মাজিষ্ট্রেট সাহেব ঐ ব্যক্তিকে রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

রেজিষ্টরী করিবার যে ফী দিতে হইবে তাহার কথা।

২৩ ধারা। দেশীয় যত ব্যক্তিকে রেজিষ্টরী করা যায়, বাগানের সরদার তাহাদের প্রত্যেক জনের নিমিত্ত রেজিষ্টরীকরণিয়া কার্য্যকারককে ১॥০ দেড় টাকার অনধিক ফী দিবে ইতি।

চুক্তিপত্র দোকর করিয়া লিখিবার ও তাহার চুম্বক মাজিষ্ট্রেটের বহীতে লিখিয়া রাখিবার কথা।

২৪ ধারা। বিদেশগামি ব্যক্তি যে কর্ত্তার সঙ্গে চুক্তি করিতে মানস করে, পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী করা গেলে পর সে কর্ত্তার নিকট চুক্তিপত্র করিয়া দিবে। ঐ পত্র দোকর করা যাইবে, ও বিদেশগামি ব্যক্তি, এবং কর্ত্তার পক্ষে বাগানের সরদার, মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে, ঐ দুই খান পত্রে সহী করিবে। সেই চুক্তিপত্র উত্তম কাগজে লেখা কিম্বা ছাপান যাইবে কিম্বা তাহার একাংশ লেখা ও একাংশ ছাপান যাইবে। মাজিষ্ট্রেট সাহেব রেজিষ্টরী বহী রাখিয়া, সেই বহীতে উক্ত প্রত্যেক চুক্তি পত্রের চুম্বক লিখিয়া রাখিবেন। তাহা লেখা গেলে পর, ঐ চুক্তিপত্রের এক কেতা বিদেশগামিকে, ও এক কেতা বাগানের সরদারকে দেওয়া যাইবে।

তাহার নকল সুপারিন্টেণ্ডেণ্ট ও মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবার কথা।

ঐ চুম্বক উক্ত প্রকারে বহীতে লেখা গেলে পর, মাজিষ্ট্রেট সাহেব তাহাতে সর্টিফিকট লিখিয়া বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট তাহার নকল পাঠাইয়া দিবেন। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব আপনার রেজিষ্টরী বহীতে তাহা লিখিয়া, ঐ চুক্তিপত্রে মজুরী করিবার যে জিলায় কর্ম্ম করিবার করার হইয়াছে, সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবেন ইতি।

কলিকাতায় যে লোকদিগকে সংগ্রহ করা যায় তাহাদের বিষয়ে সেই বিধি খাটিবার কথা।

২৫ ধারা। কোন বাগানের সরদার কলিকাতা নগরের মধ্যে ভারতবর্ষজাত লোক করিয়া লইলে, ইহার পূর্ব্ব ছয়টি ধারার বিধান তাহারদের সকলের প্রতি খাটিবে, কেবল বিশেষ এই, রেজিষ্টরী করিবার ও চুক্তিপত্রে সহী করাইবার জন্যে তাহারদিগকে বিদেশগমন কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে উপস্থিত করিতে হইবে ইতি।

26. Every native of India who shall be brought or induced to come by any garden-sirdar from any province or district not under the control of the Lieutenant-Governor of Bengal, for the purpose of entering into a contract to proceed to the labor districts to labor therein for hire, shall be presented by the garden-sirdar for registry under the provisions of this chapter at some place within the district under the control of the said Lieutenant-Governor into which he shall first come, or at Calcutta, if he shall first come there.

Natives recruited in districts not in Bengal.

২৬ ধারা। যে প্রদেশ কি জিলা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অধীন নয়, বাগানের কোন সরদার মজুরী করিবার জিলায় গিয়া মজুরী পাইয়া খাটিবার চুক্তি করিয়া লইবার নিমিত্ত ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে এমত প্রদেশ কি জিলাহইতে আনিলে কি আসিতে প্রবৃত্তি দিলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন জিলার মধ্যে প্রথম যে স্থানে পঁহুছে, বাগানের সরদার সেই স্থানে, কিম্বা কলিকাতায় প্রথমে পঁহুছিলে কলিকাতায়, এই পরিচ্ছেদের বিধানমতে রেজিষ্টরী করিবার জন্যে তাহাকে উপস্থিত করিবে ইতি।

বঙ্গদেশের অন্তর্গত নয় এমন জিলার মধ্যে দেশীয় ব্যক্তিদিগকে সংগ্রহ করিবার কথা।

27. The garden-sirdar shall personally accompany natives of India engaged by him throughout their journey from the place in which the engagement was made to the place in which they are to be employed.

Garden-sirdar must personally accompany emigrants.

২৭ ধারা। বাগানের সরদার ভারতবর্ষজাত যেং লোককে করিয়া লয়, যে স্থানে তাহাদিগকে করিয়া লওয়া যায় তথাহইতে, তাহাদের যে স্থানে কর্ম্ম করিতে হইবে সেই স্থানপর্য্যন্ত, তাহাদের সঙ্গেং তাহার নিজে সমুদয় পথ যাইতে হইবে ইতি।

বিদেশগামিদের সঙ্গে বাগানের সরদারের নিজে যাইবার কথা।

28. It shall not be lawful for two or more garden-sirdars to proceed together towards a labor-district accompanied by emigrants, if the total number of such emigrants exceeds twenty, or unless the permission of the superintendent of emigration or embarkation agent shall have been first obtained.

Garden-sirdar cannot proceed with more than twenty emigrants in one batch.

২৮ ধারা। দুই কি অধিক জন বাগানের সরদারের সঙ্গে মোটে কুড়ি জনের অধিক বিদেশগামি থাকিলে, কিম্বা গমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের কি নৌকায় চড়াইয়া দিবার এজেণ্ট সাহেবের অনুমতি না পাইলে, তাহারা সেই বিদেশগামিদিগকে লইয়া মজুরী করিবার জিলারদিগে একত্র যাইতে পারিবে না ইতি।

এক দলে কুড়ি জনের অধিক মজুর লইয়া বাগানের সরদারের যাইতে না পারিবার কথা।

29. Every garden-sirdar, by whom any emigrant is accompanied, shall provide such emigrant with proper and sufficient food and lodging throughout such journey. If it shall appear to any magistrate, on the complaint of any such emigrant, at any place on the journey that he has suffered any ill-treatment during the journey or that the garden-sirdar has failed to provide him with proper and sufficient food and lodging; or if it be found on examination by a medical officer appointed by a magistrate for such purpose, that any such emigrant is not in a fit state of health to proceed to or to labor in a labor-district; such magistrate may order the garden sirdar to pay to such emigrant a sum of money by way of compensation, or may cancel the contract and order the garden-sirdar to pay to him a sum of money sufficient to enable him to return to the place at which he was engaged.

Garden-sirdar must provide food and lodging for emigrants on journey.

If such not provided, or if emigrant unfit, magistrate may award compensation, or cancel contract.

২৯ ধারা। বিদেশগামির সঙ্গে বাগানের যেং সরদার যায় সে পথের মধ্যে উপযুক্ত আহারীয় দ্রব্য ও থাকিবার স্থান যোগাইয়া দিবে। পথের মধ্যে কোন স্থানে বিদেশগামির প্রতি অত্যাচার হইয়াছে, কিম্বা বাগানের সরদার উপযুক্ত ও প্রয়োজনমত আহারীয় দ্রব্য ও থাকিবার স্থান করিয়া রাখে নাই, উক্ত কোন বিদেশগামির নালিশমতে কোন মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব তাহাকে দেখিবার নিমিত্ত যে ডাক্তরকে নিযুক্ত করেন, তিনি ভাল করিয়া দেখিলে উক্ত বিদেশগামির রোগাদি প্রযুক্ত তাহাকে মজুরী করিবার জিলায় গিয়া মজুরী করিতে অযোগ্য জানা গেলে, মাজিষ্ট্রেট সাহেব সেই ব্যক্তির হানিপূরণ বলিয়া বাগানের সরদারকে টাকা দিবার আজ্ঞা করিবেন, কিম্বা তিনি চুক্তি বাতিল করিয়া ঐ লোককে যে স্থানে করিয়া লওয়া গিয়াছিল তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার উপযুক্ত খরচ দিতে বাগানের সরদারকে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

পথে যাইবার সময়ে মজুরদের আহার ও থাকিবার স্থান বিষয়ে বাগানের সরদারের বিধান করিবার কথা।

যোগাইয়া না দিলে কিম্বা বিদেশগামী অনুপযুক্ত লোক হইলে মাজিষ্ট্রেট সাহেবের হানিপূরণ করাইয়া দিবার কি চুক্তি বাতিল করিবার কথা।

30. If any garden-sirdar, who may be ordered under the provisions of the last preceding section to pay any sum of money, shall for twenty-four hours omit to comply with such order, it shall be lawful for the magistrate to advance the amount so ordered to be paid to the emigrant named in such order, and to recover from his employer the sum so advanced with interest at the rate of twelve per centum per annum from the date of such advance.

Recovery of fines ordered to be paid by Magistrate.

31. On the arrival in Calcutta of any emigrant whose contract has been executed by a garden-sirdar on behalf of his employer, any person empowered to act as the agent or representative of such employer may require the emigrant to appear before the superintendent of emigration for the purpose of cancelling the contract. The superintendent of emigration shall, on the appearance of such emigrant, declare that the contract is cancelled, if a sum of money sufficient for his support during his return to the place at which he was engaged, be paid to him before himself, and not otherwise, and shall make an endorsement to that effect on the contract, and shall attest it with his signature. Provided that the contract of any husband or wife or parent or child of such emigrant, who may have executed a contract at the same time with the same employer, shall be cancelled at the request of such person, and in such case an equal sum of money shall be paid to such person.

Agent in Calcutta may procure order from superintendent of emigration cancelling the contract on payment of expense of return.

32. As soon as possible after the arrival of the garden-sirdar with emigrants at the place of disembarkation, or at the nearest civil station in the district within which the emigrant has engaged to labor, the garden-sirdar shall report himself to the magistrate of the district or division of the district or to any subordinate magistrate whom the magistrate may depute for that purpose, and such magistrate shall check the number of emigrants landed with the number of those registered, and shall report to the superintendent of emigration any deaths which may have occurred on the journey. Any garden-sirdar who neglects to report himself as aforesaid shall on conviction by a magistrate be punished with imprisonment, simple or rigorous, which may extend to three months.

Must report arrival in labor district.

৩০ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে বাগানের সরদারের প্রতি টাকা দিবার আজ্ঞা হইলে, যদি সে চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ আজ্ঞা মতে কর্ম্ম না করে, তবে ঐ আজ্ঞাপত্রে বিদেশগামীকে যত টাকা দিবার আজ্ঞা হইল, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে সেই টাকা আগাম দিতে পারিবেন, ও দিবার তারিখ অবধি বৎসর শতকরা ১২ টাকার হিসাবে সুদ ধরিয়া সরদারের কর্ত্তার স্থানে ঐ আগাম দেওয়া টাকা সুদসমেত আদায় করিতে পারিবেন ইতি।

মাজিষ্ট্রেট অর্থদণ্ড দিবার আজ্ঞা করিলে ঐ টাকা আদায় করিবার কথা।

৩১ ধারা। বাগানের সরদার আপনার কর্ত্তার পক্ষে কোন বিদেশগামির চুক্তিপত্রে স্বাক্ষর করিলে পর, সেই ব্যক্তি কলিকাতায় পঁহুছিলে, ঐ কর্ত্তার এজেণ্ট কি প্রতিনিধিস্বরূপ যে ব্যক্তি কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হন, তিনি চুক্তি বাতিল করিবার জন্য ঐ মজুরকে দেশান্তরগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। পরে ঐ বিদেশগামী বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে উপস্থিত হইলে, তাহাকে যে স্থানহইতে করিয়া লওয়া গিয়াছিল তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার পথখরচের উপযুক্ত টাকা সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সাক্ষাৎ দেওয়া গেলে, তিনি ঐ চুক্তি বাতিল বলিয়া প্রকাশ করিবেন, ও চুক্তিপত্রের পৃষ্ঠে সেই মর্ম্মের কথা লিখিয়া আপনি সাক্ষীস্বরূপ তাহাতে স্বাক্ষর করিবেন। কিন্তু ঐ পথখরচ তাঁহার সাক্ষাৎ না দেওয়া গেলে তিনি ঐ চুক্তিপত্র বাতিল করিবেন না। আরো ঐ বিদেশগামির স্বামী কি স্ত্রী কি পিতা কি মাতা কি সন্তান সেই সময়ে সেই কর্ত্তার নিকট কর্ম্ম করিতে চুক্তি করিয়া থাকিলে, সেই ব্যক্তি চাহিলে তাহাও বাতিল করা যাইবে, ও তাহাকেও তত্তুল্য টাকা দেওয়া যাইবে ইতি।

কলিকাতার এজেণ্ট মজুরের ফিরিয়া যাইবার খরচ দিয়া চুক্তি বাতিল করিতে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট আজ্ঞা পাইবার কথা।

৩২ ধারা। বাগানের সরদার বিদেশগামিদিগকে লইয়া নৌকাদিহইতে নামিয়া যাওয়ার স্থানে, কিম্বা বিদেশগামী যে জিলায় কর্ম্ম করিতে করার করিল সেই জিলার অতি নিকট দেওয়ানী মোকামে পঁহুছিলেই, ঐ বাগানের সরদার সাধ্যমতে তুরায় ঐ জিলার কিম্বা মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের নিকট, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব সেই কার্য্যে আপনার অধীন কোন মাজিষ্ট্রেটকে নিযুক্ত করিলে তাঁহার নিকট, আপনার পঁহুছিবার রিপোর্ট করিবেন। তাহা হইলে নৌকাদিহইতে যত জন মজুর নামিয়া যায় ঐ মাজিষ্ট্রেট সাহেব তাহাদের সংখ্যা রেজিষ্টরী সংখ্যার সঙ্গে মিলাইয়া দেখিবেন। ও তাহাদের মধ্যে কেহ পথে মরিয়া গেলে বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে তাহার রিপোর্ট করিবেন। বাগানের সরদার পঁহুছিয়া পূর্ব্বোক্তমতে রিপোর্ট না করিলে, মাজিষ্ট্রেটের দ্বারা তাহার অপরাধ নির্ণয় হইলে তাহার তিন মাসের অনধিক কাল সামান্য কিম্বা কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইতে পারিবে ইতি।

মজুরী করিবার জিলায় পঁহুছিলে রিপোর্ট করিতে হইবার কথা।

[*Government Gazette*, 30th *December* 1873.]

Chapter 4.—Contractor.

Form of license.

Fee.

Period.

33. The license granted to a contractor under section 14 shall be in the form set forth in the schedule (C) annexed to this Act. For every license there shall be paid to the superintendent of emigration a fee not exceeding one hundred rupees. Every such license shall be in force for one year and no longer; and in case of misconduct or disobedience to, or neglect of, any of the provisions of this Act by a contractor, the superintendent may cancel his license before the expiration of such period.

To give information to superintendent.

34. It shall be the duty of every contractor to afford such information to the superintendent of emigration, and to make such returns and reports to him as the superintendent, with the sanction of the Lieutenant-Governor, may from time to time require.

To establish and maintain depôts.

35. Every contractor shall forthwith, upon obtaining his license, establish a depôt in a place to be approved of by the superintendent of emigration. Every such depôt shall be maintained by such contractor for the reception of natives of India to be supplied or forwarded by or through him. All such natives shall on their arrival at or in the neighbourhood of the depôt so established by the contractor, by, through, to, or for whom they were engaged or forwarded, be forthwith received therein; and shall receive in such depôt, at the expense of such contractor, suitable lodging, food, clothing, and medical attendance, until such native shall be declared by the superintendent to be no longer thereto entitled. Every such depôt as aforesaid shall be under the supervision of the superintendent, and shall be open to his inspection and the inspection of the medical inspector at all times.

May act as recruiter.

36. A contractor may without other license act as a recruiter, and shall in such case be subject to all the provisions hereinafter contained with regard to recruiters.

Establishment of hospital depôt.

37. In addition to the depôts for the reception of emigrants which the contractors are required to establish and maintain, the Lieutenant-Governor may at any time direct that a

৪ পরিচ্ছেদ।—কন্‌ট্রাক্টরদের কথা।

লাইসেন্স লিখিবার পাঠ।

ফীর কথা।

মিয়াদের কথা।

৩৩ ধারা। কনট্রাকটরকে ১৪ ধারামতে যে লাইসেন্স দেওয়া যায়, তাহা এই আইনের C চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট পাঠে লিখিতে হইবে। উক্ত প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে এক শত টাকার অনধিক ফী দেওয়া যাইবে। উক্ত প্রত্যেক লাইসেন্স এক বৎসর বলবৎ থাকিবে তাহার অধিক নয়। এবং কনট্রাকটর কোন অত্যাচার করিলে, কিম্বা এই আইনের কোন বিধান না মানিলে কি মানিতে তাচ্ছল্য করিলে, যে মিয়াদের নিমিত্ত লাইসেন্স দেওয়া গেল তাহা না ফুরাইলেও সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব সেই লাইসেন্স বাতিল করিতে পারিবেন ইতি।

সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে সন্ধান জানাইবার কথা।

৩৪ ধারা। বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যেং বিষয়ের সন্ধান জানিতে চাহেন, ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতি লইয়া তিনি সময়েং কন্‌ট্রাকুটরের স্থানে যেং রিপোর্ট ও রিটর্ণ চাহেন, প্রত্যেক জন কন্‌ট্রাকুটর তাঁহাকে সেই সন্ধান জানাইবেন ও তাঁহাকে সেই রিপোর্ট ও রিটর্ণ দিবেন ইতি।

আড্ডা স্থাপন করিয়া রাখিবার কথা।

৩৫ ধারা। প্রত্যেক কন্‌ট্রাকুটর লাইসেন্স পাইলেই বিদেশ গমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অনুমোদিত স্থানে আড্ডা করিয়া রাখিবেন। ভারতবর্ষবাসি এদেশীয় যে লোকদিগকে উক্ত কনট্রাকুটরকর্ত্তৃক কি তাঁহার দ্বারা যুটাইয়া দেওয়া কি চালান করা যায়, ঐ কনট্রাকুটর তাহাদের থাকিবার উপযুক্তমতে ঐ আড্ডা রাখিবেন। উক্ত যে কনট্রাকুটরের দ্বারা কি যাহার নিকটে কি নিমিত্তে এদেশীয় তদ্রূপ লোক যুটাইয়া দেওয়া কি চালান করা যায়, তাহারা ঐ কনট্রাকুটরের স্থাপিত আড্ডায় কি তন্নিকটে পঁহুছিলে তাহাদিগকে তৎক্ষণাৎ সেই আড্ডায় লওয়া যাইবে, এবং সেই আড্ডায় ঐ কন্‌ট্রাকুটরের খরচে থাকিবার উপযুক্ত স্থান ও খোরাক পোষাক ও চিকিৎসা পাইবে, এবং তাহাদের সেই সকল বিষয় আর পাইবার অধিকার নাই সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ইহা যত কাল প্রকাশ না করেন তত কাল তাহারা তাহা পাইতে থাকিবে। উক্ত প্রত্যেক আড্ডা সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের তত্ত্বাধীনে থাকিবে এবং তিনি ও পরিদর্শনকারি ডাক্তর সাহেব যে সময়ে হউক সেই সময়ে গিয়া দেখিতে পারিবেন ইতি।

মজুরসংগ্রাহকের কর্ম্ম করিতে পারিবার কথা।

৩৬ ধারা। কন্‌ট্রাকুটর স্বতন্ত্র লাইসেন্স না লইয়া মজুরসংগ্রাহকের কর্ম্ম করিতে পারিবে। তাহা করিলে ইহার পশ্চাৎভাগে মজুরসংগ্রাহকদের বিষয়ে যেং বিধি লেখা আছে ঐ কনট্রাকুটরের প্রতি সেই সকল বিধি খাটিবে ইতি।

হাস্পাতাল স্থাপন করিবার কথা।

৩৭ ধারা। বিদেশগামি ব্যক্তিদের থাকিবার যে আড্ডা কনট্রাকুটরদের স্থাপন করিয়া রাখিতে আজ্ঞা হইল, তাহাছাড়া বিদেশগামি কোন ব্যক্তির ওলাউঠা কি অন্য প্রকারের সংক্রামক

separate depôt shall be established and maintained at any place for the reception of emigrants who are affected with cholera or other contagious disease. Whenever such hospital depôt is established every contractor may be required to contribute to the expense of establishing and maintaining it in such proportion as the Lieutenant-Governor may direct. Such hospital depôt shall be under the charge of the medical inspector, who shall be competent at any time to direct the transfer thereto of any emigrants on or after their arrival at any depôt.

Contractor to contribute to expense.

Under charge of medical inspector.

রোগ হইলে শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কোন সময়ে কোন স্থানে তাহারদের থাকিবার স্বতন্ত্র একটি আড্ডা করিয়া রাখিবার আজ্ঞা দিতে পারিবেন। সেই প্রকারের হাস্পাতালরূপ আড্ডা করা গেলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা স্থাপন করিয়া রাখিবার খরচের যে অংশ নিরূপণ করেন, কন্ট্রাক্টরের প্রতি সেই অংশ দিবার আজ্ঞা হইতে পারিবে। সেই হাস্পাতাল পরিদর্শনকারি ডাক্তর সাহেবের অধীনে থাকিবে। আড্ডায় বিদেশগামিদের পঁহুছিবার সময়ে কি তৎপরে তিনি তাহাদের কোন ব্যক্তিদিগকে সেই হাস্পাতালে পাঠাইবার আজ্ঞা দিতে পারিবেন।

খরচের একাংশ কন্ট্রাক্টরের দিবার কথা।

তাহা পরিদর্শনকারি ডাক্তর সাহেবের অধীন থাকিবার কথা।

Chapter 5.—Recruiter.

৫ পরিচ্ছেদ।—মজুরসংগ্রাহকের কথা।

38. The license granted to a recruiter under section 14 shall be in the form set forth in schedule (D) annexed to this Act. For every license there shall be paid to the superintendent of emigration a fee not exceeding sixteen rupees. Every such license shall be in force for one year and no longer; and in case of misconduct or disobedience to, or neglect of, any of the provisions of this Act by a recruiter, the superintendent may cancel his license before the expiration of such period.

Form of license.

Fee.

Period.

৩৮ ধারা। মজুরসংগ্রাহককে ১৪ ধারামতে যে লাইসেন্স দেওয়া যায় তাহা এই আইনের D) তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে লিখিতে হইবে। তদ্রূপ প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেন্ট সাহেবকে ১৬ টাকার অনধিক ফী দেওয়া যাইবে। ঐ লাইসেন্স এক বৎসর বলবৎ থাকিবে, তাহার অধিক নয়। এবং মজুরসংগ্রাহক কোন অত্যাচার করিলে, কিম্বা এই আইনের কোন বিধান না মানিলে কি তাচ্ছল্য করিলে, লাইসেন্স যে মিয়াদের নিমিত্ত দেওয়া গেল তাহা না ফুরাইলেও, সুপরিন্টেণ্ডেন্ট সাহেব তাহা বাতিল করিতে পারিবেন ইতি।

লাইসেন্স লিখিবার পাঠ।

ফীর কথা।

মিয়াদের কথা।

39. Every recruiter shall hold a written pass signed by the contractor on whose behalf he is licensed to act.

Recruiter must hold a pass.

৩৯ ধারা। প্রত্যেক জন মজুরসংগ্রাহকের নিকট হাতের লেখা একং খান পাস থাকিবে। যে কন্ট্রাক্টরের পক্ষে কর্ম্ম করিবার অনুমতি পায় ঐ পাসে তাহার স্বাক্ষর থাকিবে ইতি।

মজুরসংগ্রাহকের পাস লইতে হইবার কথা।

40. A recruiter shall not have authority in any district under the control of the Lieutenant-Governor of Bengal to engage or attempt to engage a native of India to become an emigrant until his license has been countersigned by the magistrate of the district, or of the division of the district, or in Calcutta, until his license has been countersigned by the commissioner or the deputy commissioner of police in Calcutta; and such magistrate or commissioner or deputy commissioner of police shall, unless it appears to him that the person to whom a license has been granted is unfit to be employed as a recruiter, countersign such license.

No authority till license is countersigned by magistrate of recruiting district.

৪০ ধারা। কোন মজুরসংগ্রাহকের লাইসেন্সপত্রে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন কোন জিলার কি সবডিবিজনের ম্যাজিষ্ট্রেট সাহেবের দস্তখত না থাকিলে, ঐ জিলার মধ্যে ভারতবর্ষজাত কোন লোককে বিদেশে যাইবার জন্যে করিয়া লইতে কি করিয়া লইবার চেষ্টা করিতে তাহার কোন ক্ষমতা নাই। এবং কলিকাতার পোলীস কমিশ্যনর সাহেব কি ডেপুটী কমিশ্যনর সাহেব তাহার লাইসেন্সপত্রে দস্তখত না করিলে তাহার তদ্রূপ ক্ষমতা নাই। ঐ লাইসেন্স যে ব্যক্তিকে দেওয়া যায় সে মজুরসংগ্রাহকের কর্ম্ম করিবার যোগ্য নয়, উক্ত ম্যাজিষ্ট্রেট সাহেব কি পোলীস কমিশ্যনর সাহেব কি ডেপুটি কমিশ্যনর সাহেব এমত বোধ না করিলে, তিনি সেই লাইসেন্সপত্রে দস্তখত করিবেন।

যে জিলায় মজুর সংগ্রহ করা যাইবে সেই জিলার ম্যাজিষ্ট্রেট সাহেব ঐ লাইসেন্সপত্রে দস্তখত না করিলে তাহার বল না থাকার কথা।

[*Government Gazette, 30th December* 1873.]

Magistrate may withdraw license and suspend recruiting.

The magistrate or commissioner or deputy commissioner of police may at any time for any sufficient reason withdraw such license, provided that in any such case he shall record his reasons in writing, and shall forward a copy thereof without delay to the superintendent of emigration.

Recruiter to provide accommodation for natives before license is countersigned.

41. The magistrate or the commissioner or deputy commissioner of police in Calcutta, to whom any recruiter's license shall have been exhibited for countersignature, shall not countersign the same until he shall be satisfied that sufficient accommodation has been provided and is available for such natives of India as may be engaged by such recruiter pending their removal to a depôt.

Magistrate charged with superintendence of accommodation.

The magistrate of the district, or division of the district, in which there may be any such accommodation provided, shall have, for the supervision, management, and regulation of such accommodation, all such and the same powers and authorities as are vested in the superintendent of emigration for the supervision, management, and regulation of depôts which are subject to the powers and authority of the superintendent.

Native to be taken for examination to medical officer, who may reject.

42. Every native of India who shall, in any place or town within the said provinces, enter into any engagement with any recruiter to proceed to a labor district, for the purpose of laboring for hire, shall be brought by such recruiter before such medical officer as the Lieutenant-Governor may from time to time appoint to examine such natives within such place or town; or, if no such officer has been appointed, before such medical officer as the magistrate may direct. The medical officer shall thereupon examine the native brought by the recruiter, and shall reject him or shall certify in writing that he is in a fit state of health and able, in point of physical condition, to journey to and work for hire in a labor district.

লাইসেন্স রহিত করিয়া মজুরসংগ্রহকার্য্য স্থগিত রাখিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।

কোন সময়ে উপযুক্ত কোন কারণ থাকিলে, মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পোলীস কমিশ্যনর সাহেব কি ডেপুটী কমিশ্যনর সাহেব সেইরূপ লাইসেন্স ফিরিয়া লইতে পারিবেন। তাহা করিলে তিনি কারণ লিখিয়া রাখিবেন, ও বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট অযোগে তাহার নকল পাঠাইবেন ইতি।

লাইসেন্সপত্রে আড়সহী করিবার পূর্ব্বে দেশীয় লোকের থাকিবার নিমিত্তে মজুরসংগ্রাহকের স্থান করিয়া রাখিবার কথা।

৪১ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা কলিকাতার পোলীস কমিশ্যনর সাহেবের কি ডেপুটী কমিশ্যনর সাহেবের আড়সহী করিবার নিমিত্তে কোন মজুরসংগ্রাহকের লাইসেন্স আনা গেলে, ভারতবর্ষজাত যে লোককে ধরিয়া লইয়া যাইবে আড্ডায় চালান করিবার পূর্ব্বে তাহাদের থাকিবার উপযুক্ত স্থান প্রস্তুত করিয়া রাখা গিয়াছে ও তাহারা সেই স্থানে থাকিতে পারিবে, উক্ত মাজিষ্ট্রেট সাহেব প্রভৃতি ইহা হৃদবোধগত না জানিলে সেই লাইসেন্সপত্রে আড়সহী করিবেন না।

তাহাদের থাকিবার স্থানের তত্ত্বাবধানের ভার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি থাকার কথা।

ঐ ব্যক্তিদের থাকিবার তদ্রূপ স্থান কোন জিলায় কি মহকুমায় প্রস্তুত করা গেলে, বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের শক্তির ও ক্ষমতার অধীন আড্ডার তত্ত্বাবধারণ করিবার ও তাহার কার্য্য চালাইবার ও তাহার বিধান করিবার নিমিত্ত ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি যে সকল শক্তি ও ক্ষমতা বর্ত্তে, উক্ত জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি সেই স্থানের তত্ত্বাবধারণের ও তাহার কার্য্য চালাইবার ও বিধান করিবার নিমিত্ত সেই সকল ও তত্তুল্য শক্তি ও ক্ষমতা বর্ত্তিবে ইতি।

দেশীয় ব্যক্তিকে ডাক্তর সাহেবের নিকট আনিবার কথা ও তাঁহার অগ্রাহ্য করিতে পারিবার কথা।

৪২ ধারা। উক্ত প্রদেশের অন্তর্গত কোন স্থানে কি নগরে ভারতবর্ষজাত কোন ব্যক্তি মজুরী পাইয়া কর্ম্ম করিবার নিমিত্তে কোন মজুরসংগ্রাহকের সঙ্গে মজুরী করিবার জিলায় যাইতে করার করিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ঐ স্থানে কি নগরে ঐ ব্যক্তিদিগকে দেখিবার জন্যে সময়ে২ যে ডাক্তরকে নিযুক্ত করেন, মজুরসংগ্রাহক তাহাকে সেই ডাক্তরের সম্মুখে আনিবে, কিম্বা তদ্রূপে ডাক্তর নিযুক্ত না থাকিলে মাজিষ্ট্রেট সাহেব যে ডাক্তরের নিকট লইয়া যাইতে আজ্ঞা করেন তাহার সম্মুখে আনিবে। তাহা হইলে মজুরসংগ্রাহক দেশীয় যে ব্যক্তিকে আনে, ডাক্তর সাহেব তাহাকে দেখিয়া অগ্রাহ্য করিবেন, কিম্বা তাহার স্বাস্থ্য ও শরীরের অবস্থা বিবেচনায় সে মজুরী করিবার জিলায় যাইবার উপযুক্ত ও মজুরী লইয়া কর্ম্ম করিতে সক্ষম এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিবেন ইতি।

If certified to be fit, native to be taken to magistrate

43. Every such native who is certified by the medical officer, as required in the last preceding section, to be fit to emigrate to a labor district, shall thereupon appear with the recruiter before the magistrate of the district or division of the district, within which the place or town where the engagement was entered into is situate. The recruiter shall at the same time produce his license to the magistrate.

Magistrate to examine native respecting the engagement

On the appearance of such native the magistrate, after inspecting the medical certificate, shall examine him with reference to his engagement, and if it appears that he understands such engagement as regards the locality, period and nature of the service, the rate of wages, and the price at which rice is to be supplied, and that he is willing to fulfil the same

If satisfied, magistrate will register certain particulars

the magistrate shall register in a book to be kept for the purpose—

(1.) The name, the name of the father, and the age, of such native;

(2) The name of the village or place of which such native is a resident;

(3) The contractor's depôt to which it is intended that he shall proceed;

(4) The labor district to which he is engaged to proceed;

(5) The period of service;

(6) The rate of wages, and the price at which rice is to be supplied.

If dissatisfied, will reject

If the magistrate thinks that such native does not understand the nature of the engagement, or has been induced to enter into the engagement by fraud or misrepresentation, or if the recruiter shall not have produced his license, he shall refuse to register such native.

Copy of registration to be given to emigrant

44. A certified copy of his registration, written on substantial paper, shall be furnished by the magistrate to each emigrant.

উপযুক্ত বলিয়া সর্টিফিকট পাইলে মাজিষ্ট্রেটের নিকট লইয়া যাইবার কথা।

৪৩ ধারা। ডাক্তর সাহেব ইহার পূর্ব্ব ধারামতে দেশীয় কোন ব্যক্তিকে মজুরী করিবার জিলায় যাইবার উপযুক্ত বলিয়া সর্টিফিকট দিলে, ঐ ব্যক্তির সঙ্গে যে স্থানে কি যে নগরে করার করা যায় তাহা যে জিলার কি যে সবডিবিজনের অন্তঃপাতি, ঐ ব্যক্তি মজুরসংগ্রাহকের সঙ্গে সেই জিলার কি সবডিবিজনের মাজিষ্ট্রেট সাহেবের নিকট উপস্থিত হইবে। মজুরসংগ্রাহক সেই সময়ে মাজিষ্ট্রেট সাহেবকে আপনার লাইসেন্সও দেখাইবে।

সেই করারের বিষয়ে দেশীয় ব্যক্তির নিকট মাজিষ্ট্রেটের জিজ্ঞাসা করিবার কথা।

দেশীয় সেই ব্যক্তি উপস্থিত হইলে, মাজিষ্ট্রেট সাহেব ডাক্তরের সর্টিফিকট ভাল করিয়া দেখিলে পর তাহার করারের বিষয়ে তাহাকে জিজ্ঞাসাবাদ করিবেন, ও সেই করার অনুসারে তাহাকে যে স্থানে যাইতে হইবে ও যে মিয়াদপর্য্যন্ত

কারারমতে চলিলে মাজিষ্ট্রেট সাহেবের কোন২ কথা রেজিষ্টরী করিবার কথা।

যে প্রকারে তাহার কর্ম্ম করিতে হইবে ও যে হারে বেতন পাইবে ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে এই বিষয় ধরিয়া সে ঐ করারের ভাব বুঝিয়াছে ও সেই করারমতে কর্ম্ম করিতে চাহে, মাজিষ্ট্রেট সাহেব এমত জ্ঞান করিলে, তিনি ঐ কথা লিখিবার এক খান রেজিষ্টরী বহীতে নিম্নলিখিত কথা লিখিয়া রাখিবেন।

(১) দেশীয় ঐ ব্যক্তির নাম ও পিতার নাম ও বয়স।

(২) ঐ ব্যক্তি যে গ্রাম কি স্থানবাসী তাহার নাম।

(৩) যে কণ্ট্রাক্টরের আড্ডায় তাহাকে লইয়া যাইবার কল্পনা থাকে তাহার নাম।

৪। মজুরী করিবার যে জিলায় যাইতে করার করিয়াছে তাহার নাম।

৫। তাহার যত কাল কর্ম্ম করিতে হইবে।

৬। যে হারে বেতন পাইবে ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে।

না বুঝিলে তাহাকে অগ্রাহ্য করিবার কথা।

দেশীয় ঐ ব্যক্তি করারের ভাব বুঝে নাই, কিম্বা প্রতারণা করিয়া কি মিথ্যা কহিয়া তাহাকে করার করিতে প্রবৃত্ত দেওয়া গেল মাজিষ্ট্রেট সাহেব ইহা বোধ করিলে, কিম্বা মজুরসংগ্রাহক আপনার লাইসেন্স না দেখাইলে, তিনি দেশীয় ঐ ব্যক্তিকে রেজিষ্টরী করিতে স্বীকার করিবেন না ইতি।

বিদেশগামি ব্যক্তিকে রেজিষ্টরী কথার নকল দিবার কথা।

৪৪ ধারা। বিদেশগামি যে ব্যক্তিকে রেজিষ্টরী করা যায়, মাজিষ্ট্রেট সাহেব উত্তম কাগজে ঐ রেজিষ্টরী কথার নকল করাইয়া, তাহাতে সর্টিফিকট লিখিয়া তাহাকে দিবেন ইতি।

45. A certified copy of every such registration and the original certificate of the medical officer shall be forthwith forwarded by the magistrate to the superintendent of emigration.

Copy of registration and medical certificate to be sent to superintendent.

46. For the registration of every such native the recruiter shall pay to the registering officer a fee not exceeding one rupee and eight annas.

Fee for registration.

47. The provisions of the five preceding sections shall be applicable to all natives of India engaged by recruiters within the town of Calcutta, except that they shall be brought for registration before the superintendent of emigration therein.

Similar provisions for natives recruited in Calcutta.

48. Every native of India who shall be brought or induced to come by any recruiter from any province or district not under the control of the Lieutenant-Governor of Bengal, for the purpose of entering into a contract in a district under such control, shall be presented by the recruiter for medical examination and registry under the provisions of this chapter at some place within the district under the control of the Lieutenant-Governor, into which he shall first come, or at Calcutta, if he shall first come there.

Natives recruited in districts not in Bengal.

49. Every recruiter, who forwards or accompanies any native of India from the district or division of the district within which the place or town where he has been recruited is situate, or into which, under the last preceding section, he has first come, or who induces any such native to leave such district or division of district for the purpose of proceeding to a labor district, without being duly registered as above required; or who forwards, accompanies, or induces any such native to proceed to any depôt other than the depôt registered under section 35, shall, on conviction by a magistrate, be punished in respect of every such native so forwarded, accompanied, or induced, with a fine which may extend to fifty rupees, or with imprisonment, simple or rigorous, for a term which may extend to one month.

৪৫ ধারা। মাজিষ্ট্রেট সাহেব ঐ রেজিষ্টরী কথার সর্টিফিকটযুক্ত নকল ও ডাক্তরের আসল সর্টিফিকট বিদেশগমন কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট অগোণে পাঠাইয়া দিবেন ইতি।

রেজিষ্টরী কথার নকল ও ডাক্তরের সর্টিফিকট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পাঠাইবার কথা।

৪৬ ধারা। যে কার্য্যকারক রেজিষ্টরী করেন, মজুরসংগ্রাহক দেশীয় প্রত্যেক ব্যক্তির নাম রেজিষ্টরী করিবার নিমিত্ত তাঁহাকে ১৷৷০ দেড় টাকার অনধিক ফী দিবেন ইতি।

রেজিষ্টরী করিবার ফীর কথা।

৪৭ ধারা। মজুরসংগ্রাহকেরা কলিকাতা নগরের মধ্যে ভারতবর্ষজাত যে লোকদের সঙ্গে করার করে, ইহার পূর্ব্ব পাঁচ ধারার বিধান তাহাদের প্রতি খাটিবে। কেবল বিশেষ এই, তাহারদিগকে রেজিষ্টরী করিবার জন্যে ঐ নগরের মধ্যে বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট আনিতে হইবে ইতি।

দেশীয় যে ব্যক্তিদিগকে কলিকাতায় সংগ্রহ করা যায় তাহাদের বিষয়ে সেই বিধি খাটিবার কথা।

৪৮ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন নয়, কোন মজুরসংগ্রাহক এমত কোন প্রদেশ কি জিলাহইতে ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে চুক্তি করিবার নিমিত্ত ঐ শাসনাধীন জিলার মধ্যে আনিলে কি আসিতে প্রবৃত্তি দিলে, উক্ত শ্রীযু লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন যে জিলার মধ্যে প্রথমে আইসে মজুরসংগ্রাহক সেই জিলার অন্তর্গত কোন স্থানে, কিম্বা কলিকাতায় প্রথমে পঁহুছিলে কলিকাতায়, এই পরিচ্ছেদের বিধানমতে ডাক্তরের দেখিবার ও রেজিষ্টরী করিবার জন্যে তাহাকে উপস্থিত করিবে ইতি।

যেং জিলা বঙ্গদেশের অন্তর্গত নয় সেইং জিলায় দেশীয় ব্যক্তিদিগকে সংগ্রহ করিবার কথা।

৪৯ ধারা। ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে যে স্থানে কি যে নগরে সংগ্রহ করা যায়, তাহা যে জিলার কি মহকুমার মধ্যে থাকে তথায়, কিম্বা ইহার পূর্ব্ব ধারামতে সে প্রথমে যে জিলায় পঁহুছে সেই জিলায়, ইহার পূর্ব্ব ধারার আজ্ঞামতে তাহাকে নিয়মিতরূপে রেজিষ্টরী করা না গেলেও মজুরসংগ্রাহক সেই জিলা কি মহকুমাহইতে তাহাকে চালান করিলে কি সঙ্গে করিয়া আনিলে কিম্বা মজুরী করিবার জিলায় যাইবার নিমিত্তে ঐ জিলা কি মহকুমা ছাড়িয়া আসিতে প্রবৃত্তি দিলে, কিম্বা ৩৫ ধারামতে যে আড্ডা রেজিষ্টরী করা যায় তদ্ভিন্ন কোন আড্ডায় দেশীয় সেই ব্যক্তিকে চালান করিলে কি সঙ্গে করিয়া আনিলে কি যাইতে প্রবৃত্তি দিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা ঐ অপরাধ নির্ণয় হইলে, যত জনকে তদ্রূপে চালান করা যায় কি সঙ্গে করিয়া আনা যায় কি প্রবৃত্তি দেওয়া যায়, তাহাদের প্রত্যেক জনের নিমিত্ত তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা এক মাসের অনধিক কাল সামান্য কি কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড হইবে ইতি।

দেশীয় ব্যক্তিদিগকে রেজিষ্টরী না করাইয়া চালান করিবার দণ্ডের কথা।

Recruiter must accompany emigrants to depôt, or depute person approved by magistrate.

50. All emigrants proceeding to a depôt shall be accompanied throughout the journey by the recruiter himself, or by a competent person appointed by him with the approval of the magistrate, by whom such emigrants have been registered. The magistrate shall give to the person so appointed a certificate under his signature stating that he has been appointed for the journey to the depôt.

বিদেশগামিদের সঙ্গে২ আড্ডা পর্য্যন্ত মজুরসংগ্রাহকের যাইবার কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের অনুমোদিত ব্যক্তিকে পাঠাইবার কথা।

৫০ ধারা। বিদেশগামি ব্যক্তিদের আড্ডায় যাইবার সময়ে মজুরসংগ্রাহক আপনি তাহাদের সঙ্গে২ সমুদয় পথ যাইবে। কিম্বা যে মাজিষ্ট্রেট সাহেব ঐ বিদেশগামিদিগকে রেজিষ্টরী করিলেন তিনি ঐ মজুরসংগ্রাহকের নিযুক্ত উপযুক্ত যে লোককে অনুমোদন করেন সেই লোক তাহাদের সঙ্গে২ যাইবে। তদ্রূপে যে ব্যক্তি নিযুক্ত হয় সে আড্ডা পর্য্যন্ত সমুদয় পথ যাইতে নিযুক্ত হইল, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে এই মর্ম্মের সর্টিফিকট সহী করিয়া দিবেন ইতি।

Recruiter must provide food and lodging for emigrants on journey.

51. Every recruiter, by whom any emigrant is forwarded or accompanied to a depôt, shall, throughout the journey, provide such emigrant with proper and sufficient food and lodging. If it shall appear to a magistrate, on the complaint of any such emigrant at any place on the journey, that the recruiter has failed to provide him with proper and sufficient food and lodging at such place, such recruiter shall, on conviction by such magistrate, be punished with fine which may extend to fifty rupees. The whole or any portion of such fine may be awarded to such emigrant as compensation. If the fine be not paid within twenty-four hours, the recruiter shall be punished with imprisonment, simple or rigorous, which may extend to one month.

পথের মধ্যে বিদেশগামিদের আহারের ও থাকিবার বিধান মজুরসংগ্রাহকের করিবার কথা।

৫১ ধারা। যে মজুরসংগ্রাহক বিদেশগামি কোন ব্যক্তিকে আড্ডায় চালান করে কি সঙ্গে করিয়া লইয়া যায়, সে সমুদয় পথে ঐ ব্যক্তির প্রয়োজনমত ও উপযুক্ত আহার পাইবার ও থাকিবার স্থানের বিধান করিবে। পথে যাইবার কোন স্থানে মজুরসংগ্রাহক ঐ বিদেশগামির প্রয়োজনমত উপযুক্ত আহার পাইবার ও থাকিবার স্থানের বিধান করে নাই, বিদেশগামির নালিশমতে কোন মাজিষ্ট্রেট ইহা জানিতে পাইলে, ঐ মাজিষ্ট্রেটের দ্বারা মজুরসংগ্রাহকের অপরাধ নির্ণয় হইলে তাহার পঞ্চাশ টাকার অনধিক জরীমানা হইবে। সেই জরীমানার সমুদয় টাকা কি তাহার একাংশ ক্ষতিপূরণস্বরূপ ঐ বিদেশগামিকে দেওয়া যাইতে পারিবে। চব্বিশ ঘন্টার মধ্যে ঐ জরীমানার টাকা না দেওয়া গেলে মজুরসংগ্রাহকের এক মাসের অনধিক কাল সামান্য কি কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড হইতে পারিবে ইতি।

Chapter 6.—*Depôt.*

৬ পরিচ্ছেদ :—আড্ডার কথা।

Contractor to report arrival of emigrants.

52. Within twenty-four hours after the arrival at any depôt of any emigrant, the contractor by whom such depôt is maintained shall give to the superintendent of emigration a notice in writing of such arrival, which notice shall be in such form and shall contain such particulars as the superintendent shall prescribe.

বিদেশগামিরা পঁহুছিলে কন্ট্রাক্টরের রিপোর্ট করিবার কথা।

৫২ ধারা। বিদেশগামি লোক কোন আড্ডায় পঁহুছিলে পর, যে কন্ট্রাক্টর ঐ আড্ডা রাখে সে চব্বিশ ঘন্টার মধ্যে বিদেশ গমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট তাহাদের পঁহুছিবার নোটিস লিখিয়া দিবে। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ নোটিস লিখিবার যে পাঠ নির্দ্দিষ্ট করেন, ও তন্মধ্যে যে২ কথা লিখিতে আদেশ করেন, নোটিস সেই পাঠে লেখা যাইবে ও তন্মধ্যে সেই২ বর্ণনা থাকিবে ইতি।

Emigrants to be inspected by medical inspector immediately on arrival.

53. The copy of the registration and the medical certificate of every emigrant received by the superintendent as provided in section 45 shall be shown to the medical inspector; and all emigrants shall be inspected by the medical inspector at the depôt. If he be satisfied that an emigrant is in a fit state of health, and able in point of physical condition to journey to and laborr in a labo district, he shall countersign the copy of the registration;

বিদেশগামিরা পঁহুছিলে পরিদর্শনকারি ডাক্তর সাহেবের তাহাদিগকে দেখিবার কথা।

৫৩ ধারা। ৪৫ ধারামতে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব বিদেশগামি প্রত্যেক জনের রেজিষ্টরী করণের কথার যে নকল ও ডাক্তরের যে সর্টিফিকট পান, তাহা পরিদর্শনকারি ডাক্তর সাহেবকে দেখান যাইবে। এবং ঐ ডাক্তর সাহেব আড্ডায় তাহাদের সকলকে ভাল করিয়া দেখিবেন। বিদেশগামি কোন ব্যক্তি সুস্থশরীর প্রযুক্ত ও শরীরের বল বিবেচনায় মজুরী করিবার জিলায় যাত্রা করিয়া তথায় কর্ম্ম করিবার যোগ্য, তিনি ইহা সুবোধমতে জানিলে

if he be not satisfied thereof, he shall give a certificate to that effect to the superintendent.

Medical inspector to examine emigrant if medical certificate not given.

The medical inspector shall examine any emigrant in regard to whom a medical certificate is not forthcoming, and shall certify whether such emigrant is in his opinion in a fit state of health and able in point of physical condition to journey to and work for hire in a labor district; and if satisfied of his fitness, he shall countersign the copy of the registration.

Emigrant rejected by medical inspector to be sent back.

54. If the medical inspector shall certify that any emigrant so examined is in such a state of health that his journey to a labor district would be dangerous to himself or to others, or that he is unfit for labor in a labor district, the superintendent may order the contractor, or the garden-sirdar, if such emigrant has been forwarded or brought to the depôt by a garden-sirdar, to pay to him a sum of money sufficient to enable him to return to the place at which he was engaged. Provided that any such person, who from his state of health is, in the opinion of the medical inspector, unfit to undertake the journey back to the place where he was engaged, shall, until he is reported by the medical inspector fit to undertake such journey, be fed, clothed, lodged, and medically attended at the expense of such contractor, or of such garden-sirdar, as the case may be. If such contractor or garden-sirdar negligently or wilfully omits to provide food, clothing, lodging and medical attendance for such person, the superintendent may order such contractor or garden-sirdar to pay to him a sum of money by way of compensation.

Family of detained emigrant may remain with him.

55. Whenever an emigrant remains behind or is detained under the provisions of the last preceding section, it shall be optional with the wife or husband of such emigrant, as the case may be, to remain with the emigrant so remaining behind or detained. If there are any children, they shall also be allowed to remain behind with the father or mother.

রেজিষ্টরী কথার নকলে আড়সহী করিবেন। তাহা হৃদ্বোধমতে না জানিলে তিনি সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে সেই মর্ম্মের সর্টিফিকট দিবেন।

ডাক্তরের সর্টিফিকট না থাকিলে বিদেশগামিকে পরিদর্শনকারি ডাক্তরের দেখিতে হইবার কথা।

বিদেশগামি কোন ব্যক্তির বিষয়ে ডাক্তরের সর্টিফিকট দেখান যাইতে না পারিলে পরিদর্শনকারি ডাক্তর সাহেব তাহাকে দেখিবেন ও তাঁহার অভিমতে ঐ ব্যক্তির স্বাস্থ্য ও শারীরিক অবস্থা বিবেচনায় সে মজুরী করিবার জিলায় গিয়া মজুরী লইয়া কর্ম্ম করিতে সক্ষম কি না, তদ্বার সর্টিফিকট লিখিবেন, ও সে উপযুক্ত লোক তিনি ইহা হৃদ্বোধমতে জানিলে ঐ রেজিষ্টরী কথার নকলে আড়সহী করিবেন ইতি।

পরিদর্শনকারি ডাক্তর যে ব্যক্তিকে অগ্রাহ্য করেন তাহাকে ফিরিয়া পাঠাইবার কথা।

৫৪ ধারা। বিদেশগামি যে ব্যক্তিকে তদ্রূপে দেখা গেল শরীর গতিক বিবেচনায় সে মজুরী করিবার কোন জিলায় গেলে তাহার কি অন্য ব্যক্তির প্রাণের আশঙ্কা হইতে পারে, কিম্বা সে মজুরী করিবার জিলায় কর্ম্ম করিবার অনুপযুক্ত, পরিদর্শনকারি ডাক্তর সাহেব এই মর্ম্মের সর্টিফিকট দিলে, যে স্থানে সেই ব্যক্তির সঙ্গে করার করা গেল তাহার সেই স্থানে ফিরিয়া যাইতে যত টাকায় কুলায়, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তাহাকে কনট্রাকটরের তত টাকা দিবার, কিম্বা বাগানের সরদার সেই ব্যক্তিকে আডডায় চালান করিলে কি আনিলে বাগানের ঐ সরদারের তত টাকা দিবার, আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু তদ্রূপ ব্যক্তির সঙ্গে যে স্থানে করার করা গেল, শরীর গতিক বিবেচনায় সে ঐ স্থানে ফিরিয়া যাইতে অক্ষম, পরিদর্শনকারি ডাক্তর সাহেবের এই অভিমত থাকিলে, সে ফিরিয়া যাইবার জন্যে যাত্রা করিতে সক্ষম পরিদর্শনকারি ডাক্তর সাহেব যত কাল এইরূপ সর্টিফিকট না দেন, তত কাল কনট্রাকটরের কিম্বা বিষয়বিশেষে ঐ বাগানের সরদারের খরচে সে খোরাকপোষাক ও থাকিবার স্থান পাইবে ও তাহার চিকিৎসাদি হইবে। সেই কনট্রাকটর কি বাগানের সরদার অবহেলাক্রমে কি ইচ্ছা করিয়া ঐ ব্যক্তিকে আহার ও বস্ত্র ও থাকিবার স্থান না দিলে ও তাহার চিকিৎসার উপায় না করিলে, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ কনট্রাকটরকে কি বাগানের সরদারকে ঐ ব্যক্তির হানিপূরণস্বরূপ কতক টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

বিদেশগামির সঙ্গে পরিবারের থাকিবার কথা।

৫৫ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে বিদেশগামি ব্যক্তি পিছনে পড়িয়া থাকিলে কিম্বা তাহাকে আটক করিয়া রাখা গেলে, ঐ ব্যক্তির স্ত্রী কি বিষয়বিশেষে তাহার স্বামী চাহিলে তাহার সঙ্গে থাকিতে পারিবে। সন্তানাদি থাকিলে পিতা কি মাতার সঙ্গে তাহারাও থাকিতে অনুমতি হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ৩০ ডিসেম্বর।

Emigrant ill-treated during journey may obtain compensation.

56. If upon the arrival of any emigrant at a depôt, it shall appear to the superintendent of emigration on the complaint of such emigrant, that he has suffered any ill-treatment on the journey, or that the recruiter or garden-sirdar, as the case may be, has failed to provide him with proper and sufficient food and lodging, the superintendent may cause him to be removed from the depôt, and may order the contractor or garden-sirdar, for or by whom he shall have been taken to such depôt, to pay to him a sum of money by way of compensation, or sufficient to enable him to return to the place at which he was engaged, and in such latter case he shall not be bound to execute any contract.

Contract to be explained by superintendent, and executed in duplicate, and abstract to be entered in book to be kept by superintendent.

57. Every emigrant, who is passed by the medical inspector as in a fit state of health and able, in point of physical condition, to journey to and labor in a labor district, shall execute a contract with the employer with whom he intends to contract before he is forwarded from the depôt. Such contract shall, in the presence of the superintendent of emigration, be signed in duplicate both by the emigrant and by the employer with whom he intends to contract or his agent. The contract may be written or printed, or partly written and partly printed, and shall be on substantial paper. Before the emigrant signs the contract, the superintendent shall personally explain it to him, and shall attest such contract and certify at the foot thereof that he has personally explained the same. An abstract of every such contract shall be entered in a register to be kept by the superintendent for the purpose, and after such contract has been so entered, one of the duplicates shall be given to the emigrant, and the other to the person with whom he has contracted or his agent.

The superintendent shall, within seven days after the entry of such abstract, send by post a certified copy of every such abstract to the magistrate of the district in which the service under such contract is agreed to be performed.

Penalty on emigrant refusing to execute contract.

58. Any emigrant who, without reasonable cause, refuses to execute such contract in conformity with the engagement previously registered shall, on conviction by a magistrate, be punished with a fine equal in amount to the entire cost incurred

পথের মধ্যে বিদেশগামির প্রতি অত্যাচার হইলে তাহার ক্ষতিপূরণ পাইতে পারিবার কথা।

৫৬ ধারা। বিদেশগামি কোন ব্যক্তি আড্ডায় পঁহুছিলে, পথে আসিবার সময়ে তাহার প্রতি অত্যাচার হইয়াছে কিম্বা মজুর-সংগ্রাহক কি বিষয়বিশেষে বাগানের সরদার তাহার উপযুক্ত ও প্রয়োজনমত আহারের ও বাসার বিধান করে নাই, ঐ ব্যক্তির নালিশমতে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের এমত বোধ হইলে, তিনি তাহাকে আড্ডা হইতে বাহির করাইয়া, যে কনট্রাক্টরের কি বাগানের সরদারের নিমিত্ত কি যাহার দ্বারা ঐ ব্যক্তিকে সেই আড্ডায় আনা যায়, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তাহাকে ঐ ব্যক্তির ক্ষতিপূরণস্বরূপ কতক টাকা, কিম্বা যে স্থানে করার করিয়াছিল তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার উপযুক্ত খরচ দিতে আজ্ঞা করিতে পারিবেন। শেষোক্ত স্থলে ঐ ব্যক্তি চুক্তিপত্রে দস্তখৎ করিতে আবদ্ধ হইবে না ইতি।

সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ চুক্তির ভাব বুঝাইয়া দিতে ও তাহার দুই খানিতে সহী করিতে ও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের বহীতে তাহার চুম্বক লিখিতে হইবার কথা।

৫৭ ধারা। পরিদর্শনকারি ডাক্তর সাহেব বিদেশগামি ব্যক্তিকে সুস্থ ও শরীরগতিক বিবেচনায় মজুরী করিবার জিলায় যাত্রা ও কর্ম্ম করিবার উপযুক্ত ও সক্ষম বলিয়া গ্রাহ্য করিলে, যে কর্ত্তার সঙ্গে তাহার চুক্তি করিবার কল্পনা থাকে আড্ডা হইতে তাহাকে চালান করিবার পূর্ব্বে সেই কর্ত্তার সঙ্গে তাহার চুক্তিপত্র করিয়া দিতে হইবে। ঐ ব্যক্তি, ও যে কর্ত্তার সঙ্গে সে চুক্তি করিতে কল্পনা করে তিনি, কিম্বা তাঁহার এজেণ্ট, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সাক্ষাতে দোফর্দ চুক্তিপত্রে সহী করিয়া দিবেন। সেই চুক্তিপত্র উত্তম কাগজে ছাপান কি লেখা যাইতে, কিম্বা তাহার একাংশ ছাপান ও একাংশ লেখা যাইতে, পারিবে। সেই চুক্তিপত্রে বিদেশগামির সহী করিবার পূর্ব্বে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব আপনি তাহাকে ঐ চুক্তির মর্ম্ম বুঝাইয়া দিবেন, ও সাক্ষিস্বরূপ তাহাতে সহী করিয়া আপনি চুক্তির মর্ম্ম বুঝাইয়া দিয়াছেন ইহার সর্টিফিকট নিম্নভাগে লিখিবেন। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ চুক্তিপত্র লিখিয়া রাখিবার জন্যে, একখান রেজিষ্টরী বহী রাখিবেন, তন্মধ্যে উক্ত প্রত্যেক চুক্তিপত্রের চুম্বক লেখা যাইবে। লেখা গেলে পর ঐ চুক্তিপত্রের একখানি বিদেশগামিকে দেওয়া যাইবে, ও যাঁহার সঙ্গে চুক্তি করিয়াছে তাঁহাকে কি তাঁহার এজেণ্টকে আর একখানি দেওয়া যাইবে।

আর ঐ চুক্তিপত্রমতে সেই ব্যক্তি মজুরি করিবার যে জিলায় যাইবে ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ চুম্বক লিখিলে পর সাত দিনের মধ্যে ডাকযোগে ঐ জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট তাহার সর্টিফিকটযুক্ত নকল পাঠাইবেন ইতি।

বিদেশগামি ব্যক্তি চুক্তিপত্রে সহী করিয়া দিতে না চাহিলে তাহার দণ্ডের কথা।

৫৮ ধারা। যুক্তিসিদ্ধ কারণ না থাকিলেও বিদেশগামি কোন ব্যক্তি করার অনুসারে তদ্রূপ চুক্তিপত্রে সহী করিতে না চাহিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে, তাহার সঙ্গে করার করিতে ও তাহাকে রেজিষ্টরী করিতে ও আড্ডায় আনিতে কি

by, or on behalf of, the contractor, or the garden-sirdar, as the case may be, in engaging, registering, and bringing or forwarding him to the depôt, and shall forthwith be discharged from such depôt. Every fine levied under the provisions of this section shall be paid to the Contractor or garden-sirdar on whose behalf or by whom the person from whom such fine shall have been levied was originally registered.

Penalty on contractor failing to provide contract

59. If within thirty days after the arrival of any emigrant at a depôt, the contractor or, if he has been engaged by a garden-sirdar, the garden-sirdar on whose behalf or by whom such emigrant has been registered, shall not tender to him for execution such contract as under the provisions of the preceding sections he would be bound to execute, the superintendent may order the contractor or the garden-sirdar, as the case may be, to pay to him a sum of money sufficient to enable him to return to the place where he was engaged, and in such case such emigrant shall not be bound to execute any contract.

Money ordered to be paid by superintendent may be advanced by him and recovered.

60. If any contractor or garden-sirdar who may be ordered, under the provisions of sections 54, 56, and 59, to pay any sum of money, shall for twenty-four hours omit to comply with such order, it shall be lawful for the superintendent to advance the amount so ordered to be paid to the person named in such order, and to recover from such contractor or garden-sirdar or his employer the sum so advanced, with interest at the rate of twelve per centum per annum from the date of such advance.

Chapter 7.—Transport.

Emigrant to be forwarded to labor district with permission of superintendent

61. When the contract of any emigrant has been executed under the provisions of this Act he may, with the permission of the superintendent of emigration, be forwarded to the labor district in which he has engaged to labor by the contractor in whose depôt he is residing, or by the employer with whom he has made the contract or his agent. Every such emigrant shall be furnished with a pass

To be furnished with a pass

in the form set forth in schedule (E) annexed to this Act, signed by the contractor or garden-sirdar, as the case may be, and countersigned by the superintendent of emigration and by the embarkation agent at the place at which the laborer embarks, specifying his

চালান করিতে কনট্রাকটরের কিম্বা বিষয়বিশেষে বাগানের সরদারের দ্বারা কি তাহার পক্ষে সর্ব্বসুদ্ধ যত টাকা খরচ হইল, সেই ব্যক্তির সম্পূর্ণ তত টাকা জরীমানা হইবে, ও তাহাকে তৎক্ষণাৎ সেই আডডা-হইতে বিদায় করিয়া দেওয়া যাইবে। এই ধারার বিধানমতে জরীমানার টাকা আদায় হইলে, ঐ টাকা যে ব্যক্তির স্থানে আদায় করা যায়, প্রথমে যে কনট্রাক-টরের কি বাগানের যে সরদারের দ্বারা কি যাহার পক্ষে তাহাকে রেজিষ্টরী করা গেল ঐ টাকা তাহাকেই দেওয়া যাইবে ইতি।

কনট্রাকটর চুক্তির বিধান করিতে ক্রটি করিলে দণ্ডের কথা।

৫৯ ধারা। পূর্ব্বোক্ত কএক ধারার বিধানমতে বিদেশগামি ব্যক্তির যে চুক্তি করিয়া দিতে হইবে, যাহার দ্বারা কি যাহার পক্ষে তাহাকে রেজিষ্টরী করা যায় সেই কনট্রাকটর, কিম্বা বাগানের সরদারের সঙ্গে তাহার করার হইয়া থাকিলে সেই সরদার, যদি ঐ ব্যক্তির আডডায় পঁহুছিবার পর ত্রিশ দিনের মধ্যে তাহার সহী করিবার নিমিত্তে সেই চুক্তিপত্র না দেয়, তবে ঐ ব্যক্তির সঙ্গে যে স্থানে করার করা যায় সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব কনট্রাকটরকে কি বাগানের সরদারকে তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার উপযুক্ত খরচ দিতে আজ্ঞা করিবেন। এমত স্থলে বিদেশগামি ঐ ব্যক্তি চুক্তিপত্রে সহী করিতে বদ্ধ হইবে না ইতি।

সুপরিণ্টেণ্ডেণ্ট যে টাকা দিবার আজ্ঞা করেন তাহা নিজহইতে আগাম দিবার ও আদায় করিবার কথা।

৬০ ধারা। কোন কনট্রাকটরের কি বাগানের সরদারের প্রতি ৫৪ ও ৫৬ ও ৫৯ ধারার বিধানমতে টাকা দিবার আজ্ঞা হইলে, সে যদি চব্বিশ ঘন্টার মধ্যে ঐ আজ্ঞামতে টাকা না দেয়, তবে উক্ত আজ্ঞাপত্রে যে ব্যক্তির নাম উল্লেখ হইয়াছে তাহাকে যত টাকা দিবার আজ্ঞা হইল, সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব তত টাকা আগাম দিতে পারিবেন, ও সেই আগাম দেওয়ার তারিখঅবধি বৎসর শতকরা ১২৲ টাকার হিসাবে সুদ ধরিয়া ঐ কনট্রাকটরের কি বাগানের সরদারের কি তাহার কর্ত্তার স্থানে সুদশুদ্ধ সেই টাকা আদায় করিতে পারিবেন ইতি।

৭ পরিচ্ছেদ।—উক্ত জিলায় চালান করিবার কথা।

সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতি হইলে মজুরী করিবার জিলায় বিদেশগামি ব্যক্তিকে পাঠাইবার কথা।

৬১ ধারা। এই আইনের বিধানমতে বিদেশগামি ব্যক্তির চুক্তিপত্রে নিয়মমতে সহী করা গেলে পর, সেই ব্যক্তি যে কনট্রাকটরের আডডায় থাকে সেই কনট্রাকটর, কিম্বা যে কর্ত্তার সঙ্গে চুক্তি করিয়াছে সেই কর্ত্তা কিম্বা তাঁহার এজেণ্ট, মজুরী করিবার যে জিলায় ঐ ব্যক্তি কর্ম্ম করিতে করার করিয়াছে বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতি লইয়া তাহাকে সেই জিলায় চালান করিতে পারিবেন। উক্ত প্রত্যেক ব্যক্তিকে এই আইনের E তফসীলের পাঠে

তাহাকে পাস দিবার কথা।

পাস দেওয়া যাইবে। কনট্রাকটর, কিম্বা বিষয়বিশেষে বাগানের সরদার সেই পাসে সহী করিবে ও বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব, এবং মজুর যে স্থানে নৌকাদিতে উঠিবে

name and age, the name of his father, the place of his destination, and the name of his employer. Every such pass shall be entered in a book to be kept by the embarkation agent, and shall be dated and numbered in a consecutive series.

62. It shall not be lawful for the master of any vessel, without a license granted by the embarkation agent within the local limits of whose authority any emigrant may embark, to convey more than twenty emigrants at any one time to or towards any labor district.

Vessel must be licensed to carry emigrants.

A fee not exceeding four annas for every emigrant shall be paid for every such license, and it shall be in the discretion of the embarkation agent to whom application is made to grant or withhold any such license. Such license shall be in force for only one voyage to one or more of the labor districts, and shall specify the number of emigrants which the vessel is licensed to carry and the number of persons (including the crew) other than emigrants whom such vessel is licensed to carry.

Fee for license.

The master of any vessel, in which at one time more than twenty emigrants are conveyed without a license having been obtained as aforesaid, shall, on conviction by a magistrate, be punished with fine.

Penalty for carrying without license.

63. Such license shall state the date on which the vessel shall leave the place at which the emigrants are to embark. If the vessel does not leave such place and proceed on its voyage within 24 hours of the day fixed, the master thereof shall, on conviction by a magistrate, be punished with fine for each day during which the vessel remains at or within five miles of the place of embarkation. Provided that such penalty shall not be incurred if the delay is caused by or with the sanction of the embarkation agent or by any casualty incidental to or attending navigation, or is due to other reasonable and sufficient cause.

Penalty for delay in despatching vessel.

64. If the master of any vessel, after having obtained a license as aforesaid, fraudulently does or suffers to be done any act or thing whereby the state of the vessel is altered, so that such vessel is unfit

Fraudulent alteration of vessel after grant of certificate.

সেই স্থানে নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেব তাহাতে আজ্ঞাপত্রী করিবেন। ঐ পাসে তাহার নাম ও বয়স ও পিতার নাম ও যাইবার লক্ষিত স্থান ও কর্ত্তার নাম লেখা থাকিবে। নৌকাদিতে, চড়াইয়া দিবার এজেন্ট সাহেব একখান বহী রাখিয়া, তন্মধ্যে উক্ত প্রত্যেক পাস লিখিয়া রাখিবেন ও সেই সকল পাসের তারিখ ও নম্বর ক্রমান্বয়ে দেওয়া যাইবে ইতি।

৬২ ধারা। নৌকাদিতে চড়াইয়া দিবার যে এজেন্ট সাহেবের ক্ষমতাধীন স্থানের মধ্যে বিদেশগামি ব্যক্তি নৌকাদিতে উঠে, কোন নৌকাদির মাঝি তাঁহার স্থানে লাইসেন্স না পাইলে, মজুরী করিবার কোন জিলায় কি জিলার দিগে এক সময়ে বিদেশগামি কুড়ি জনের অধিক লইয়া যাইতে পারিবে না।

ঐ নৌকাদির বিদেশগামি ব্যক্তি লইয়া যাইবার লাইসেন্স পাইতে হইবার কথা।

উক্ত প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত বিদেশগামি জনপ্রতি ।০ আনার অনধিক ফী দিতে হইবে। নৌকাদিতে চড়াইয়া দিবার যে এজেন্ট সাহেবের নিকট লাইসেন্স পাইবার প্রার্থনা করা যায়, তিনি আপনার বিবেচনামতে ঐ লাইসেন্স দিবেন বা নাই দিবেন। মজুরী করিবার এক কি কএক জিলায় কেবল একবার যাইবার নিমিত্ত ঐ লাইসেন্স প্রবল থাকিবে। নৌকাদিতে বিদেশগামি যত ব্যক্তিকে লইবার অনুমতি হয় এবং বিদেশগামি ছাড়া ঐ জাহাজে খালাসীসুদ্ধ যত ব্যক্তিকে লইবার অনুমতি থাকে তাহা ঐ লাইসেন্সপত্রে নির্দ্দিষ্ট থাকিবে।

লাইসেন্সের ফীর কথা।

নৌকাদির মাঝি পূর্ব্বোক্তমতে লাইসেন্স না পাইয়া নৌকাদিতে এক সময়ে বিদেশগামি কুড়ি জনের অধিক লইয়া গেলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে, ঐ নৌকাদির মাঝির জরীমানা হইবে ইতি।

লাইসেন্স বিনা লইয়া যাইবার দণ্ডের কথা।

৬৩ ধারা। বিদেশগামি ব্যক্তিরা যে স্থানে নৌকাদিতে উঠিবে সেই স্থান হইতে নৌকাদি খুলিয়া যাইবার তারিখ ঐ লাইসেন্সপত্রে লেখা থাকিবে। ঐ নিরূপিত দিনের পর চাব্বিশ ঘণ্টার মধ্যে নৌকাদি সেই স্থান হইতে খুলিয়া না গেলে, নৌকাদিতে উঠিবার স্থানে কি তথা হইতে পাঁচ মাইলের মধ্যে যত দিন থাকে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাহার দিন প্রতি মাঝির জরীমানা হইবে। কিন্তু নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেবের দ্বারা কি তাঁহার অনুমতিক্রমে বিলম্ব হইলে, কিম্বা পথে নৌকাদির চলনের নৈমিত্তিক কারণে কি তৎসংক্রান্ত কোন বিঘটনা প্রযুক্ত কিম্বা যুক্তিসঙ্গত ও উপযুক্ত অন্য কারণে বিলম্ব হইলে তাহার সেই দণ্ড হইবে না ইতি।

যে কাদি খুলিয়া যাইবার বিলম্ব হইলে দণ্ডের কথা।

৬৪ ধারা। নৌকাদির অধ্যক্ষ পূর্ব্বোক্তমতে লাইসেন্স পাইলে পর, যদ্দ্বারা নৌকাদির অবস্থা পরিবর্ত্তন হইয়া, লাইসেন্সপত্রে বিদেশগামি যত ব্যক্তি লেখা আছে তত জনের স্বচ্ছন্দে থাকার অসুবিধা হয়,

সর্টিফিকট দেওয় গেলে পর প্রতারণাক্রমে নৌকাদি পরিবর্ত্তন করিবার কথা।

for the accommodation of the number of emigrants mentioned in such license, such master shall, on conviction by a magistrate, be punished with fine.

মাঝি প্রতারণাক্রমে এমত কোন কার্য্য বা বিষয় করিলে কি অন্যকে করিতে দিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাহার জরীমানা হইবে ইতি।

65. The master of any vessel licensed to carry emigrants, who receives on board his vessel a greater number of emigrants or other persons than the number specified in his license shall, on conviction by a magistrate, be punished with a fine for every emigrant or other person so received in excess of the licensed number.

Penalty for receiving on board more passengers than number specified in license.

৬৫ ধারা। বিদেশগামি ব্যক্তিদিগকে লইবার নিমিত্ত যে নৌকাদির লাইসেন্স হইয়াছে, ঐ লাইসেন্সপত্রে বিদেশগামি কি অন্য যত জনের কথা লেখা থাকে, যদি মাঝি ঐ নৌকাদিতে তদধিক ব্যক্তিকে লয়, তবে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে লাইসেন্সপত্রের লিখিত সংখ্যার অধিক বিদেশগামি কি অন্য যত ব্যক্তিকে নৌকাদিতে লওয়া যায় তাহাদের জনপ্রতি মাঝির জরীমানা হইবে ইতি।

লাইসেন্সপত্রে যত জন লেখা থাকে তাহার অধিক চড়নদার নৌকাদিতে লইলে দণ্ডের কথা।

66. In computing under this Act the number of persons on board of any vessel, two children under the age of ten years shall be reckoned as one person only.

Two children under ten to be counted as one person.

৬৬ ধারা। নৌকাদিতে যত জন থাকে এই আইনমতে তাহার হিসাব করিতে গেলে দশবৎসরের কম বয়সের দুই বালক কেবল এক জন বলিয়া ধরিতে হইবে ইতি।

১০ বৎসরের কম বয়সের দুই বালক এক জন বলিয়া ধরিবার কথা।

67. It shall not be lawful for the master of any vessel, whether licensed or not, to embark any emigrants on board his vessel for conveyance to, or towards a labor district, if the total number of persons to be carried by such vessel (exclusive of the crew, and of any garden sirdar or other person accompanying the emigrants,) exceeds twenty, unless the emigrants are furnished with a pass by the embarkation agent in the form set out in Schedule (E) of this Act.

Master not to embark emigrants, on vessel carrying more than 20 emigrants, without a pass.

৬৭ ধারা। মাঝি মল্লা প্রভৃতি নৌকাদির লোক ও বাগানের কোন সরদার ও যাহারা মজুরদের সঙ্গে যায় তাহাদের ছাড়া, ঐ নৌকাদিতে কুড়িজনের অধিকের যাইতে হইলে ঐ বিদেশগামিরা নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেবের স্থানে এই আইনের E চিহ্নিত তফসীলের নির্দিষ্ট পাঠে পাস না পাইলে, ঐ নৌকাদির লাইসেন্স থাকিলে বা না থাকিলেও, সেই নৌকাদির মাঝি মজুরী করিবার জিলায় কি সেই জিলার দিগে লইয়া যাইবার জন্যে আপনার নৌকায় কোন মজুরদিগকে লইতে পারিবে না।

নৌকাদিতে ২০ জনের অধিক মজুর গেলে, পাস না হইলে তাহারদিগকে লইতে না পারিবার কথা।

The master shall, on conviction by a magistrate be punished with a fine not exceeding ten rupees for every emigrant illegally taken on board.

Punishment.

মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে যত জনকে বেআইনীমতে নৌকাদিতে লওয়া যায় তাহাদের জনপ্রতি মাঝির দশ টাকা পর্য্যন্ত জরীমানা হইবে।

দণ্ডের কথা।

The embarkation agent shall not grant any such pass without a certificate from the medical inspector that such emigrants may be allowed to embark without danger to the health of other persons on board the vessel.

No pass without certificate of medical inspector.

বিদেশগামি ঐ ব্যক্তিরা নৌকাদিতে গেলেও ঐ নৌকাদির অন্য লোকদের স্বাস্থ্যের হানি হইবার ভয় নাই মজুরদের দেখিবার ডাক্তর সাহেব এই মর্ম্মের সর্টিফিকট না দিলে নৌকাদিতে তাহারদিগকে চড়াইয়া দিবার এজেন্ট সাহেব উক্ত প্রকারের পাস দিবেন না ইতি।

মজুরদিগকে দেখিবার ডাক্তরের সর্টিফিকট না থাকিলে পাস না দিবার কথা।

68. The master of a licensed vessel carrying emigrants shall not proceed on the voyage towards a labor district until he has received from the embarkation agent a list of all the emigrants on board.

Embarkation agent to furnish the master with a list of emigrants on board.

৬৮ ধারা। বিদেশগামি ব্যক্তিরা লাইসেন্স প্রাপ্ত যে নৌকাদিতে যাইবে, সেই নৌকাদিতে বিদেশগামি যত জন থাকে মাঝি নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেবের স্থানে তাহাদের এক নির্ঘণ্টপত্র না পাইলে মজুরী করিবার জিলায় যাইবার উদ্দেশে যাত্রা করিবে না।

বিদেশগামি যত ব্যক্তি নৌকাদিতে থাকে মাঝিকে তাহাদের নির্ঘণ্টপত্র নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেবের দিবার কথা।

List what to contain.

Such list shall contain all the particulars noted in the pass of each such emigrant; but if all the emigrants whose names are entered in any one pass embark on board the same vessel, it shall be sufficient if the number and date of such pass are noted in the list.

To be compared with emigrants by agent and master.

The embarkation agent and the master of the vessel shall together personally ascertain that the number of emigrants on board corresponds with the number entered in such list.

Penalty for admitting emigrants not in list.

If the master of such vessel allows any emigrant not entered in such list to proceed in the vessel, he shall, on conviction by a magistrate, be punished with fine.

Copy of list to be sent to magistrate.

The embarkation agent shall send a copy of the said list or an extract from it to the magistrate of the labor district to which any of the emigrants are proceeding.

Provisions, medical and other stores, medical officers, cooks, &c.

69. There shall be laden under the supervision of the embarkation agent on board of any licensed vessel carrying emigrants to or towards any labor district, at the time of the embarkation of such emigrants, such supplies of provisions, clothing, medical drugs, and other stores, and such medical and other officers, and such cooks and other attendants, as may be required under the rules made by the Lieutenant-Governor under the authority of this Act.

Penalty if master proceeds without.

The master of any such vessel who shall commence the voyage without having on board such supplies of provisions, clothing, medical drugs, and other stores, and such medical and other officers, and such cooks and other attendants, as may be required as aforesaid, shall, on conviction by a magistrate, be punished with imprisonment, simple or rigorous, for a term which may extend to three months, or with fine which may extend to five hundred rupees.

[*Government Gazette, 30th December* 1873.]

ঐ নির্ঘণ্টপত্রে যাহা লেখা থাকিবে তাহার কথা।

১০২ ধারা। এই আইনমতে যাহাকে মজুর নামে নির্দ্দেশ করা গেল এমত কোন মজুর কর্ত্তার মহালে পঁহুছিলে কর্ত্তা পূর্ব্বোক্তমতে যে বহী রাখেন সেই বহীতে ঐ মজুরের নাম ও বেওরা লিখিয়া রাখা যাইবে। ও যাহারা এই আইনের বিধানমতে না হইয়া অন্য প্রকারে মজুরী করিতে চুক্তি করিয়াছে তাহাদেরও নাম ও বেওরা সেই প্রকারে লেখা যাইবে। মজুরদের ইনস্পেকটর সাহেব সর্ব্বদাই সেই বহী দেখিতে পারিবেন। আরো তিনি সকল মজুরকে ও শেষোক্ত প্রকারের সকল ব্যক্তিকে একত্র ডাকাইয়া ঐ বহীর লিখিত কথা ঠিক আছে কি না ইহা যথার্থমতে জানিয়া লইতে পারিবেন ইতি।

মজুরের নাম ও বেওরা লিখিবার কথা।

১০৩ ধারা। কোন কর্ত্তা যদি নিয়মিতরূপে সেই রিটর্ণ দিতে স্বীকার না করেন, কিম্বা ইচ্ছা করিয়া সেই রিটর্ণ দিতে ত্রুটি করেন, কিম্বা জানিয়া শুনিয়া অশুদ্ধ রিটর্ণ দেন, তবে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ প্রমাণ হইলে তাহার জরিমানা হইবে ইতি।

সেই রিপোর্ট না দিবার কি মিথ্যা রিপোর্ট দিবার দণ্ডের কথা।

104. Every inspector of laborers shall once within each of such periods as may be fixed for such purpose by the Lieutenant-Governor, visit all lands within the limits of his authority on which there shall be employed any laborers, and inspect every hospital, tent, camp, or building in any way used by any such laborers, and investigate the condition of the laborers employed; and for such purpose the inspector may require that any laborer shall be brought before him with his contract, and may make such inquiries as may to him seem proper.

Periodical inspection of laborers to be made by inspector.

Every such inspector shall keep books, in which from time to time shall be entered the number of laborers then under contract with each employer, the number who shall then be sick or missing, or who shall have complained of ill-treatment, the particulars of such complaints, and such other particulars regarding the laborers as the Lieutenant-Governor shall from time to time direct.

Books to be kept by inspector.

Each inspector shall annually make a written report to the Lieutenant-Governor through the Commissioner of the division of the aforesaid particulars; and every such report, as regards the laborers under any particular employer, shall, at all reasonable times, be open to the inspection of such employer or any person by him appointed in writing in that behalf, and the person so inspecting shall be entitled to take a copy of the report so far as it relates to such laborers.

Annual report.

Such report open to inspection by employer.

105. It shall be lawful for any magistrate exercising jurisdiction in the district, or any person authorized by him in writing in that behalf, at any time to enter and inspect any hospital, tent, camp, or building, wholly or partially used by or for laborers, and to require that any laborer shall be brought before him with his contract, and to make any inquiries which he may think proper touching the condition or treatment of any laborer.

Magistrate may at any time inspect laborers' buildings used by them, &c.

If any employer, or other person acting for or under such employer, wilfully obstructs or impedes any entry, inspection, or inquiry, made under either of the two preceding sections, such employer or other person as afore-

Penalty for obstructing inspection or inquiry.

১০৪ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব মজুরদের দেখিবার যেং সময় নিরূপণ করেন, মজুরদের ইনস্পেকটর সাহেব সেইং সময়ের মধ্যে আপনার ক্ষমতাধীন স্থানের সীমার অন্তর্গত যেং জমীতে কোন মজুরেরা কর্ম্ম করে সেইং জমীতে গিয়া, যেং হাস্পাতাল ও তাম্বু ও ছাউনীস্থান ও ঘর মজুরদের ব্যবহার হইয়া থাকে তাহা দেখিবেন ও সেই মজুরদের অবস্থার অনুসন্ধান লইবেন। এই কারণে চুক্তিপত্রসহিত কোন মজুরকে আপনার সম্মুখে আনাইবার আজ্ঞা দিতে পারিবেন, ও তাহার নিকট যেং কথা জিজ্ঞাসা করা উচিত বোধ করেন করিতে পারিবেন।

নিরূপিত সময়ান্তরে ইনস্পেকটরের মজুরদিগকে দেখিতে হইবার কথা।

উক্ত প্রত্যেক জন ইনস্পেকটর একং খান বহী রাখিয়া সময়েং প্রত্যেক জন কর্ত্তার নিকট চুক্তিক্রমে যত জন মজুর থাকে, ও তৎকালে যত জন পীড়িত আছে, ও যত জনের সন্ধান পাওয়া যায় না, ও যত জন অত্যাচারের নালিশ করে ও সেই নালিশের বিবরণ, ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সময়েং অন্য যে বিবরণ লিখিতে আজ্ঞা করেন তাহা ঐ বহীতে লিখিয়া রাখিবেন।

ইনস্পেকটরদের বহী রাখিবার কথা।

প্রত্যেক জন ইনস্পেকটর সাহেব দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের দ্বারা শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট বৎসরং উক্ত সকল বিবরণের রিপোর্ট লিখিয়া পাঠাইবেন।

বৎসরং রিপোর্ট করিবার কথা।

সেই প্রত্যেক রিপোর্টে বিশেষ যে কর্ত্তার যে মজুরদের কথা থাকে সেই কর্ত্তা, কিম্বা লিখনক্রমে তাহার তরফে নিযুক্ত কোন ব্যক্তি, উপযুক্ত কোন সময়ে সেই রিপোর্ট দেখিতে পাইবেন, ও সেই রিপোর্টে সেই মজুরদের যে কথা থাকে তাহা তাঁহার নকল করিয়া লইবার অধিকার থাকিবে ইতি।

কর্ত্তার সেই রিপোর্ট দেখিতে পাইবার কথা।

১০৫ ধারা। জিলার মধ্যে যে কোন মাজিষ্ট্রেটের বিচারাধিপত্য থাকে তিনি, কিম্বা লিখনক্রমে অন্য যে ব্যক্তিকে ঐ কার্য্য করিতে ক্ষমতা দেন সেই ব্যক্তি, মজুরদের ব্যবহারের নিমিত্ত সম্পূর্ণরূপে কি অংশভাবে যে হাস্পাতাল কি তাম্বু কি ছাউনিস্থান কি ঘর থাকে তাহার মধ্যে প্রবেশ করিয়া দেখিতে পারিবেন, এবং কোন মজুরকে চুক্তিপত্র সহিত আপনার সম্মুখে আনাইবার আজ্ঞা দিতে পারিবেন, ও তাহার যেরূপ অবস্থা আছে ও তাহার প্রতি যদ্রূপ আচার হইয়া থাকে এই বিষয়ের যে কোন কথা জিজ্ঞাসা করা উচিত বোধ করেন করিতে পারিবেন।

মজুরদিগকে ও তাহাদের গৃহাদি মাজিষ্ট্রেট সাহেবের কোন সময়ে দেখিতে পারিবার কথা।

কোন কর্ত্তা কিম্বা তাঁহার পক্ষে কি তাঁহার অধীনে কর্ম্মকারক কোন ব্যক্তি ইচ্ছা করিয়া এই ধারা কি ইহার পূর্ব্ব ধারামতে গৃহাদিতে প্রবেশ করিতে কি দেখিতে কি জিজ্ঞাসাবাদ করিতে বাধা দিলে কি আ-

তাঁহার দেখিবার কি জিজ্ঞাসা করিবার বাধা দেওনের দণ্ডের কথা।

[*Government Gazette, 30th December* 1873.]

said shall, on conviction by a magistrate, be punished with fine not exceeding five hundred rupees for each such offence.

Chapter 10.—Regulation of Labor.

Schedule of daily tasks to be framed.

106. Every employer shall from time to time, with the sanction of the inspector previously obtained, fix the daily tasks to be executed by the laborers employed by such employer, and shall frame a schedule of such daily tasks, and publish the same by posting a copy thereof in the Bengali language upon the door of each place of payment of the laborers employed by such employer, and by sending a copy thereof in the English language to the inspector.

Maximum amount of labor.

107. No laborer shall be bound to work under his contract more than six days in one week, or more than six hours consecutively, or more than nine hours on any one day.

Inspector may submit schedule to a committee.

108. If at any time the inspector considers such schedule of daily tasks or any part thereof to be unreasonable, he shall refer the consideration of such schedule to a committee consisting of the inspector, of some employer to be nominated by him, and of some person to be nominated by the employer whose schedule is to be considered, or on his default by the inspector.

Committee to revise schedule.

109. In case the said committee or the majority in number thereof are of opinion that the daily tasks in such schedule contained, or any of them, are unreasonable, they shall modify and reduce such daily tasks in such manner as they shall deem reasonable, and such schedule so modified shall be published in manner aforesaid, and every schedule published as aforesaid shall have effect as between the employer and laborers in substitution for any former schedule.

Chapter 11.—Incapacity for Labor.

Inspector may suspend contract of any laborer temporarily unfitted for labor.

110. It shall be lawful for the inspector of laborers within the local limits of whose authority any laborer may be employed, to suspend, for such period as he shall consider advisable, the contract of such laborer, or any particular term thereof, if such

টক করিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ প্রমাণ হইলে, সেই কর্ত্তার কি পূর্ব্বোক্ত অন্য ব্যক্তির উক্ত প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

১০ পরিচ্ছেদ।—কর্ম্মের বিধানের কথা।

প্রতিদিন যত কর্ম্ম করিতে হইবে তাহার ফর্দ্দের কথা।

১০৬ ধারা। প্রত্যেক জন কর্ত্তা ইনস্পেক্‌টর সাহেবের অনুমতি লইয়া সময়েং মজুরদের প্রতিদিনের কায নিরূপণ করিয়া তাহার এক ফর্দ্দ করিয়া রাখিবেন, ঐ কর্ত্তার মজুরদের বেতন যে স্থানে দেওয়া গিয়া থাকে সেই স্থানের দ্বারে বাঙ্গলা ভাষায় সেই ফর্দ্দের একখানি নকল লাগাইয়া, এবং ইনস্পেক্‌টর সাহেবের নিকট ইংরেজী ভাষায় এক নকল পাঠাইয়া, তাহা প্রকাশ করিবেন ইতি।

যাহার অধিক কর্ম্ম করিতে না হইবে তাহার কথা।

১০৭ ধারা। কোন মজুর চুক্তিক্রমে হপ্তায় ছয় দিনের অধিক, ও না থামিয়া ছয় ঘণ্টার অধিক, ও কোন এক দিনে নয় ঘণ্টার অধিক মজুরী করিতে আবদ্ধ নয় ইতি।

কর্ম্মের ফর্দ্দ কমিটীর প্রতি ইনস্পেক্‌টরের অর্পণ করিবার কথা।

১০৮ ধারা। ইনস্পেক্‌টর সাহেব প্রতিদিনের কর্ম্মের ফর্দ্দ কিম্বা তাহার কোন অংশ যুক্তিসিদ্ধ নহে বলিয়া জ্ঞান করিলে, তিনি ঐ ফর্দ্দ বিবেচনা করিবার জন্যে কমিটীর প্রতি অর্পণ করিতে পারিবেন ঐ ইনস্পেক্‌টর সাহেবকে, ও তিনি যে কোন কর্ত্তার নাম করেন তাঁহাকে, ও যে কর্ত্তার ফর্দ্দ বিবেচনা করিতে হইবে তিনি অন্য যে ব্যক্তির নাম করেন তাঁহাকে, কিম্বা তিনি কোন ব্যক্তির নাম না করিলে ইনস্পেক্‌টর সাহেব অন্য যে ব্যক্তির নাম করেন তাঁহাকে লইয়া ঐ কমিটী হইবে ইতি।

কমিটীর ঐ ফর্দ্দ সংশোধন করিবার কথা।

১০৯ ধারা। ঐ নির্ঘণ্টপত্রের লিখিত প্রতিদিনের কায কি তাহার কোন অংশ যুক্তিসিদ্ধ হয় নাই, সেই কমিটীর কি তাহার অধিকাংশ ব্যক্তির এমত বোধ হইলে, তাঁহারা যদ্রূপে যুক্তিসিদ্ধ বোধ করেন, তদনুসারে ঐ প্রতিদিনের কার্য্য পরিবর্ত্তন ও কমাইয়া দিবেন। ও তদ্রূপে পরিবর্ত্তন করা ঐ ফর্দ্দ পূর্ব্বোক্তমতে প্রকাশ করা যাইবে। প্রকাশ করা গেলে, ঐ কর্ত্তার ও মজুরদের মধ্যে পূর্ব্ব করা অন্য ফর্দ্দের পরিবর্ত্তে সেই ফর্দ্দ প্রবল থাকিবে ইতি।

১১ পরিচ্ছেদ।—খাটিতে না পারিবার কথা।

কোন মজুর কিয়ৎকাল শ্রম করিতে না পারিলে তাহার চুক্তি ইনস্পেক্‌টরের স্থগিত রাখিতে পারিবার কথা।

১১০ ধারা। মজুরদের কোন ইনস্পেক্‌টরের ক্ষমতা যে সীমাব্যাপ্ত হয়, সেই সীমার মধ্যে কোন মজুর পীড়িত কি অন্তঃসত্ত্বা হইয়া কি অন্য উপযুক্ত কারণে কিয়ৎকালের নিমিত্ত চুক্তিমতে কর্ম্ম করিতে পারে না, সেই ইনস্পেক্‌টরের

laborer shall be, in the judgment of such inspector, temporarily unfitted for the performance thereof by reason of sickness, pregnancy, or other sufficient cause. Provided that every such suspension shall be endorsed by the inspector on the contract. Provided also that every such laborer shall, during such incapacity, receive such subsistence money from his employer as shall be considered sufficient by the inspector, and that the time during which the suspension continues shall not be reckoned as part of the term for which the laborer is bound to serve.

111. If it shall be found that any laborer has been compelled to perform any species of labor for which he was at the time unfit, the employer by whom he was so employed shall, on conviction by a magistrate, be punished with fine.

Penalty for compelling laborer to perform work for which he is unfit.

112. If, in the opinion of the inspector of laborers, any laborer shall be permanently incapacitated for the performance of his contract or any material part thereof, the inspector shall certify to that effect in writing, and deliver such certificate to the employer of such laborer or some one on his behalf, and from the date of such certificate the contract of such laborer shall wholly cease and determine. The inspector shall make a return of all such cases of determination of contract in his report under section 103. Every laborer whose contract shall have been determined as aforesaid, shall be entitled to receive from his employer such sum, not exceeding three months' wages, as the inspector may award, and such sum shall be recoverable before a magistrate in the manner hereinafter provided for the recovery of wages.

Discharge of laborers permanently incapacitated.

Chapter 12.—Necessary Provision for Laborers.

113. Whenever any laborers shall be employed in any labor district, the employer of such laborers shall be bound to provide for them sufficient and proper house accommodation, water-supply, sanitary arrangements, and rice.

Sufficient house accommodation, water-supply, and sanitary arrangements to be provided.

114. Every employer shall be bound to provide for his laborers such sufficient hospital accommodation, and such medicines of such quality and description, and according to such scale, as shall from time to time be fixed by

Hospital, medicines, &c., to be provided.

এমত বিবেচনা হইলে, তিনি যত দিন উচিত জ্ঞান করেন তত দিন ঐ মজুরের চুক্তি ক তাহার বিশেষ কোন নিয়ম স্থগিত রাখিতে পারিবেন। পরন্তু ইনস্পেকটর চুক্তিপত্রের পৃষ্ঠে প্রত্যেকবার ঐ স্থগিত রাখিবার কথা লিখিবেন। আরও সেই মজুর উক্তমতে যত দিন কর্ম্ম করিতে না পারে, তত দিন ইনস্পেকটরের বিবেচনায় তাহার যত খোরাকী পাওয়া উচিত কর্ত্তার স্থানে তাহাই পাইবে, এবং সম্পূর্ণ যত দিন তাহার চুক্তিমতে কর্ম্ম করা স্থগিত থাকে, সেই সকল দিন তাহার মজুরী করিবার মিয়াদের মধ্যে ধরা যাইবে না ইতি।

১১১ ধারা। কোন মজুর যে সময়ে যে প্রকারের কর্ম্ম করিতে যোগ্য নয়, তাহার দ্বারা জোর করিয়া সেই কর্ম্ম করান হইয়াছে, ইহা দেখা গেলে, যে কর্ত্তা তাহার দ্বারা সেই কর্ম্ম করাইলেন মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা তাঁহার অপরাধ প্রমাণ হইলে তাঁহার জরীমানা হইবে ইতি।

মজুর যে কর্ম্ম করিতে অক্ষম তাহাকে জোর করিয়া সেই কর্ম্ম করাইলে তাহার দণ্ডের কথা।

১১২ ধারা। কোন মজুর আপনার চুক্তিমতে কর্ম্ম করিতে কিম্বা সেই কর্ম্মের কোন গুরুতর অংশ করিতে একেবারে অপারক হইয়াছে, মজুরদের ইনস্পেকটর সাহেবের এই বিবেচনা হইলে, তিনি সেই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া ঐ মজুরের কর্ত্তাকে কিম্বা তাঁহার পক্ষে অন্য ব্যক্তিকে দিবেন। ও সেই সর্টিফিকটের তারিখঅবধি ঐ মজুরের চুক্তি সম্পূর্ণরূপে রহিত ও শেষ হইয়া যাইবে। ইনস্পেকটর সাহেব ১০৪ ধারামতে যে রিপোর্ট দেন তন্মধ্যে চুক্তি রহিত হইবার সেই প্রকারের কথার রিটর্ণ করিবেন। কোন মজুরের চুক্তি সেই প্রকারে রহিত করা গেলে, ইনস্পেকটর সাহেব তিন মাসের বেতনের অনধিক তাহার যত টাকা পাইবার আজ্ঞা করেন, কর্ত্তার স্থানে তাহার তত টাকা পাইবার অধিকার থাকিবে, ও বেতনের টাকা পাইবার যেরূপ বিধান পশ্চাৎ লেখা যাইতেছে সেই টাকাও সেইরূপে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আদায় হইতে পারিবে ইতি।

মজুর একেবারেই কর্ম্ম করিতে অপারক হইলে তাহাকে ছাড়াইয়া দিবার কথা।

১২ পরিচ্ছেদ।—মজুরদের আবশ্যক আহারাদির কথা।

১১৩ ধারা। কোন মজুরেরা মজুরী করিবার জিলায় কর্ম্ম পাইলে, তাহাদের অক্লেশে থাকিবার উপযুক্ত ঘর ও জলসম্পোষ্য ও স্বাস্থ্যরক্ষার ও চাউল পাইবার যথোচিত ও উপযুক্ত নিয়ম কর্ত্তার করিয়া দিতে হইবে ইতি।

থাকিবার উপযুক্ত ঘর ও জলসম্পোষ্য ও স্বাস্থ্যরক্ষার নিয়মের কথা।

১১৪ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সময়েং হাস্পাতালে থাকিবার উপযুক্ত যে স্থান ও যে হিসাবমতে যে গুণের যে প্রকারের ঔষধ নিরূপণ করেন, মজুরদের নিমিত্ত কর্ত্তার সেই স্থানের ও সেই ঔষধাদির বিধান করিতে

হাস্পাতাল ও ঔষধাদির বিধান করিবার কথা।

the Lieutenant-Governor; and if three hundred or more laborers shall be employed by any employer, it shall be the duty of such employer to place in medical charge of such laborers a medical officer holding a medical diploma as licentiate in medicine, from some Indian or European collegiate institution authorized to grant diplomas, or an officer for the time being licensed by the local Government to act in such medical charge of laborers.

115. It shall be lawful for any inspector or assistant inspector who is himself a magistrate, to institute within his jurisdiction, on the lands in charge of any employer, or at some place within his jurisdiction not more than ten miles distant from such lands, an inquiry whether such employer has provided for his laborers sufficient and proper house accommodation, water-supply, sanitary arrangements, or rice. On the complaint of any inspector or assistant inspector a similar inquiry may be made by a magistrate.

Inquiry whether employer has failed to provide as required by the rules.

116. If the employer is convicted of gross neglect in not having provided sufficient and proper house accommodation, water-supply, sanitary arrangements, or rice, such employer shall be punished with a fine not exceeding five hundred rupees. In any case where a magistrate shall find that proper or sufficient house accommodation, water-supply, sanitary arrangements, or rice, has not been provided, he may order the employer to provide such proper and sufficient house accommodation, water-supply, sanitary arrangements, and rice. If the employer wilfully omits to comply with such order, he shall, on conviction, be punished with a fine not exceeding one hundred rupees a day for every day that such omission continues. In default of payment by the employer of the last mentioned fine, the person on whose account such employer has been acting shall be liable to pay the fine.

Punishment for gross neglect as to house accommodation, &c., and for wilfully omitting to comply with the order of the magistrate in such respect.

117. Wherever such sufficient hospital accommodation or such medicines of such quality and description, and according to such scale, or such medical officer as aforesaid, shall not have been provided, the employer or other person through whose wilful default the same shall not have been provided shall, on conviction by a magistrate, be punished

Penalty for failure to provide hospital accommodation, &c.

হইবে। কোন কর্ত্তার নিকট তিন শত কি তাহার অধিক জন মজুর কর্ম্ম করিলে, ভারতবর্ষীয় কি ইউরোপীয় যে কালেজ চিকিৎসা করিবার যোগ্যতা-পত্র প্রদান করিতে ক্ষমতাপন্ন হন ঐ কর্ত্তা এমত কালেজের চিকিৎসা করিবার লাইসেনশাট বলিয়া যোগ্যতাপত্র প্রাপ্ত কোন ডাক্তরকে সেই মজুরদের চিকিৎসা কর্ম্মের ভার দিয়া নিযুক্ত করিবেন। অথবা স্থানীয় গবর্ণমেণ্ট মজুরদের চিকিৎসা কর্ম্মের ভার গ্রহণার্থে যখনকালে যাঁহাকে অনুমতিপত্র দেন এমন ব্যক্তিকে নিযুক্ত করিবেন ইতি।

১১৫ ধারা। মজুরদের কর্ত্তা সাহেব তাহাদের থাকিবার স্থানের ও জল পাইবার ও স্বাস্থ্যরক্ষার ও চাউল পাইবার যথোচিত ও যথোপযুক্ত নিয়ম করিয়াছেন কি না, ইনস্পেক্টর কি আসিষ্টাণ্ট ইনস্পেক্টর সাহেব মাজিষ্ট্রেট হইলে আপন বিচারাধিপত্যের অন্তর্গত সেই কর্ত্তার ভূমিতে কিম্বা সেই ভূমি হইতে দশ মাইলের অনধিক দূর আপন বিচারাধিপত্যের অন্তর্গত কোন স্থানে উক্ত বিষয়ের অনুসন্ধান করিতে পারিবেন। কোন ইনস্পেক্টর কি আসিষ্টাণ্ট ইনস্পেক্টর সাহেব নালিশ করিলে, কোন মাজিষ্ট্রেট সাহেবও তদ্রূপ অনুসন্ধান লইতে পারিবেন ইতি।

কর্ত্তা নিয়মমত স্থানাদির বিধান করিয়াছেন কি না ইহার সন্ধান লইবার কথা।

১১৬ ধারা। থাকিবার ঘরের ও জলসম্পোষের ও স্বাস্থ্যরক্ষার ও চাউল পাইবার যথোচিত ও উপযুক্ত নিয়ম না করিয়া কর্ত্তার গুরুতর অমনোযোগের প্রমাণ হইলে, তাঁহার পাঁচ শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইবে। থাকিবার ঘরের ও জলসম্পোষের ও স্বাস্থ্যরক্ষার ও চাউল পাইবার উপযুক্ত কি যথোচিত বিধান করা যায় নাই, মাজিষ্ট্রেট সাহেব কোন স্থলে ইহা দেখিতে পাইলে, তিনি কর্ত্তাকে থাকিবার ঘরের ও জলসম্পোষের ও স্বাস্থ্যরক্ষার ও চাউল পাইবার তদ্রূপ উপযুক্ত ও যথোচিত বিধান করিতে আজ্ঞা দিতে পারিবেন। কর্ত্তা ইচ্ছা করিয়া সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে তাঁহার অপরাধ নির্ণয় হইলে যত দিন তাহার সেই কর্ম্ম করিতে ক্রটি হইয়া থাকে, তাহার দিনপ্রতি তাঁহার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইবে। কর্ত্তা শেষোক্ত দণ্ডের টাকা না দিলে, তিনি যে ব্যক্তির তরফে কর্ম্ম করিয়া আসিতেছেন তাঁহার প্রতি সেই টাকার দায় বর্ত্তিবে ইতি।

ঘর প্রভৃতির বিধান করিবার গুরুতর অমনোযোগ হেতুক ও সেই বিষয়ে মাজিষ্ট্রেটের আজ্ঞামতে কর্ম্ম না করণ হেতুক দণ্ডের কথা।

১১৭ ধারা। পূর্ব্বোক্তমতে হাস্পাতালে পীড়িত লোকদের থাকিবার উপযুক্ত যে স্থান নিরূপণ করিতে ও যে গুণের যে প্রকারের যত ঔষধ রাখিতে ও যে ডাক্তর নিযুক্ত করিয়া রাখিতে হইবে, কোন স্থলে তাহার বিধান করা না গেলে, যে কর্ত্তা সাহেবের কিম্বা অন্য যে ব্যক্তির ইচ্ছামত ক্রটি হেতুক ঐ২ বিষয়ের বিধান করা যায় নাই, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয়

হাস্পাতাল প্রভৃতির বিধান না করিবার দণ্ডের কথা।

with fine for every week during which any such default continues.

Chapter 13.—*Localities unfit for the Residence of Laborers.*

Inspector to report.

118. If an inspector of laborers shall at any time have reason to believe that any estate or portion of an estate situated within the limits of his jurisdiction is by reason of climate, situation, or condition unfit for the residence of laborers, he shall give notice in writing of his opinion to the magistrate of the district, and such magistrate shall forthwith summon a committee to inquire into the fitness of such estate or portion thereof for the residence of laborers.

Magistrate to summon committee.

Such committee shall consist of the magistrate, the inspector of laborers, the medical officer of the d... t, and one or more employers of laborers, ...uch persons are available. If the magis... is unable to procure the service on such ...ee of any employer of laborers he may, ...he sanction of the commissioner of the ... appoint one or ... persons whom he ...m qualified.

Proceedings of committee.

...h committee shall proceed, with as little delay as possible, to inquire into the healthiness of the estate or portion thereof to ...ch the order appointing the committee has ...rence, and shall hear such information on the ...ect as the owner of the estate, or the ...oyer or inspector, may desire to place before ... and if such committee, or the major part in number thereof, shall be of opinion that such estate or any portion thereof be unfit for the residence of laborers, it shall record a finding to that effect; and the contract of every laborer who shall have contracted to serve on such estate shall thereupon ... void as regards such estate or portion of estate ...ay be found unfit for the residence of laborers.

If committee finds unfit, contract to be void as regards such locality.

Provided that every such contract shall continue valid with regard to any other portion of such estate or to any other estate of the same employer in the same district.

Proviso as regards other localities.

[*Government Gazette,* 30*th December* 1873.

হইলে, যত সপ্তাহ তাঁহার তদ্রূপ ত্রুটি হইতে থাকে তত সপ্তাহপ্রতি তাঁহর অর্থদণ্ড হইবে ইতি।

১৩ পরিচ্ছেদ।—মজুরদের থাকিবার অনুপযুক্ত স্থানের কথা।

ইনস্পেকটরের রিপোর্ট করিবার কথা।

১১৮ ধারা। মজুরদের ইনেস্পেকটর সাহেবের এলাকার সীমার মধ্য কোন স্থানের অন্তর্গত কোন মহালের কিম্বা মহালের কোন অংশের জল বাতাসের কি চতুর্দ্দিগের স্থানের কি অবস্থার দোষপ্রযুক্ত ঐ স্থানটি মজুরদের থাকিবার অনুপযুক্ত, কোন সময়ে তাঁহার কোন কারণে এমত জ্ঞান হইলে, তিনি জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট লিখিয়া আপনার অভিমত জানাইবেন। সেই মহাল কিম্বা মহালের অংশ মজুরদের বাস করিবার উপযুক্ত কি না ইহার অনুসন্ধান লইবার জন্যে মাজিষ্ট্রেট সাহেব অগোণেই কমিটী করিবেন।

মাজিষ্ট্রেট সাহেবের কমিটী করিবার কথা।

মাজিষ্ট্রেট সাহেবকে, এবং মজুরদের ইনেস্পেকটর সাহেবকে, ও জিলার ডাক্তর সাহেবকে, এবং মজুরদের এক কি কএক জন কর্ত্তা পাওয়া যাইতে পারিলে তাহাদিগকে লইয়া ঐ কমিটী হইবে। মজুরদের কোন কর্ত্তাকে সেই কমিটীতে নিযুক্ত করিতে না পারা গেলে, মাজিষ্ট্রেট সাহেব সেই খণ্ডের কমিশ্যনর সাহেবের অনুমতি লইয়া আম যে এক কি কএক জনকে ঐ কর্ম্মের উপযুক্ত জ্ঞান করেন তাঁহাকে কি তাঁহাদিগকে নিযুক্ত করিতে পারিবেন।

কমিটীর কার্য্যের কথা।

যে মহাল কি মহালের যে অংশ লক্ষ করিয়া কমিটী করিবার আজ্ঞা হয়, সেই কমিটী সাধ্যমতে গৌণ না করিয়া ঐ মহাল প্রভৃতির অবস্থার অনুসন্ধান লইতে প্রবর্ত্ত হইবেন। এবং ঐ মহালের কি মহালের ঐ অংশের স্বামী কিম্বা কর্ত্তা কিম্বা ইনস্পেকটর সাহেব কমিটীর সম্মুখে যে সন্ধান জানাইতে চাহেন তাহা শুনিবেন। সেই মহাল কিম্বা মহালের সেই অংশ মজুরদের থাকিবার অনুপযুক্ত, ঐ কমিটীর কিম্বা কমিটীর অধিকাংশ লোকের এই অভিমত থাকিলে, তাঁহারা সেই মর্ম্মের নির্ণয়পত্র লিখিয়া দিবেন। তাহা হইলে যত জন মজুর ঐ মহালে কর্ম্ম করিতে চুক্তি করিয়াছে, ঐ মহালসম্পর্কে কিম্বা মহালের যে অংশ মজুরদের থাকিবার অনুপযুক্ত বলিয়া জানা গেল সেই অংশ সম্পর্কে, তাহাদের প্রত্যেক জনের চুক্তি বাতিল হইবে।

কমিটী ঐ স্থান অনুপযুক্ত জ্ঞান করিলে ঐ স্থানসম্পর্কে চুক্তি বাতিল হইবার কথা।

কিন্তু সেই জিলার মধ্যে সেই কর্ত্তার ঐ মহালের অন্য অংশের পক্ষে কিম্বা অন্য কোন মহালের পক্ষে উক্ত প্রত্যেক চুক্তি বলবৎ থাকিবে ইতি।

অন্যান্য স্থানের বিষয়ে উপবাধ।

119. If it shall at any time appear that the number of laborers (as well laborers defined by this Act as others) who have died on any estate or portion of an estate during the preceding twelve months, bears a larger proportion to the whole number of laborers (as well laborers defined by this Act as others) employed thereon during such period than 7 per centum, or if the average annual number of laborers (as well laborers defined by this Act as others) who have died on such estate or portion thereof during the preceding three years bears a larger proportion to the whole number of laborers (as well laborers defined by this Act as others) employed thereon during such period than 5 per centum, it shall be lawful for the Lieutenant-Governor to direct the civil medical officer of the district or other qualified medical officer to inquire into and report on the following matters:—

Lieutenant-Governor how to proceed if mortality in past year exceeds 7 per cent., or if the average of 3 years exceeds 5 per cent.

Matters to be inquired into.

(1) The cause or causes of such mortality.

(2) The want (if any) of due care or precaution and of the adoption of proper and available sanitary measures, on the part of the owner of such estate or portion thereof or the employer, causing or contributing to such mortality.

(3) The fitness or otherwise of such estate or portion thereof for the residence of laborers and the reasons thereof.

Such medical officer shall proceed with as little delay as possible, and shall hear and record such information on the subject of the several matters aforesaid as the owner of such estate or portion thereof, or the employer, or inspector may desire to place before him, and shall visit and inspect such estate or portion thereof, and shall make his report expressing the reasons of his opinion and transmit the same with the recorded information and notes of his inspection of such estate or portion thereof to the Lieutenant-Governor.

Medical officer to report.

If the Lieutenant-Governor, after perusal and consideration of the said report, information, and notes, shall be of opinion that such mortality was caused by the want of due care or precaution and of the adoption of proper and available sanitary measures on the part of the owner of such estate or the employer, and that such estate or portion

Lieutenant-Governor may declare estate unfit for residence.

১১৯ ধারা। কোন মহালে কিম্বা মহালের কোন অংশে যত জন মজুরে কর্ম্ম করে (তাহারা এই আইনের বিধানমত মজুর হউক কি অন্য প্রকারের মজুর হউক) শতকরার হিসাবে যদি পূর্ব্ব বারোমাসের মধ্যে তাহারদের শতের মধ্যে ৭ জনের অধিক মরে, (তাহারা এই আইনের বিধানমতে মজুর হউক কি অন্য প্রকারের মজুর হউক) কিম্বা তৎপূর্ব্ব তিন বৎসরে সেই মহালে কি মহালের সেই অংশে যত জন মজুর কর্ম্ম করিল (তাহারা এই আইনের বিধানমতে মজুর হউক কি অন্য প্রকারের মজুর হউক) সেই কালের মধ্যে যদি গড়ে তাহাদের বৎসর২ শতকরা সাত জনের অধিক মরে, তবে (তাহারা এই আইনের বিধানমতে মজুর হউক কি অন্য প্রকারের মজুর হউক) শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব জিলার সিবিল ডাক্তর সাহেবকে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য ডাক্তর সাহেবকে নিম্নলিখিত বিষয়ের অনুসন্ধান করিয়া রিপোর্ট করিতে আজ্ঞা করিবেন।

পূর্ব্ব বৎসরে শতকরা ৭ জনের অধিক মরিলে কিম্বা পূর্ব্ব তিন বৎসর গড়ে শতকরা ৭ জনের অধিক মরিলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের যাহা কর্ত্তব্য তাহার কথা।

সেই বিষয়ের অনুসন্ধান লওয়া যাইবে তাহার কথা।

(১) মজুরদের তদ্রূপ মরণের যে কারণ বা যে২ কারণ থাকে তাহার।

(২) উক্ত মহালের কি তাহার উক্ত অংশের স্বামির কিম্বা মজুরদের কর্ত্তার উপযুক্ত মনোযোগ কি পরিণামদর্শিতা না থাকাপ্রযুক্ত কিম্বা স্বাস্থ্যজনক যে উপযুক্ত উপায় করিতে পারিতেন তাহা না করা প্রযুক্ত যদি মজুরদের এত জনের মরণ হয় কি হইবার উপক্রম হইয়া থাকে তবে সেই বিষয়ের।

(৩) সেই মহাল কিম্বা তাহার সেই অংশ মজুরদের বাস করিবার উপযুক্ত কি না এই কথার ও তাহার কারণের রিপোর্ট।

ঐ ডাক্তর সাহেব সাধ্যমতে ত্বরায় ঐ কর্ম্মে প্রবর্ত্ত হইবেন, এবং ঐ মহালের কি তদংশের স্বামী কিম্বা কর্ত্তা কি ইনেস্পক্টর সাহেব তাঁহাকে পূর্ব্বোক্ত নানা বিষয়ের যে সন্ধান জানাইতে চাহেন তাহা শুনিয়া লিপিবদ্ধ করিবেন, ও সেই মহালে কি তদংশে গিয়া দেখিবেন। এবং আপনার রিপোর্ট ও অভিমতের কারণ লিখিয়া উক্ত যে সন্ধান লিপিবদ্ধ করিলেন ও ঐ মহাল কি তদংশ দেখিয়া মন্তব্য যে২ কথা লিখিলেন, রিপোর্টের সহিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট তাহা পাঠাইবেন।

ডাক্তর সাহেবের রিপোর্ট করিতে হইবার কথা।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব পূর্ব্বোক্ত রিপোর্ট ও সন্ধান ও মন্তব্য কথা পাঠ করিয়া বিবেচনা করিলে পর, ঐ মহালের স্বামির কিম্বা কর্ত্তার উচিতমত মনোযোগ কি পরিণামদর্শিতা না থাকাই, ও স্বাস্থ্য জন্মাইবার উপযুক্ত যে উপায়ের বিধান করা যাইতে পারিত তাহা না করাই, মজুরদের মরণের কারণ ছিল, এবং ঐ মহা-

ঐ স্থান মজুরদের বাস করিবার অনুপযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের ইহা প্রকাশ করিবার কথা।

thereof is unfit for the residence of laborers by reason of the want of due care or precaution, and of the adoption of proper and available sanitary measures on the part of the owner of such estate or portion thereof or the employer, it shall be lawful for the Lieutenant-Governor to declare in writing that such estate or portion thereof is unfit for the residence of laborers. Such declaration of the Lieutenant-Governor shall have the same effect as the finding of a committee under the last preceding section.

Contracts to be void as regards that estate.

120. Every employer who shall cause or permit any laborer to reside upon any such estate or portion of an estate as under the provisions of either of the two preceding sections may have been found to be unfit for the residence of laborers, shall, on conviction by a magistrate, be punished with fine. Provided always that in case it shall appear to the inspector that any such estate, or portion of an estate, or any part of such portion, has become fit for the residence of laborers, he shall, with the sanction of the magistrate of the district, give under his hand a certificate of such fitness, and no employer shall be liable to fine by reason of his causing or permitting laborers to reside in any place respecting which such certificate of fitness shall have been given.

Penalty on employer permitting laborer to reside in locality declared to be unfit.

Chapter 14.—*Offences committed by Laborers.*

121. Any laborer, who shall absent himself from his labor without sufficient cause, may, on conviction by a magistrate, be sentenced to lose all claims to wages or allowances during the period of such absence, and also to forfeit to his employer a sum not exceeding four annas for each day during which such absence shall be continued; and in case such absence shall have exceeded seven days, or in case such laborer shall have been already convicted of the same offence within a period of three months, such laborer shall be furthermore sentenced to rigorous imprisonment for fourteen days.

Penalty on laborer for absenting himself without sufficient cause.

122. If any laborer deserts from his employer's service, and no magistrate is resident within ten miles of the place where such laborer may be found, such employer or any other person acting in his behalf may, without first procuring a warrant, and without the assistance of any police officer (who, nevertheless, shall be bound

Deserting may be apprehended without warrant.

[*Government Gazette*, 30*th December* 1873.]

লের কিম্বা তাহার কিয়দংশের স্বামির কি কর্ত্তার উচিতমত মনোযোগ কি পরিণামদর্শিতা না থাকা-প্রযুক্ত ও স্বাস্থ্যের উপযুক্ত যে উপায়ের বিধান করা যাইতে পারিত তাহা না করাপ্রযুক্ত ঐ মহাল কি তদংশ মজুরের বাস করিবার অনুপযুক্ত হইয়াছে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের এই অভিমত থাকিলে, তিনি সেই মহাল কি তদংশ মজুরদের বাস করিবার অনুপযুক্ত বলিয়া নির্দ্দেশ বাক্য লিখিয়া দিবেন। ইহার পূর্ব্ব ধারামতে কমিটির নির্ণয়ের যে ফল হয় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ঐ নির্দ্দেশ বাক্যের সেই ফল হইবে ইতি।

ঐ মহালসম্পর্কীয় চুক্তি রহিত হইবার কথা।

১২০ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার কোন ধারামতে যে মহাল কি মহালের যে অংশ মজুরদের থাকিবার অনুপযুক্ত বলিয়া নির্ণয় হয়, কর্ত্তা কোন মজুরকে সেই স্থানে বাস করাইলে কি করিতে দিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে, তাহার জরীমানা হইবে। পরন্তু সেই মহাল কি মহালের অংশ কি সেই অংশের কোন ভাগ পশ্চাৎ মজুরদের বাস করিবার উপযুক্ত হইয়াছে, ইনস্পেকটর সাহেবের এমত অনুভব হইলে, তিনি জিলার মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি লইয়া সেই স্থানটি বাসের উপযুক্ত হওয়ার সর্টিফিকট লিখিয়া সহী করিয়া দিবেন। ও বাস করিবার উপযুক্ত বলিয়া যে স্থানের বিষয়ে তদ্রূপ সর্টিফিকট দেওয়া যায়, কর্ত্তা সেই স্থানে মজুরদিগকে বাস করাইলে কি বাস করিতে দিলেও তাহার জরীমানা হইবে না ইতি।

মজুরদের থাকিবার অনুপযুক্ত বলিয়া যে স্থান প্রকাশ হয় তথা সেই স্থানে মজুরকে থাকিতে দিলে দণ্ডের কথা।

১৪ পরিচ্ছেদ।—মজুরদের অপরাধের কথা।

১২১ ধারা। যদি কোন মজুর উপযুক্ত কারণ না থাকিলেও আপন কর্ম্মে না যায়, তবে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে, যত দিন সেইরূপ কর্ম্মে না যায় তাহার তত দিনের বেতন কি উপরি পয়সা পাইবার দাওয়া বাতিল হইবার আজ্ঞা হইবে, ও যত দিন কর্ম্মে না যায় তাহার দিনপ্রতি কর্ত্তার নিকট চারি আনার অনধিক জরীমানা দিবার আজ্ঞা হইবে। যদি সেই প্রকারে সাত দিনের অধিক কর্ম্মে যাওয়া না হয়, কিম্বা পূর্ব্ব তিন মাসের মধ্যে যদি অন্য সময়ে তাহার সেই অপরাধের প্রমাণ হইয়া থাকে, তবে তাহার সেই দণ্ডভিন্ন চৌদ্দ দিন কাঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইতে পারিবে ইতি।

উপযুক্ত কারণ না থাকিলেও কর্ম্মে না যাইবার দণ্ডের কথা।

১২২ ধারা। যদি কোন মজুর আপনার কর্ত্তার কর্ম্ম ছাড়িয়া পলায় কি পলাইতে চেষ্টা করে, ও সেই মজুরকে যে স্থানে পাওয়া যায় যদি সেই স্থান হইতে দশ মাইলের মধ্যে কোন মাজিষ্ট্রেটের নিবাস না থাকে, তবে সেই কর্ত্তা কিম্বা তাহার সপক্ষ কর্ম্মচারি ব্যক্তি পরওয়ানা না পাইয়া, পোলাসের কোন

পলায়ন করিলে বিনা-পরওয়ানায় ধরা যাইতে পারিবার কথা।

to give such assistance if called upon to do so), apprehend such laborer. Provided, nevertheless, that if such laborer be found in the service of another employer, he shall not be arrested without a warrant. Provided also that any person, who shall apprehend a laborer under the provisions of this section, shall without delay give the said laborer in charge at the nearest police station, and there enter the charge upon which he shall have apprehended such laborer.

To be taken to nearest magistrate.

Any laborer so given in charge shall be conveyed without delay, to the nearest magistrate; and, if such magistrate be authorized to deal with the case, he shall himself adjudicate upon the charge; but if not, he shall forward the said laborer, under custody, to the magistrate or bench of magistrates authorized to deal with such case, who shall thereupon adjudicate upon such charge.

Procedure upon complaint of desertion.

Upon complaint made to a magistrate by an employer, or any person acting on his behalf, that a laborer has deserted from his employer's service, such magistrate may issue a summons for the attendance of such laborer, or a warrant for his arrest, and appoint a day for the hearing of the complaint without previously examining the complainant.

Punishment.

Every laborer who deserts from his employer's service shall on conviction be punished with rigorous imprisonment which may extend to one month; and every laborer, who after having been convicted of desertion, shall again desert from his employer's service, shall, on conviction as aforesaid, be punished with rigorous imprisonment for a period which may extend to two months; and every laborer who, after having been twice convicted of desertion shall again desert shall, on conviction as aforesaid, be punished with imprisonment, simple or rigorous, which may extend to three months.

Compensation for wrongful arrest.

If it appears to the magistrate or to the bench of magistrates adjudicating upon such charge, that such laborer has been apprehended without sufficient cause, it shall be lawful for such magistrate or bench of magistrates to impose a fine not exceeding fifty rupees on the employer, at whose instance such laborer has been apprehended or to award compensation not exceeding fifty

কর্ম্মকারকের সাহায্য না লইয়া, তাহাকে ধরিয়া লইতে পারিবেন। পোলীসের কর্ম্মকারকের সাহায্য চাহিলে তাঁহার অবশ্য সাহায্য করিতে হইবে। পরন্তু সেই মজুরকে অন্য কর্ত্তার নিকট কর্ম্ম করিতে দেখা গেলে পরওয়ানাবিনা তাহাকে ধরা যাইতে পারিবে না। আরো এই ধারার বিধানমতে কোন ব্যক্তি সেই মজুরকে ধরিলে পর অগৌণেই অতিনিকট পোলীস থানায় অনিয়া, যে দোষের নিমিত্ত ঐ মজুরকে ধরা গেল থানায় তাহা লেখাইয়া দিবেন।

অতি নিকট মাজিষ্ট্রেটের নিকটে লইয়া যাইবার কথা।

কোন মজুরকে সেই প্রকারে পোলীসের হাতে, আনিয়া দেওয়া গেলে, তাহাকে অগৌণে অতিনিকট মাজিষ্ট্রেটের নিকট লইয়া যাইতে হইবে। ও ঐ মাজিষ্ট্রেট সেই মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন হইলে, তিনিই সেই নালিশের বিচার করিবেন। না হইলে তিনি মজুরকে পেয়াদার জিম্মায় দিয়া ঐ মোকদ্দমা বিচার করিবার ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের কি মাজিষ্ট্রেটদের বেঞ্চের নিকট পাঠাইবেন ও তিনিই কি তাঁহারা সেই নালিশের বিচার করিবেন।

পলায়ন করিবার নালিশ হইলে কার্য্যপ্রণালীর কথা।

মজুর আমার কর্ম্ম ছাড়িয়া পলায়ন করিয়াছে বলিয়া কোন কর্ত্তা কি তাঁহার পক্ষে কোন ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের নিকট নালিশ করিলে, ঐ মাজিষ্ট্রেট ফরিয়াদীর জোবানবন্দী অগ্রে না লইয়া, ঐ মজুরের হাজির হইবার সমন কিম্বা তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা জারী করিয়া নালিশ শুনিবার দিন নিরূপণ করিবেন।

দণ্ডের কথা।

কোন মজুর আপন কর্ম্ম ছাড়িয়া পলাইয়াছে তাহার এই অপরাধ নির্ণয় হইলে, তাহার এক মাস পর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইবে। ও পলায়নের প্রমাণ হইলে পর কর্ত্তার কর্ম্ম ছাড়িয়া আবার পলাইলে, পূর্ব্বোক্তমতে অপরাধ নির্ণয় হইলে তাহার দুই মাসপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইবে। ও দুইবার পলায়ন দোষ প্রমাণ হইলে পর আবার পলাইলে, পূর্ব্বোক্তমতে অপরাধ নির্ণয় হইলে তাহার তিন মাস পর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইবে।

অন্যায়মতে গ্রেপ্তার করা গেলে ক্ষতিপূরণের কথা।

যে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটের যে বেঞ্চ ঐ নালিশের বিচার করেন মজুরকে উপযুক্ত কারণ না থাকিতেও গ্রেপ্তার করা গিয়াছে তাঁহার এমত বোধ হইলে, যে কর্ত্তার প্রার্থনামতে ঐ মজুরকে ধরিয়া আনা গিয়াছে উক্ত মাজিষ্ট্রেট সাহেব কি মাজিষ্ট্রেটদের উক্ত বেঞ্চ সেই কর্ত্তার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা করিতে পারিবেন, কিম্বা ঐ মজুরের পঞ্চাশ টাকাপর্য্যন্ত ক্ষতিপূরণ পাইবার আজ্ঞা করিতে পারিবেন, তাহা হইলে যে কর্ত্তার

rupees to such laborer, and such compensation shall be paid by the employer at whose instance such laborer has been apprehended or arrested.

123. On the expiry of any sentence of imprisonment for any offence under this Act, save as is provided in section 124, it shall be the duty of the magistrate to make over such laborer to any person appointed on the part of his employer to receive charge of him; and no conviction under this Act, or imprisonment under such conviction, shall, save as is provided in section 124, be held to operate as a release to any laborer from the terms of his contract. Provided, nevertheless, that the period of imprisonment shall in no case be prolonged by reason of their being no person present on the part of the employer to take charge of the laborer at the expiry to his sentence; but such laborer shall in that case be sent to the principal place of business of such employer, and the expense of such conveyance shall be levied from the employer in the manner provided in section 96.

Conviction not to operate as a release.

124. Whenever any laborer shall have actually suffered imprisonment amounting in the whole to six months for desertion from his employer's service, it shall be lawful for the inspector, and he is hereby required, to cancel the contract of such laborer, and every such cancellation shall be certified by the inspector on the back of the contract.

Cancellation of contract by desertion.

125. The employer, or any person authorized to act for the employer, of any laborer imprisoned for any offence under this Act, may apply to a magistrate, at any time previous to the expiry of such sentence, that such laborer be made over to him for the purpose of completing his contract; and such magistrate may, if he see good cause, make over or forward such laborer to his employer; and in that case such magistrate shall cancel the remainder of the sentence passed on him, and shall endorse on the contract of such laborer a memorandum signed by him of such cancellation.

Portion of sentence may be cancelled on application of employer.

126. Every employer who obtains an order for the return or forwarding of any laborer who has deserted, shall pay the expense incurred in such return or forwarding, and shall, before the order is issued, deposit with the magistrate such sum as such magistrate may in his discretion deem to be suffi-

Expense of restoring deserting laborer to be paid by employer.

প্রার্থনামতে ঐ মজুরকে ধরিয়া আনা গিয়াছে তাঁহার সেই হানিপূরণের টাকা দিতে হইবে ইতি।

১২৩ ধারা। ১২৪ ধারায় যে স্থলের বিধান হইয়াছে সেই স্থলছাড়া এই আইন মত কোন অপরাধের নিমিত্ত কারাদণ্ডের মিয়াদ ফুরাইলে, কর্ত্তা মজুরকে জিম্মায় লইয়া আনিবার নিমিত্ত যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাহার হাতে সেই মজুরকে সমর্পণ করিয়া দেওয়া মাজিষ্ট্রেটের কর্ত্তব্য, এবং এই আইনক্রমে অপরাধের প্রমাণ হইলে ও প্রমাণক্রমে কারাদণ্ড হইলেও, ১২৪ ধারার নির্দ্দিষ্ট স্থলছাড়া চুক্তির নিয়ম হইতে মজুরের মুক্ত হওনরূপ ফল জন্মিবে না। কিন্তু তাহার কয়েদের মিয়াদ ফুরাইলে যদি কর্ত্তার পক্ষে মজুরকে জিম্মায় লইয়া যাইবার লোক উপস্থিত না থাকে তবে সেই কারণে তাহাকে অধিককাল কয়েদ করিয়া রাখিতে হইবে না তদ্রূপ স্থলে ঐ কর্ত্তার কর্ম্মের যে সদর স্থান থাকে, ঐ মজুরকে সেই স্থানে চালান করা যাইবে, ও চালান করিবার খরচ ৯৬ ধারার বিধানমতে কর্ত্তার নিকটে আদায় করিয়া লওয়া যাইবে ইতি।

দোষ প্রমাণ হওয়া কর্ম্ম হইতে ছাড়াইয়া দেওয়ার তুল্য না হইবার কথা।

১২৪ ধারা। কর্ত্তার কর্ম্ম ছাড়িয়া পলায়নপ্রযুক্ত কোন মজুরকে সর্ব্বসুদ্ধ ছয় মাস কয়েদ করা গেলেই ইনস্পেকটর সাহেব ঐ মজুরের চুক্তি বাতিল করিতে পারিবেন, এবং বাতিল করেন তাঁহার প্রতি এই আদেশ হইল। বাতিল হইলে ইনস্পেকটর সাহেব চুক্তিপত্রের পৃষ্ঠে ঐ কথার সর্টিফিকট লিখিবেন ইতি।

পলায় করিলে চুক্তি বাতিল হইতে পারিবার কথা।

১২৫ ধারা। এই আইনমতে কোন অপরাধের নিমিত্ত কোন মজুরকে কয়েদ করা গেলে তাহার কয়েদ থাকার মিয়াদ না ফুরাইলেও, কর্ত্তা, কিম্বা কর্ত্তার পক্ষে কর্ম্ম করিতে ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তি, মাজিষ্ট্রেটের নিকট এই প্রার্থনা করিতে পারিবেন যে ঐ মজুর আপন চুক্তিমতে কর্ম্ম চালায় এই নিমিত্ত তাহাকে তাঁহার হাতে অর্পণ করা যায় ঐ মাজিষ্ট্রেট সাহেব নির্দিষ্ট কারণ জানিলে মজুরকে কর্ত্তার হাতে অর্পণ করিতে কিম্বা তাহার নিকট চালান করিতে পারিবেন। তাহা হইলে ঐ ব্যক্তির দণ্ডের বাকী সময় রহিত করিবেন এবং ঐ মজুরের চুক্তিপত্রের পৃষ্ঠে তাহার মিয়াদ রহিত হইবার কথা লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন ইতি

কর্ত্তার প্রার্থনামতে দণ্ডের এক অংশ ক্ষমা হইতে পারিবার কথা।

১২৬ ধারা। কোন কর্ত্তা পলাতক মজুরকে ফিরিয়া আনাইতে কি চালান করিতে আজ্ঞা পাইলে তাহাকে ফিরিয়া আনিবার কি চালান করিবার যে খরচ লাগে তাহা ঐ কর্ত্তার দিতে হইবে, ও উক্ত মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় তাহাকে ফিরিয়া আনাইতে কি চালান করিতে যত

মজুর পলাতক হইলে কর্ত্তার নিকট তাহাকে ফিরিয়া পাঠাইবার খরচের কথা।

cient for defraying the expense of such return or forwarding.

Time of unlawful absence or imprisonment to be excluded from contract period.

127. The duration of every unlawful absence from labor, of which any laborer may be convicted, and every sentence of imprisonment for any offence under this Act, shall be endorsed on the contract, at the time of its being passed, by the officer passing it; and no such period of imprisonment or unlawful absence so endorsed shall be reckoned as part of the term for which the laborer is bound to serve, but such term shall extend to such further period as shall be equivalent to the aggregate amount of the imprisonment and unlawful absence so endorsed.

Other person enticing away, harbouring, or employing laborer under contract.

128. Any person who knowingly and wilfully entices away, harbours, or employs, or attempts to entice from his employment, any laborer, before such laborer shall have been lawfully released from his contract, shall on conviction by a magistrate be punished with fine, the whole or any portion of which may be awarded to the employer of such laborer.

Chapter 15.—Complaints made by Laborers.

Employer to give notice to inspector if laborer wishes to complain of personal ill-usage or breach of contract.

129. If any laborer states to his employer, or to any person acting for such employer, that he desires to make a complaint to the inspector of laborers of personal ill-usage or breach of any provision of this Act on the part of such employer or other person, the person to whom such statement is made shall, within forty-eight hours send notice thereof in writing to the inspectors and in default of so doing, such person shall, on conviction by a magistrate, be punished with fine.

Inspector how to proceed on receipt of notice, or if complaint is made to him,

130. Whenever any inspector of laborer receives such notice in writing as aforesaid, or whenever any complaint of personal ill-usage or breach of any provision of this Act as aforesaid, is made to him by any laborer against his employer or any person acting for such employer, or whenever the inspector

or if he has reason to believe that there is ground for a complaint.

has other reasonable grounds for believing that any such personal ill-usage or breach of any provision of this Act as aforesaid has been suffered by a laborer, such inspector shall forthwith, if the place in which such offence has been committed

খরচ উপযুক্ত বোধ হয় ঐ আজ্ঞা জারী হইবার পূর্ব্বে ঐ মাজিষ্ট্রেট সাহেবের নিকট তাঁহার তত টাকা গচ্ছিত করিতে হইবে ইতি।

অন্যায়মতে কর্ম্মে না চালাইবার ও কয়েদ থাকিবার সময় চুক্তির মিয়াদহইতে কাটিয়া লইবার কথা।

১২৭ ধারা। কোন মজুরের যত দিন অন্যায়মতে কর্ম্মে না যাওয়া প্রমাণ হয় ও এই আইনমতে কোন অপরাধের নিমিত্ত তাহার যত দিন কয়েদ থাকার আজ্ঞা হয়, যে কার্য্যকারক ঐ আজ্ঞা করিলেন তিনি ঐ আজ্ঞা করণ সময়ে চুক্তিপত্রের পৃষ্ঠে সেই দিনের সংখ্যা লিখিবেন। আর মজুর যত কাল কর্ম্ম করিতে বদ্ধ হয়, ঐ পৃষ্ঠলিপির লিখিতমতে তাহার কয়েদ থাকার সমস্ত দিন ও অন্যায়মতে কর্ম্মে না যাইবার দিন সেই মিয়াদের মধ্যে ধরা যাইবে না। কিন্তু পৃষ্ঠলিপিমতে মোটে যত দিন কয়েদ ছিল ও অন্যায়মতে যত দিন কর্ম্মে না গিয়াছিল তাহার কর্ম্ম করিবার মিয়াদ তত দিন বাড়িয়া যাইবে ইতি।

চুক্তিবদ্ধ মজুরকে ফুসলাইয়া লইবার কি আশ্রয় কি কর্ম্ম দিবার দণ্ডের কথা।

১২৮ ধারা। কোন মজুর যে চুক্তি করিয়াছে তাহাহইতে তাহার ন্যায্যমতে মুক্ত হইবার পূর্ব্বে, কোন ব্যক্তি ইচ্ছা করিয়া ও জানিয়া শুনিয়া তাহাকে সেই কর্ম্মহইতে ফুসলাইয়া লইলে কি আশ্রয় দিলে কি কর্ম্ম দিলে কিম্বা তাহাকে ফুসলাইয়া লইতে চেষ্টা করিলে, তাহার জরিমানা হইতে পারিবে। ও সেই জরিমানার সমুদয় টাকা কি তাহার একাংশ ঐ মজুরের কর্ত্তাকে দেওয়া যাইতে পারিবে ইতি।

১৫ পারচ্ছেদ —মজুরদের নালিশের কথা।

মজুর অত্যাচারের কি চুক্তিভঙ্গের নালিশ করিতে চাহিলে ইনস্পেক্টরকে কর্ত্তার নোটিস দিবার কথা।

১২৯ ধারা। কর্ত্তা কিম্বা কর্ত্তার পক্ষে কর্ম্মকারি কোন ব্যক্তি আমার প্রতি অত্যাচার করিয়াছেন কিম্বা এই আইনের কোন বিধান লঙ্ঘন করিয়াছেন বলিয়া আমি মজুরদের ইনস্পেক্টর সাহেবের নিকট নালিশ করিতে চাহি, কোন মজুর কর্ত্তাকে কিম্বা সেই অন্য ব্যক্তিকে এইরূপ কহিলে, যাঁহার নিকট ঐ কথা কহে তিনি আটচল্লিশ ঘণ্টার মধ্যে ইনস্পেক্টর সাহেবের নিকট লিখিয়া ঐ কথার নোটিস দিবেন। না দিলে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাঁহার জরিমানা হইবে ইতি।

নোটিস পাইলে কিম্বা তাহার নিকট নালিশ হইলে

১৩০ ধারা। মজুরদের কোন ইনস্পেক্টর সাহেব পূর্ব্বোক্ত প্রকারের লিখিত নোটিস পাইলে, কিম্বা কোন মজুর তাঁহার নিকট কর্ত্তার নামে কিম্বা কর্ত্তার নিমিত্ত কর্ম্মকারি কোন ব্যক্তির নামে পূর্ব্বোক্তমতে অত্যাচারের কিম্বা এই আইনের কোন বিধান লঙ্ঘন করার নালিশ করিলে, কিম্বা কোন মজুরের প্রতি পূর্ব্বোক্তমতে অত্যাচার হইয়াছে কিম্বা এই আইনের কোন বিধান লঙ্ঘন হইয়াছে ইনস্পেক্টর সাহেবের এমত জ্ঞান করিবার

কিম্বা নালিশ করিবার কারণ আছে জ্ঞান করিলে ইনস্পেক্টরের যাহা কর্ত্তব্য তাহার কথা।

অন্য যুক্তিসিদ্ধ কারণ থাকিলে, ঐ অপরাধ যে স্থানে করা গিয়াছে সেই স্থান তাঁহার ক্ষমতার সীমার মধ্যে না থাকিলে, যে

is not situated within the limits of his own authority, give notice thereof in writing to the inspector within the limits of whose authority such place is situated; and if such place be situated within the limits of his own authority, then such inspector shall, so soon as conveniently may be, proceed to some place not more than ten miles from the principal place of business of such employer, and make full inquiry into the matter complained of.

ইনস্পেকটরের ক্ষমতার সীমার মধ্যে আছে তাঁহার নিকট তিনি অগৌণে লিখিয়া ঐ অপরাধের নোটিস দিবেন সেই স্থান যদি তাঁহার নিজ ক্ষমতার সীমার মধ্যে থাকে তবে সেই ইনস্পেকটর সাহেব সুবিধা-মতে ত্বরায় ঐ কর্ত্তার কর্ম্মের সদর স্থানহইতে সোজা পথে দশ মাইলের অদূর কোন স্থানে গিয়া নালিশের বিষয়ের সম্পূর্ণ অনুসন্ধান লইবেন ইতি।

Procedure.
Penalty for obstructing service of, or disobedience to, summons.

131. For the purposes of such inquiry the inspector may summon such laborer and any witnesses. If any employer, or other person acting for or under such employer, in any way wilfully obstructs the service of, or obedience to, such summons; or if the laborer or any witness summoned intentionally omits to attend as required in such summons, he shall, on conviction by a magistrate, be punished with fine.

কার্য্য প্রণালীর কথা।
সমন জারী করিবার বাধা দিলে কি না মানিলে দণ্ডের কথা।

১৩১ ধারা। তদ্রূপ অনুসন্ধান করিবার জন্যে ইনস্পেকটর সাহেব ঐ মজুরকে ও কোন সাক্ষি-দিগকে সমন করিতে পারি-বেন। কোন কর্ত্তা কিম্বা তাঁহার পক্ষ কি তাঁহার অধীনে কর্ম্মকারি কোন ব্যক্তি ইচ্ছা করিয়া কোন প্রকারে ঐ সমন জারী হইবার কি তদনুসারে কর্ম্ম হইবার বাধা দিলে, কিম্বা মজুর কি যে সাক্ষিকে সমন করা যায় সে ইচ্ছা করিয়া ঐ সমনের আদেশ-মতে উপস্থিত না হইলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাহার জরীমানা হইবে ইতি।

If complaint is untrue or frivolous.

132. If, upon such inquiry made on the complaint of a laborer, the inspector is of opinion that the complaint is untrue or frivolous, he shall enter in his book the particulars of such complaint, and a short statement of the grounds of his opinion respecting it, and shall dismiss the complaint, and in such case shall endorse on the employer's copy of the contract of such complainant the number of days during which such complainant has been absent from work in consequence of such inquiry, and such number of days shall be added to the period of the contract of such complainant.

নালিশ অসত্য কি তুচ্ছ হইলে তাহার কথা।

১৩২ ধারা। মজুরের নালিশমতে সেই অনুসন্ধান লওয়া গেলে পর, ইনস্পে-কটর সাহেব তাহা অসত্য কি তুচ্ছ জ্ঞান করিলে, তিনি আপন বহীতে সেই নালিশের বৃত্তান্ত ও তদ্বিষয়ে আপনার মতের কারণের সংক্ষেপ বর্ণনা লিখিয়া নালিশ ডিস্মিস্ করিবেন। তাহা হইলে সেই অনুসন্ধান প্রযুক্ত বাদী যত দিন কর্ম্ম করিতে যায় নাই, কর্ত্তার নিকট ঐ বাদির চুক্তিপত্রের যে নকল থাকে তাহার পৃষ্ঠে সেই দিনের সংখ্যা লিখিবেন, ও ঐ বাদির চুক্তির মিয়াদ আর তত দিন বাড়িয়া যাইবে ইতি।

If complaint is well founded.

133. If, upon inquiry as aforesaid, the inspector is of opinion that the complaint is well-founded, he shall, if himself a magistrate, dispose of the case according to due course of law. If the inspector shall not be a magistrate, he shall without delay send the complainant and his witnesses to the nearest magistrate, and such magistrate shall thereupon dispose of the case according to due course of law.

নালিশ সমূলক হইলে তাহার কথা।

১৩৩ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের অনুসন্ধান হইলে সেই নালিশ সমূলক যদি ইনস্পেকটর সাহেবের এই অভিমত থাকে, তবে তিনি মাজিষ্ট্রেট হইলে আইনের নিয়মিত ধারামতে মোকদ্দমা নিষ্পত্তি করিবেন। তিনি মাজিষ্ট্রেট না হইলে বিলম্ব না করিয়া বাদিকে ও তাহার সাক্ষিদিগকে নিকটস্থ মাজিষ্ট্রেটের নিকটে পাঠাইবেন ও সেই মাজিষ্ট্রেট আইনের নিয়মিত ধারামতে ঐ মোকদ্দমা নিষ্পত্তি করিবেন ইতি।

Recovery of arrears of wages.

134. If, upon the complaint of any laborer, it is proved to the satisfaction of a magistrate that the wages of such laborer are in arrear for two months, it shall be lawful for the magistrate to award to such laborer the amount

